পশ্চিমবঙ্গ পুলিশে সাব-ইন্সপেক্টর প্রিলিমিনারি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর ...পৃঃ ৮

কর্মক্ষেত্র তথ্যভাণ্ডার ...পৃঃ ৫

SKILL BANGLA www.skillbangla.in

# কর্মক্ষেত্র

ISSN 0971-7765

পি এস সি-র মাধ্যমে মিসলেনিয়াস প্রিলিমিনারি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর ...পৃঃ ৮

বর্ষ ৪৭ সংখ্যা ৬ কলকাতা বুধবার, ২৬ আগস্ট ২০২৬/১ বাঙালির কর্মজীবনের প্রবেশপথ ৯ ভাদ্র ১৪৩৩ দাম ৭.০০ টাকা ১২ পাতা R. N. 37120/80

## ইস্ট কোস্ট রেলে ১৫৯৯ ট্রেড অ্যাপ্রেন্টিস

১,৫৯৯ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে ইস্ট কোস্ট রেল। অ্যাপ্রেন্টিসেস অ্যাক্ট, ১৯৬১ অনুসারে এই প্রশিক্ষণ দেওয়া হবে ফিটার, ইলেক্ট্রিশিয়ান, কার্পেন্টার-সহ আইটিআইয়ের বিভিন্ন ট্রেডে, ভুবনেশ্বর, খুর্দা রোড, সম্বলপুর-সহ বিভিন্ন ডিভিশনে। ট্রেনিং চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে। এই প্রশিক্ষণের বিজ্ঞপ্তি নম্বর: ECoR/Pers/RRC/Act Apprentice/2026-27

**ইউনিট অনুসারে আসনসংখ্যা: ক্যারেজ রিপেয়ার ওয়ার্কশপ, মঞ্চেশ্বর, ভুবনেশ্বর:** মেকানিক্যাল: ফিটার ৮০টি। শিট মেটাল ওয়ার্কার ২০টি। ওয়েল্ডার ৩৮টি। মেশিনিস্ট ১২টি। মেকানিক মোটর ভেহিক্যল ১০টি। কার্পেন্টার ৩০টি। পেইন্টার: ১০টি।

ইলেক্ট্রিক্যাল: ইলেক্ট্রিশিয়ান ৩০টি। রেফ্রিজারেশন অ্যান্ড এসি মেকানিক ১০টি। ওয়্যারম্যান ১০টি।

**আরজিডিএ ডিভিশন:** ইঞ্জিনিয়ারিং: ফিটার ৩৬টি। ওয়েল্ডার ৩৮টি। ব্ল্যাকস্মিথ ৩৮টি। প্লাম্বার ১২টি। কার্পেন্টার ১২টি। সারঙ্গ ১৮টি। গ্রাইন্ডার ৩৬টি। ড্রিলার ৩৬টি। ড্রাফটসম্যান (সিভিল) ৫টি। পেইন্টার ৬টি। ম্যাসন ১৮টি। কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট ৬টি।

ইলেক্ট্রিক্যাল: ইলেক্ট্রিশিয়ান ১৪টি। ওয়্যারম্যান ১০টি। ইলেক্ট্রনিক্স মেকানিক ৫টি।

মেডিক্যাল: ল্যাবরেটরি টেকনিশিয়ান (প্যাথোলজি) ২টি।

**খুর্দা রোড ডিভিশন:** ইঞ্জিনিয়ারিং: ফিটার ৫৭টি। ব্ল্যাকস্মিথ ৯৫টি। ওয়েল্ডার ৬৩টি। প্লাম্বার ৪৩টি। ম্যাসন ৮৪টি। ইলেক্ট্রনিক্স মেকানিক (টিএমও) ১২টি। মেকানিক ডিজেল (টিএমও) ১২টি। ব্রিজ ইরেক্টর ৯০টি। ড্রাফটসম্যান (সিভিল) ১৫টি।

সিগনাল অ্যান্ড টেলিকমিউ-নিকেশন: ফিটার ১১টি। ইলেক্ট্রিশিয়ান ১৯টি। ওয়্যারম্যান ১৯টি। ইলেক্ট্রনিক্স মেকানিক ১১টি।

ইলেক্ট্রিক্যাল: ইলেক্ট্রিশিয়ান ৪১টি। রেফ্রিজারেশন অ্যান্ড এসি মেকানিক ১১টি। ইলেক্ট্রনিক্স মেকানিক ৮টি।

মেডিক্যাল: ল্যাবরেটরি টেকনিশিয়ান (প্যাথোলজি) ২টি।

মেকানিক্যাল: ফিটার ১০৪টি। টার্নার ৬টি। ওয়েল্ডার ২৫টি। মেশিনিস্ট ১২টি। কার্পেন্টার ৩১টি। ড্রাফটসম্যান (মেকানিক) ২টি।

*এরপর দুয়ের পাতায়*

## ফুড কর্পোরেশনে ৩৩৫৬৬ শূন্যপদ পূরণের বিষয়টি বিবেচিত হচ্ছে: প্রহ্লাদ জোশী

**নিজস্ব প্রতিনিধি:** ফুড কর্পোরেশন অব ইন্ডিয়ায় বিভিন্ন ক্যাডারে ও বিভিন্ন বিভাগীয় ম্যানেজারের ৩৩,৫৬৬টি পদ খালি রয়েছে। এই শূন্যপদের কথা আগেই 'কর্মক্ষেত্র'-য় জানানো হয়েছিল। মনে করা হচ্ছে শীঘ্রই নিয়োগের প্রক্রিয়া শুরু হবে। সম্প্রতি কেন্দ্রীয় খাদ্য ও গণবন্টন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী প্রহ্লাদ জোশীর তরফে রাজ্যসভার সদস্য ভি শিবদাসনকে লেখা একটি চিঠিতে তেমনই ইঙ্গিত পাওয়া যাচ্ছে।

১৩ মে তারিখে পাঠানো একটি চিঠিতে ভি শিবদাসন ফুড কর্পোরেশনে বিপুল শূন্যপদে জরুরি ভিত্তিতে নিয়োগের দাবি জানিয়েছিলেন মন্ত্রীর কাছে। প্রহ্লাদ জোশী তাঁর জবাবী চিঠিতে (D.O. No. 19-29/2026-FC-1/392700/674) জানিয়েছেন, নিয়োগের বিষয়টি খতিয়ে দেখা হচ্ছে এবং গুরুত্বের সঙ্গে বিবেচনা করা হচ্ছে।

উল্লেখ্য, ফুড কর্পোরেশন অব ইন্ডিয়ায় শূন্যপদ রয়েছে এই সব ক্যাডারে: জেনারেল, অ্যাকাউন্টস, ডিপো, কোয়ালিটি কন্ট্রোল, মুভমেন্ট, ইঞ্জিনিয়ারিং, রাজভাষা, মিসলেনিয়াস। সেই সঙ্গে রয়েছে বিভিন্ন বিভাগের ম্যানেজারের শূন্যপদ। ক্যাডার অনুসারে কমার্স ও বিজ্ঞান-সহ যে-কোনও শাখার গ্র্যাজুয়েট ডিগ্রিধারী এবং ইঞ্জিনিয়াররা আবেদনের যোগ্য।

## আইসিআইসিআই ব্যাঙ্কে অ্যাপ্রেন্টিসশিপ

### গ্র্যাজুয়েটরা আবেদনের যোগ্য

ব্যাচেলর্স ডিগ্রিধারীদের অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে আইসিআইসিআই ব্যাঙ্ক। ব্যাঙ্কিং অপারেশনস, কাস্টমার সার্ভিস ও ফিনান্সিয়াল ম্যানেজমেন্টের প্রশিক্ষণ দেওয়া হবে। দেশ জুড়ে ব্যাঙ্কের শাখাগুলিতে প্রশিক্ষণ আয়োজিত হবে। অ্যাপ্রেন্টিসশিপ অ্যাক্ট, ১৯৬১ অনুসারে প্রশিক্ষণ হবে। প্রশিক্ষণের মেয়াদ ১ বছর। প্রার্থীর বয়স হতে হবে ২৮ বছরের মধ্যে। প্রশিক্ষণের সময় মাসে ১২,৩০০ টাকা করে স্টাইপেন্ড পাওয়া যাবে। প্রশিক্ষিতরা বেসরকারি ব্যাঙ্কগুলিতে চাকরি পাওয়ার ক্ষেত্রে এগিয়ে থাকবেন। আইসিআইসিআই ব্যাঙ্কে চাকরির ক্ষেত্রে প্রশিক্ষিতরা অগ্রাধিকার পাবেন। আগ্রহীরা এখনই আবেদন করতে পারেন এই ওয়েবসাইটের মাধ্যমে: https://www.icicicareers.com/CareerApplicant/Career/job-details/2550803

## ভারত আর্থ মুভার্স লিমিটেডে ১৩৪৬ অ্যাপ্রেন্টিস

১,৩৪৬ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে ভারত আর্থ মুভার্স লিমিটেড। অ্যাপ্রেন্টিসেস অ্যাক্ট ১৯৬১ অনুসারে ১ বছরের প্রশিক্ষণ দেওয়া হবে ইঞ্জিনিয়ারিংয়ের বিভিন্ন শাখা, কমার্স, সায়েন্স, বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন-সহ একাধিক বিষয়ে। এই প্রশিক্ষণের বিজ্ঞপ্তি নম্বর: L&D/01/2026.

আসনসংখ্যার বিবরণ—

ব্যাঙ্গালোর কমপ্লেক্স

টেকনিক্যাল অ্যাপ্রেন্টিস: বি ই/বি টেক: মেকানিক্যাল/অটোমোবাইল ৫১টি। ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ৮টি। ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ২টি। সিভিল ২টি। ইনফর্মেশন সায়েন্স/কম্পিউটার সায়েন্স ও সমতুল শাখা ২০টি।

**জেনারেল: বিবিএ:** ৬টি। **বি কম:** ১২টি। **বিসিএ/বি এসসি:** ১৩টি।

**ডিপ্লোমা:** মেকানিক্যাল ৩৬টি। ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ৪টি।

*এরপর দুয়ের পাতায়*

## ব্যাঙ্ক অব বরোদায় ২৪৮২ লোকাল ব্যাঙ্ক অফিসার

লোকাল ব্যাঙ্ক অফিসার পদে ২,৪৮২ জনকে নেবে ব্যাঙ্ক অব বরোদা। নিয়োগ করা হবে জুনিয়র ম্যানেজমেন্ট গ্রেড স্কেল-ওয়ানে। প্রার্থীকে সংশ্লিষ্ট রাজ্যের স্থানীয় ভাষা বলতে, পড়তে ও লিখতে জানতে হবে। তাই এখানে পশ্চিমবঙ্গের জন্য নির্দিষ্ট মোট ৪২টি শূন্যপদের বিষয়ে জানানো হল। প্রথমে ১ বছরের প্রবেশন। কোনও ব্যাঙ্কে প্রার্থীর ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: BOB/HRM/REC/ADVT/2026/16.

**শূন্যপদের বিবরণ:** পশ্চিমবঙ্গ (বাংলা/নেপালি): ৪২টি (সাধারণ ১৬, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৫, ওবিসি ১১, আর্থিক ভাবে অনগ্রসর ৪)। এর মধ্যে ৩টি শূন্যপদ প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে।

**শিক্ষাগত যোগ্যতা:** অন্তত স্নাতক। আইসি ৩৮ বা এনআইএসএম ৫-এ/২১-এ/১৩ সার্টিফিকেট থাকলে অগ্রাধিকার। বাংলা বা নেপালি ভাষা

*এরপর তিনের পাতায়*

## কেন্দ্রীয় সংস্থায় ১৬২ অ্যাপ্রেন্টিস

বিভিন্ন ট্রেডে ১৬২ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে মেশিন টুল প্রোটোটাইপ ফ্যাক্টরি। এটি কেন্দ্রের প্রতিরক্ষা মন্ত্রকের অধীনস্থ আর্মার্ড ভেহিক্যলস নিগম লিমিটেডের একটি ইউনিট। অ্যাপ্রেন্টিসেস অ্যাক্ট, ১৯৬১ এবং (সংশোধনী) অ্যাক্ট, ১৯৭৩ অনুসারে নন-আইটিআই এবং এক্স-আইটিআই প্রার্থীদের ট্রেনিং দেওয়া হবে। ট্রেনিং

*এরপর তিনের পাতায়*

## এমপ্লয়িজ প্রভিডেন্ট ফান্ড অর্গানাইজেশনে অ্যাসিস্ট্যান্ট প্রভিডেন্ট ফান্ড কমিশনার

অ্যাসিস্ট্যান্ট প্রভিডেন্ট ফান্ড কমিশনার পদে ৮০ জনকে নেবে কেন্দ্রীয় সরকার। নিয়োগ করা হবে কেন্দ্রীয় শ্রম ও কর্মসংস্থান মন্ত্রকের অধীনস্থ এমপ্লয়িজ প্রভিডেন্ট ফান্ড অর্গানাইজেশনে। প্রথমে ১ বছরের প্রবেশন। প্রার্থী বাছাই করবে ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: ৫২/২০২৬।

**শূন্যপদের বিবরণ: ভ্যাকেন্সি নম্বর ২৬০৮৫২০১৭২২:** সাধারণ ২৯, তফসিলি জাতি ১৫, তফসিলি উপজাতি ১০, ওবিসি ১৮, আর্থিক ভাবে অনগ্রসর ৮। এর মধ্যে ৩টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত।

**শিক্ষাগত যোগ্যতা:** স্নাতক বা সমতুল। কোম্পানি ল বা লেবার ল বা পাবলিক অ্যাডমিনিস্ট্রেশনে ডিপ্লোমা থাকলে অগ্রাধিকার।

**বয়স:** ১১-৯-২০২৬ তারিখে ৩৫ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ওবিসি-রা ৩ ও দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন।

*এরপর তিনের পাতায়*

## আকাসা এয়ারে কেবিন ক্রু

বেশ কিছু কেবিন ক্রু নেবে বিমান পরিবহণ সংস্থা আকাসা এয়ার। অন্তত উচ্চ মাধ্যমিক পাশ ফ্রেশার তরুণ-তরুণীরা আবেদন করতে পারেন। অভিজ্ঞরাও আবেদনের যোগ্য। এখন আবেদন করা যাচ্ছে।

প্রার্থীর ভারতীয় পাসপোর্ট থাকতে হবে। **শিক্ষাগত যোগ্যতা:** অন্তত উচ্চ মাধ্যমিক। সাবলীল ভাবে ইংরেজি ও হিন্দি বলতে জানতে হবে। **বয়স:** ১৮ থেকে ২৮ বছরের মধ্যে। অভিজ্ঞ কেবিন ক্রু-রা ৩৫

*এরপর তিনের পাতায়*





**স্বনির্ভরতার সন্ধান**

## পশু-পাখি ও মাছের খাবার তৈরি করে ব্যবসা



**গবাদি পশু, মাছ বা হাঁস-মুরগি প্রতিপালন করতে গেলে সেগুলির জন্য স্বাস্থ্যকর খাবার দরকার। এই খাবারের ব্যবসা বেশ লাভজনক। ছোট জায়গায় মেশিন বসিয়ে উৎপাদন করা যায়। উপাদানগুলিও প্রাকৃতিক এবং সুলভে সংগ্রহযোগ্য।**

**নিজস্ব প্রতিনিধি:** আমাদের রাজ্যে এবং দেশে অসংখ্য মানুষ জীবিকা নির্বাহের জন্য পশুখামার, হাঁস-মুরগির খামার এবং মৎস্যচাষের উপর নির্ভরশীল। পশুপাখি পালন এবং মাছচাষের অন্যতম প্রধান শর্তই হল এদের খাদ্যের নিরবচ্ছিন্ন জোগান। সে জন্যই বাজারে খুবই চাহিদা আছে পশুখাদ্য বা ক্যাটল ফিড, হাঁস-মুরগির খাবার বা পোলট্রি ফিড এবং মাছের খাদ্য বা ফিশফিডের। এই ধরনের ব্যবসা করতে চাইলে স্বল্প পুঁজি নিয়েও শুরু করা যায়। খাদ্য তৈরির জন্য রসদ সহজলভ্য। তবে ব্যবসা শুরু করার জন্য ট্রেড লাইসেন্স প্রয়োজন হবে।

মাছের খাবার ভাসমান। এর জন্য ৩টি মেশিন প্রয়োজন— গ্রাইন্ডার, মিক্সচার এবং দানা তৈরি করার মেশিন। ২ থেকে ৭ ও তার বেশি হর্স পাওয়ারের মেশিন পাওয়া যায়। এর মূল্য আড়াই লক্ষ টাকার মধ্যে। সাধারণত ৩ অশ্বশক্তির

*এরপর দুয়ের পাতায়*

# কর্মক্ষেত্র

## শ্রেণিবদ্ধ বিজ্ঞাপন

### কর্মখালি

**Job Vacancy:** সুপারভাইজার: ৩৫ (B.Tech/ডিপ্লোমা), ITI: ৬৫, হেল্পার: ৮০। কাজের স্থান: কলকাতা/টাটা/ খড়্গপুর বার্নপুর/ পুরুলিয়া। anantaventurebr4@gmail.com. 95700-03755.

□

**অবসরপ্রাপ্ত স্নাতক, 40-70 দের Mngr** পদে Part Time রোজগার Ind Co তে আমার দায়িত্বে। সীমিত সুযোগ। শুধু বিশ্বাস ও ভরসা নিয়ে আসুন। সারথি- 90075-10903.

□

**আপনার জীবনের দ্বিতীয় অধ্যায়কে দিন** সম্পূর্ণ স্বাধীনতা। কাজ করুন এবং আয় করুন সম্মানের সঙ্গে। উচ্চ মর্যাদার, চাপমুক্ত কাজ। M: 86172-60189/ 79801-01938.

□

**MNC needs Retd/ VRS/ গৃহবধূ for** Manager. 26-73y, HS+. Salary + PF + Mediclaim + TA. No Sales No Target. 3hr/3day অফিসিয়াল জব। 98361-62116.

□

**Required one Orthopaedic** Surgeon, for a Charitable Trust (OPD) at North Kolkata. Working hrs. 9AM - 12 Noon (2 days per week). Please apply vide Email - hm@niccogroup.com, and mobile 98361-76328.

□

**দঃ কলিতে হোমিও দোকানে সব রকম** কাজ জানা 80 অনূর্ধ্ব অভিজ্ঞ (পুং) চাই। 99038-15895.

□

**একটি মেডিক্যাল ডিস্ট্রিবিউটর ফার্ম** (কলকাতা), সৎ পরিশ্রমী ব্যক্তি প্রয়োজন। ন্যূনতম-৮ পাস। অভিজ্ঞ- অনভিজ্ঞ উভয়ই যোগাযোগ করুন। বিনামূল্যে দুপুরের খাবার ও থাকার ব্যবস্থা আছে। যোগাযোগ- 84368-80311.

□

### কর্মখালি

**Retired? সরকারি ও বেসরকারি?** সরাসরি নিয়োগ চলছে কলকাতার MNC-তে। 45-68yr, HS+. Fixed Salary + PF + Inc + ESI + Foreign Tour. Asit-99036-32646.

□

**৫-১০ বছরের অভিজ্ঞ, সল্টলেক নিবাসী** ড্রাইভার চাই। M-98312-10960.

□

**Salesman needed for Howrah,** Midnapore, Hooghly & Nadia for lubricants. Mobile: 91636-09926.

□

**অভিজ্ঞতাসম্পন্ন ইংরেজি মিডিয়াম** গ্রাজুয়েট মহিলা/পুরুষ (রিসেপশন ও অফিসের কাজের জন্য) হোমিওপ্যাথিক কোম্পানিতে কর্মী প্রয়োজন। CV হোয়াটসঅ্যাপ করুন: 98310-25321.

□

**আপনি কি রিটায়ার্ড? সময় +** অভিজ্ঞতাকে কাজে লাগিয়ে দঃ কলির প্রখ্যাত ব্যাঙ্কিং গ্রুপে পার্টটাইম ম্যানেজার পোস্টে কাজ করুন। আয় 4L/PA. HS+, 55-65. 94320-01515.

□

**Hiring for Leadership Role:** Retd/ VRS/ Housewife/ Businessman. Age 30-70. Fixed Salary + Incentives + Other Benefits. Call-98303-85475.

□

**60-75yr Retd/ VRS গভঃ/ Bank/** Rly/ Army/ শিক্ষকদের সময় + অভিজ্ঞতায় Top MNC-তে Part Time Mngr work. উচ্চ আয় + বিদেশভ্রমণ + বোনাস + পদোন্নতি। 80131-46254.

□

**অফিসে বসে অভিজ্ঞতা ও যোগাযোগের** দ্বারা জনকল্যানমূলক কাজে নিজেকে প্রতিষ্ঠিত করুন। (35-67, HS+). অবসরপ্রাপ্ত ও গৃহিনীরা অগ্রগণ্য। 62912-03990/ 62954-60095.

□

**Wanted experienced Electronics** Diploma engineer for field service job. Apply to instrumentals2006@ gmail.com

□

### কর্মখালি

**অবসরপ্রাপ্ত - Bank/গভঃ/ Pvt/PSU/** রেল/গৃহবধূ/ কর্মপ্রার্থীদের (30-65, HS+) ভারতের নামী MNC-র Kol অফিসে Manager পদ। Salary + PF + বোনাস। 98311-44909.

□

**কুন্ডু স্পেশ্যাল ট্যুর পরিচালনার জন্য** যোগ্য/অভিজ্ঞ সহকারী ম্যানেজার চাইছে। ১, চিত্তরঞ্জন অ্যাভিঃ স্থিত অফিসে ২৯/৮ এর মধ্যে শুধুমাত্র অফিসের সময় আবেদনপত্র নেওয়া হবে।

□

**Reqd QC with TPI documentation,** Accounts and Fresh Candidate for an Engg. Co. at Kol (S) 98300-52130 / esessp@gmail.com

□

**Direct Employee Hiring for** Leadership Role for VRS/Retd/ Housewife/ Others (HS+, 25-65) No Target/ Sales. Salary + Others. 70441-25658.

□

**REQUIRED for our Digital News** Portal & Newspaper. Send CV (experience and fresher) all departments. To know about vacant posts please call. M & WApp-62974-14118.

□

কর্মক্ষেত্রর আগামী সংখ্যার জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ২৯ অগস্ট দুপুর ২টো পর্যন্ত।

□□□

বিজ্ঞাপন দিতে আগ্রহীরা যোগাযোগ করুন: ৮৯৬১২-৪২৬২৯

### কর্মখালি

**সল্টলেকে সম্ভ্রান্ত পরিবারের বয়স্ক** দম্পতিকে ১) দেখাশোনার জন্য ২) রান্নার জন্য সত্বর দুজন পিছুটানহীন সর্বক্ষণের ২৫-৪০ বয়স্ক মহিলা চাই। M: 98308-80384.

□

**Wanted teachers (Math & English)** for an English Medium School at Sakherbazar Behala. 82407-78896/ 79800-83175/ 79803-85909.

□

**স্বগৃহে Project E-Book দেখে হাতে** লিখে/ ফর্ম ফিলাপ করে/ Comp, ল্যাপটপ/ডেটা এন্ট্রি, স্মার্ট ফোনে টাইপ করে PART TIME প্রতি সপ্তাহে আয়ের সুযোগ 85858-19609.

□

**ইলেকট্রিক স্কুটির শোরুমে ছেলে ও মেয়ে** চাই, মেকানিক ও সেলস-এর কাজের জন্য লেকটাউন জয়া সিনেমা হলের পাশে। 98318-88888/ 98300-28319/ 98300-76142.

□

**Required Front- Office Executive** Shusrusha- Kankurgachi, Kolkata-54. M- 98306-91184.

□

**(1) উকিল (35L) (2) ব্যবসা/প্রকাশনা/** mktg./PRO অভিজ্ঞ (3) Ac/Comp./ Law + Outdoor Asst. (Hazra -Podra বাসী)। 85858-92443/91230-78306.

**DISCLAIMER**
**SWARNAKSHAR PRAKASANI PVT. LTD.**
**assumes no responsibility for the authenticity or reliability of any advertisement published in this newspaper. The advertisements carried in the newspaper are accepted on good faith.**

### পাঠকের প্রতি

**কোনও বেসরকারি প্রতিষ্ঠানের বিজ্ঞাপনের উত্তরে আবেদন বা সাক্ষাৎ করার সময় কোনওরকম টাকা চাওয়া হলে সেই টাকা দেওয়া সম্পূর্ণ ন্যায়সঙ্গত কিনা সেবিষয়ে পুরোপুরি নিশ্চিত না হয়ে টাকা দেবেন না। যে-কোনও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার আগে সংস্থাটির যাবতীয় স্বীকৃতিপত্র যাচাই করে নেওয়া সঙ্গত। বিজ্ঞাপনদাতারা কোনও প্রতিশ্রুতি পালনে ব্যর্থ হলে তার জন্য প্রকাশক, মুদ্রক, সম্পাদক এবং স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর মালিকপক্ষকে কোনওভাবেই দায়ী করা যাবে না।**

# ইস্ট কোস্ট রেলে ১৫৯৯ ট্রেড অ্যাপ্রেন্টিস

*প্রথম পাতার পর*

**সম্বলপুর ডিভিশন:** ইঞ্জিনিয়ারিং: ফিটার ৪৪টি। ওয়েল্ডার ৪টি। ইঞ্জিনিয়ারিং ব্ল্যাকস্মিথ ৩২টি। কার্পেন্টার ২৭টি। প্লাম্বার ২৭টি। সারঙ্গ ৪টি। পেইন্টার ২৭টি। ম্যাসন ১৮টি। ইলেক্ট্রনিক্স মেকানিক (টিএমও) ৬টি। মেকানিক ডিজেল (টিএমও) ৬টি।

সিগনাল অ্যান্ড টেলিকমিউনিকেশন: ফিটার ৫টি। ইলেক্ট্রিশিয়ান ১০টি। ওয়্যারম্যান ১০টি। ইলেক্ট্রনিক্স মেকানিক ৫টি।

ইলেকট্রিক্যাল: ইলেক্ট্রিশিয়ান ৫টি।

মেকানিক্যাল: ফিটার ৩০টি।

মেডিক্যাল: ল্যাবরেটরি টেকনিশিয়ান (প্যাথোলজি): ২টি।

**হেড কোয়ার্টার, ভুবনেশ্বর:** কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট: ১০টি। সেক্রেটারিয়াল অ্যাসিস্ট্যান্ট (স্টেনোগ্রাফি) ১০টি।

মেডিক্যাল: ল্যাবরেটরি টেকনিশিয়ান (প্যাথোলজি) ২টি।

সরকারি নিয়মানুসারে তফসিলি, ওবিসি, আর্থিক ভাবে অনগ্রসর, প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের জন্য আসন সংরক্ষিত হবে।

**শিক্ষাগত যোগ্যতা:** অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ মাধ্যমিক, সঙ্গে স্বীকৃত প্রতিষ্ঠান থেকে সংশ্লিষ্ট ট্রেডে আইটিআই কোর্স পাশ।

**বয়স:** ১৫-৯-২০২৬ তারিখে ১৫ থেকে ২৪ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ওবিসিরা ৩, দৈহিক প্রতিবন্ধী প্রার্থীরা ১০ বছর এবং প্রাক্তন সমরকর্মীরা সরকারি নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে মেধার ভিত্তিতে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.rrcbbs.org.in আবেদনের শেষ তারিখ ১৫ সেপ্টেম্বর। প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। মনে রাখবেন, অনলাইন আবেদনের সময় প্রার্থীর স্ক্যান করা রঙিন ফটো (জেপিজি বা জেপিইজি ফর্ম্যাটে ২০-৭০ কেবি সাইজের মধ্যে), সই (জেপিজি বা জেপিইজি ফর্ম্যাটে ২০-৩০ কেবি সাইজের মধ্যে), বয়স ও শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্র, ন্যাশনাল ট্রেড সার্টিফিকেট, প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট এবং ওবিসি সার্টিফিকেট, আর্থিক ভাবে অনগ্রসর ও প্রতিবন্ধীদের ক্ষেত্রে যথাযথ সার্টিফিকেট, প্রাক্তন সমরকর্মীদের ক্ষেত্রে যথাযথ সার্টিফিকেট আপলোড করতে হবে। তিন মাসের বেশি পুরনো ফটো চলবে না।

ফি বাবদ অনলাইন দিতে হবে ১০০ টাকা। তফসিলি, দৈহিক প্রতিবন্ধী এবং মহিলা প্রার্থীদের ফি লাগবে না। ফি জমা দেওয়া যাবে ডেবিট বা ক্রেডিট কার্ড বা ইউপিআই বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে।

অনলাইন আবেদনপত্র যথাযথ ভাবে পূরণ করে সাবমিটের পর পূরণ করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# ১৩৪৬ অ্যাপ্রেন্টিস

*প্রথম পাতার পর*

ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ৪টি। সিভিল ২টি। ইনফর্মেশন সায়েন্স/কম্পিউটার সায়েন্স ও সমতুল শাখা ১০টি।

**ট্রেড অ্যাপ্রেন্টিস:** কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট ১২টি। ইলেক্ট্রিশিয়ান ৪৫টি। ফিটার ১২৩টি। মেশিনিস্ট ৬টি। মেকানিক ডিজেল ৩টি। টার্নার ৫টি। ওয়েল্ডার ৩৬টি।

**মাইসোর কমপ্লেক্স**

**টেকনিক্যাল অ্যাপ্রেন্টিস: বি ই/ বি টেক:** মেকানিক্যাল ১২টি। ইন্ডাস্ট্রিয়াল প্রোডাকশন ৭টি। অটোমোবাইল ২টি। ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ৮টি। ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ৭টি। সিভিল ২টি। ইনফর্মেশন সায়েন্স/ কম্পিউটার সায়েন্স ও সমতুল শাখা ১০টি। আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স অ্যান্ড মেশিন লার্নিং ২টি। অ্যারোনটিক্যাল ২টি।

**জেনারেল: বিবিএ: ৫টি। বি এ: ৩টি। বি কম ১টি। বিসিএ ৪টি।**

**ডিপ্লোমা:** মেকানিক্যাল ৪টি। অটোমোবাইল ৪টি। ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ৪টি। ইনফর্মেশন সায়েন্স/কম্পিউটার সায়েন্স ও সমতুল শাখা ১টি।

**ট্রেড অ্যাপ্রেন্টিস:** কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট ৬টি। ইলেক্ট্রিশিয়ান ২৩টি। ইলেক্ট্রনিক অ্যান্ড মেকানিক ২টি। ফিটার ৫৬টি। মেশিনিস্ট ৩টি। মেকানিক অটো-ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ৫টি। মেকানিক ডিজেল ৯টি। মেকানিক মোটর ভেহিক্যাল ১১টি। টার্নার ১৩টি। ওয়েল্ডার ২১টি।

**কেজিএফ কমপ্লেক্স**

**টেকনিক্যাল অ্যাপ্রেন্টিস: বি ই/বি টেক:** মেকানিক্যাল ২৫টি। অটোমোবাইল ৪টি। সিভিল ৩টি। ইনফর্মেশন সায়েন্স/কম্পিউটার সায়েন্স ও সমতুল শাখা ২০টি। ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ৩টি। ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ৩টি।

**ডিপ্লোমা:** মেকানিক্যাল ২১টি। অটোমোবাইল ৩টি। ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ৫টি। ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ২টি। সিভিল ২টি। ইনফর্মেশন সায়েন্স/কম্পিউটার সায়েন্স ও সমতুল শাখা ১০টি।

**ট্রেড অ্যাপ্রেন্টিস:** কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট ৪৫টি। ইলেক্ট্রিশিয়ান ৩৫টি। মেকানিক ডিজেল ১৫টি। ফিটার ১৩৫টি। মেশিনিস্ট ৫৫টি। টুল অ্যান্ড ডাই মেকিং ৭টি। কার্পেন্টার ২০টি। টার্নার ৯৫টি। ওয়েল্ডার ৮৫টি।

**পালাক্কর কমপ্লেক্স**

**টেকনিক্যাল অ্যাপ্রেন্টিস: বি ই/বি টেক:** মেকানিক্যাল/অটোমোবাইল ১২টি। ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ২টি। ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ১টি।

**জেনারেল: বিবিএ: ৫টি। বি কম ৭টি। বিসিএ/বি এসসি (আইটি) ৫টি।**

**ডিপ্লোমা:** মেকানিক্যাল ৮টি। ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ২টি। ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ১টি। সিভিল ১টি। ইনফর্মেশন সায়েন্স/কম্পিউটার সায়েন্স ও সমতুল শাখা ১টি।

**ট্রেড অ্যাপ্রেন্টিস:** কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট ১১টি। ইলেক্ট্রিশিয়ান ১১টি। ফিটার ২৮টি। প্লাম্বার ৩টি। মেকানিক মোটর ভেহিক্যাল ২টি। কার্পেন্টার ৩টি। ওয়েল্ডার ৬টি। শিট মেটাল ওয়ার্কার ২টি।

শিক্ষাগত যোগ্যতা: ইঞ্জিনিয়ারিং শাখার ক্ষেত্রে ৪ বছরের বি ই বা বি টেক বা ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশ। জেনারেল শাখার ক্ষেত্রে সংশ্লিষ্ট শাখায় ৩ বছরের স্নাতক। ট্রেড অ্যাপ্রেন্টিসের ক্ষেত্রে সংশ্লিষ্ট ট্রেডে ২ বছরের (প্রযোজ্য ক্ষেত্রে ১ বছরের) আইটিআই কোর্স পাশ।

৮-৯-২০২৬ তারিখ অনুসারে ৩ বছরের আগে যোগ্যতামান নির্ণায়ক পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকলে, কোনও সংস্থায় অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং নিয়ে থাকলে আবেদন করবেন না।

বয়স: ৮-৯-২০২৬ তারিখে অন্তত ১৭ বছরের হতে হবে।

স্টাইপেন্ড: স্নাতকদের ক্ষেত্রে প্রতি মাসে ১২,৩০০ টাকা, ডিপ্লোমা পাশ প্রার্থীদের ক্ষেত্রে প্রতি মাসে ১০,৯০০ টাকা, আইটিআই পাশ প্রার্থীদের ক্ষেত্রে প্রতি মাসে ট্রেড অনুযায়ী ৯,৬০০ ও ১০,৫৬০ টাকা।

প্রথমে প্রার্থীকে অ্যাপ্রেন্টিস হিসেবে রেজিস্ট্রেশন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: আইটিআইয়ের ক্ষেত্রে www.apprenticeshipindia.gov.in, স্নাতক ও ডিপ্লোমা পাশ প্রার্থীদের ক্ষেত্রে https://nats.education.gov.in এরপর সংশ্লিষ্ট সংস্থায় অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিংয়ের জন্য আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://recruitment.bemlindia.in আবেদনের শেষ তারিখ ৮ সেপ্টেম্বর। আবেদনের সময় প্রার্থীর বয়স ও শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্র, প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট এবং ওবিসি সার্টিফিকেট, ক্যান্সেলড চেক বা পাসবুকের প্রথম পৃষ্ঠা, রঙিন পাসপোর্ট মাপের ফটো, সই এবং সচিত্র পরিচয়পত্র স্ক্যান করে আপলোড করতে হবে।

অনলাইন আবেদনপত্র যথাযথ ভাবে পূরণ করবেন। সাবমিট করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.bemlindia.in

# পশু-পাখি ও মাছের খাবার তৈরি করে ব্যবসা

*প্রথম পাতার পর*

মেশিন ঘণ্টায় ৬০-৭০ কেজি মাছের খাদ্য তৈরি করে। মাছের খাদ্য তৈরির মেশিনের সঙ্গে মিক্সচার ও ওজন করার মেশিন কিনলে গবাদি পশুর খাদ্যও তৈরি করা যাবে। এ ক্ষেত্রে ১০ কেজি খাবার মেশাতে হলে ২০ কেজি আয়তনের পাত্রযুক্ত মিক্সচার মেশিন প্রয়োজন। অর্থাৎ যতটা খাবার মেশানোর প্রয়োজন, তার দু' গুণ বড় পাত্র দরকার। না হলে খাবার ছিটকে বাইরে পড়বে। মিক্সচার মেশিনের দাম ৪০ হাজার টাকা এবং ওজন করার মেশিনের দাম চার হাজার টাকা। হাঁস-মুরগির খাবার তৈরির মেশিনের দাম পড়বে দেড় লক্ষ টাকা।



পশুখাদ্য, হাঁস-মুরগির খাবার ও মাছের খাদ্য তৈরি করার জন্য যে-রসদ প্রয়োজন তা সর্বত্র সহজে পাওয়া যায়। পশুখাদ্যের জন্য প্রয়োজন লতাপাতা, খড়, সবজির খোসা ইত্যাদি। হাঁস-মুরগির খাবারের জন্য প্রয়োজন ভুট্টা, জোয়ার, বাজরা, গম ইত্যাদি শস্যদানা। মাছের খাবার তৈরি হয় এক ধরনের পাউডার ও তেল মিশ্রণ করে। হাইব্রিড ফলনের জন্য অনেকেই এই ধরনের খাবারের সঙ্গে মিশিয়ে দেন ভিটামিন ট্যাবলেট বা নানা ধরনের কেমিক্যাল। তবে ইদানীং অনেক খামারের মালিকই জৈব উপায়ে বা অর্গ্যানিক পদ্ধতিতে পশু-পাখি ও মাছ পালন করতে চাইছেন। এর চাহিদা বেশি, দামও ভালো পাওয়া যায়। অর্গ্যানিক খাদ্য তৈরি করতে হলে কোনও রকম কেমিক্যাল বা ওষুধ মেশানো যাবে না। এই মেশিনগুলির সুবিধা হল, একই মেশিনে কেমিক্যাল মিশ্রিত এবং অর্গ্যানিক দু' ধরনের খাবার তৈরি করা যাবে।

**মেশিন কোথায় পাবেন:** ভারত মেশিন টুলস ইন্ডাস্ট্রি, ৬১, গণেশচন্দ্র অ্যাভিনিউ, কলকাতা-৭০০ ০১৩, ফোন: ৯৪৩২৪-২২০৮৬।

# পলিউশন কন্ট্রোল বোর্ডে সায়েন্টিস্ট, সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট, ডেটা এন্ট্রি অপারেটর, ফিল্ড অ্যাসিস্ট্যান্ট

বিভিন্ন পদে ৪৫ জন কর্মী নেবে সেন্ট্রাল পলিউশন কন্ট্রোল বোর্ড। এটি কেন্দ্রের এনভায়রনমেন্ট, ফরেস্ট অ্যান্ড ক্লাইমেট চেঞ্জ মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। প্রাথমিক ভাবে ১ বছরের চুক্তিতে নিয়োগ করা হবে। প্রয়োজন অনুসারে চুক্তির মেয়াদ বৃদ্ধি পাবে। প্রার্থীদের নিয়োগ করা হবে 'নমামি গঙ্গে' প্রকল্পে, কলকাতা, লখনউ, চণ্ডীগড় বা দিল্লিতে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 02/ WQM-II/2025-Admin.(R).

**শূন্যপদের বিবরণ: সায়েন্টিস্ট-সি:** ৮টি। **শিক্ষাগত যোগ্যতা:** এনভায়রনমেন্টাল সায়েন্স বা ন্যাচারাল সায়েন্সে প্রথম শ্রেণির নম্বর-সহ স্নাতকোত্তর ডিগ্রি। অথবা এনভায়রনমেন্টাল বা কেমিক্যাল বা সিভিল বা এনার্জি অ্যান্ড এনভায়রনমেন্ট বা বায়োটেকনোলজিতে প্রথম শ্রেণির নম্বর-সহ বি ই বা বি টেক। সেই সঙ্গে ইউজিসি স্বীকৃত জার্নালে অন্তত ৭টি গবেষণাপত্র প্রকাশিত হতে হবে বা আইএসবিএন নম্বর-সহ ৩টি বই সম্পাদনা করে থাকতে হবে বা সেন্ট্রাল বা স্টেট পলিউশন কন্ট্রোল বোর্ড কর্তৃক অন্তত ৩টি টেকনিক্যাল রিপোর্ট প্রকাশিত হতে হবে। এ ছাড়া সংশ্লিষ্ট ক্ষেত্রে ৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। **বয়স:** ৪৫ বছরের মধ্যে হতে হবে। **বেতন:** নির্দিষ্ট মাসিক ১,৪৮,৯৯৭ টাকা।

**সায়েন্টিস্ট-বি:** ১২টি। **শিক্ষাগত যোগ্যতা:** এনভায়রনমেন্টাল সায়েন্স বা ন্যাচারাল সায়েন্সে প্রথম শ্রেণির নম্বর-সহ স্নাতকোত্তর ডিগ্রি। অথবা এনভায়রনমেন্টাল বা কেমিক্যাল বা সিভিল বা এনার্জি অ্যান্ড এনভায়রনমেন্ট বা বায়োটেকনোলজিতে প্রথম শ্রেণির নম্বর-সহ বি ই বা বি টেক। সেই সঙ্গে গেট পরীক্ষায় অন্তত ৯০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে বা নেট-জিআরএফ উত্তীর্ণ হয়ে থাকতে হবে। এ ছাড়া সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। **বয়স:** ৩৫ বছরের মধ্যে হতে হবে। **বেতন:** নির্দিষ্ট মাসিক ১,২৫,৩৮০ টাকা।

**সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট:** ১৩টি। **শিক্ষাগত যোগ্যতা:** এনভায়রনমেন্টাল সায়েন্স বা ন্যাচারাল সায়েন্সে প্রথম শ্রেণির নম্বর-সহ স্নাতকোত্তর ডিগ্রি। অথবা এনভায়রনমেন্টাল বা কেমিক্যাল বা সিভিল বা এনার্জি অ্যান্ড এনভায়রনমেন্ট বা বায়োটেকনোলজিতে প্রথম শ্রেণির নম্বর-সহ বি ই বা বি টেক। সেই সঙ্গে গেট পরীক্ষায় অন্তত ৯০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে বা নেট-জিআরএফ উত্তীর্ণ হয়ে থাকতে হবে। **বয়স:** ৩৫ বছরের মধ্যে হতে হবে। **বেতন:** নির্দিষ্ট মাসিক ৭৭,৬৫৪ টাকা।

**ডেটা এন্ট্রি অপারেটর:** ৪টি। **শিক্ষাগত যোগ্যতা:** প্রথম শ্রেণির নম্বর-সহ বি এসসি বা বিসিএ। সেই সঙ্গে এমএস অফিস (ওয়ার্ড, এক্সেল, পাওয়ার পয়েন্ট)বিষয়ে জানতে হবে। পাশাপাশি, ইংরেজিতে মিনিটে ৪৫টি শব্দ বা হিন্দিতে মিনিটে ৩৫টি শব্দ টাইপ করার দক্ষতা থাকা বাধ্যতামূলক। **বয়স:** ৩২ বছরের মধ্যে হতে হবে। **বেতন:** নির্দিষ্ট মাসিক ৫৭,৪৯৮ টাকা।

**ফিল্ড অ্যাসিস্ট্যান্ট:** ৮টি। **শিক্ষাগত যোগ্যতা:** অন্তত ৫৫ শতাংশ নম্বর-সহ উচ্চ মাধ্যমিক। সেই সঙ্গে জল বা বর্জ্যজলের নমুনা সংগ্রহ ও সংরক্ষণের কাজ জানতে হবে। **বয়স:** ২৭ বছরের মধ্যে হতে হবে। **বেতন:** নির্দিষ্ট মাসিক ৩৮,৭৪১ টাকা। প্রার্থী বাছাই করা হবে ইন্টারভিউয়ের মাধ্যমে। অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.cpcb.gov.in প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ৭ সেপ্টেম্বর পর্যন্ত। অনলাইন দরখাস্তের সময় প্রার্থীর পাসপোর্ট মাপের রঙিন ফটো, সই-সহ প্রয়োজনীয় যাবতীয় নথিপত্র আপলোড করতে হবে। খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# কোচিন শিপইয়ার্ডে ৬০ ট্রেনি শিপ ড্রাফটসম্যান

মেকানিক্যাল ও ইলেক্ট্রিক্যাল শাখায় ৬০ জন শিপ ড্রাফটসম্যান ট্রেনি নেবে কোচিন শিপইয়ার্ড লিমিটেড। এটি কেন্দ্রের বন্দর, জাহাজ পরিবহণ ও জলপথ মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। প্রথমে ২ বছরের ট্রেনিং। ট্রেনিং চলাকালীন স্টাইপেন্ড পাওয়া যাবে। ট্রেনিং শেষে সফল প্রার্থীদের দক্ষতা ও সংস্থার প্রয়োজন অনুসারে ৫ বছরের চুক্তিতে নিয়োগের সম্ভাবনা আছে। এই ট্রেনিংয়ের বিজ্ঞপ্তি নম্বর: CSL/P&A/RECTT/TRAINEES/GENERAL/ 2023/1.

**শাখা অনুসারে আসনসংখ্যার বিন্যাস: মেকানিক্যাল:** ৪৭টি (সাধারণ ২৮, তফসিলি জাতি ৫, ওবিসি ১০, আর্থিক ভাবে অনগ্রসর ৪)। **ইলেক্ট্রিক্যাল:** ১৩টি (সাধারণ ৮, তফসিলি উপজাতি ১, ওবিসি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক পাশ। সেই সঙ্গে স্বীকৃত প্রতিষ্ঠান থেকে অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ মেকানিক্যাল বা ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ৩ বছরের ডিপ্লোমা। ড্রাফটসম্যানশিপ ও কম্পিউটার এইডেড ডিজাইনিংয়ে দক্ষতা থাকতে হবে।

**বয়স:** ৪-৯-২০২৬ তারিখে ২৫ বছরের মধ্যে হতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে বয়সে ছাড় পাবেন।

**স্টাইপেন্ড:** ট্রেনিং চলাকালীন প্রথম বছরে মাসিক ১৪,০০০ টাকা এবং দ্বিতীয় বছরে মাসিক ২০,০০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে ১০০ নম্বরের প্র্যাকটিক্যাল টেস্টের মাধ্যমে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.cochinshipyard.in প্রথমে ওয়ান টাইম রেজিস্ট্রেশন করতে হবে। প্রার্থীর চালু ই-মেল আইডি ও মোবাইল নম্বর থাকতে হবে। আবেদন করা যাবে ৪ সেপ্টেম্বর পর্যন্ত। আবেদনের সময় প্রার্থীর সম্প্রতি তোলা রঙিন পাসপোর্ট মাপের ফটো, বয়স ও শিক্ষাগত যোগ্যতার প্রমাণপত্র, কাস্ট সার্টিফিকেট (প্রযোজ্য ক্ষেত্রে)-সহ যাবতীয় প্রয়োজনীয় নথিপত্র স্ক্যান করে আপলোড করতে হবে। আবেদনপত্র যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করবেন।

আবেদনের ফি বাবদ দিতে হবে ৩০০ টাকা (ব্যাঙ্ক চার্জ অতিরিক্ত)। ফি জমা দেওয়া যাবে ক্রেডিট কার্ড বা ডেবিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। তফসিলি প্রার্থীদের ফি দিতে হবে না। আবেদনপত্র সাবমিটের পর ফি রিসিট-সহ পূরণ করা আবেদনপত্রের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। প্রিন্ট আউট কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# আকাসা এয়ারে কেবিন ক্রু

*প্রথম পাতার পর*

বছরের মধ্যে বয়স থাকলে আবেদন করতে পারেন। **দৈহিক উচ্চতা:** মহিলা প্রার্থীদের ক্ষেত্রে অন্তত ১৫৫ সেমি, পুরুষদের ক্ষেত্রে ১৬৭.৫ সেমি। উচ্চতা অনুসারে ওজন হতে হবে। **বডি মাস ইন্ডেক্স:** মহিলাদের ক্ষেত্রে ১৮ থেকে ২৩ ও পুরুষদের ক্ষেত্রে ১৮ থেকে ২৫-এর মধ্যে।

প্রথমে রেজিস্ট্রেশন ও তার পরে অনলাইন আবেদন করবেন এই ওয়েবসাইটের মাধ্যমে: https://careers-akasa.peoplestrong.com/job/joblist

# স্কলারশিপের খোঁজখবর

## কোটাক কন্যা স্কলারশিপ ২০২৬-২৭

ইঞ্জিনিয়ারিং, মেডিসিন, আর্কিটেকচার, ডিজাইনিং, ইন্টিগ্রেটেড ল-সহ অন্যান্য পেশাদারি বিষয়ের কোর্সের প্রথম বর্ষে পাঠরত মেধাবী ও আর্থিকভাবে অনগ্রসর ছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে কোটাক এডুকেশন ফাউন্ডেশন। বার্ষিক পারিবারিক আয় হতে হবে ৬ লাখ টাকার নীচে।

**আবেদনের যোগ্যতা:** মোট অন্তত ৭৫ শতাংশ নম্বর-সহ উচ্চমাধ্যমিক পাশ এবং উপরোক্ত যে-কোনও একটি কোর্সে ভর্তি হয়ে থাকতে হবে।

**স্কলারশিপের পরিমাণ:** বছর প্রতি সর্বাধিক দেড় লাখ টাকা। স্কলারশিপ শর্তসাপেক্ষে প্রতি বছর নবীকরণ করা হবে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.b4s.in/ karma/KKGS5 আবেদনের শেষ তারিখ ৩১ অগস্ট।

## উজ্জীবন স্মল ফিনান্স ব্যাঙ্ক ট্রান্সজেন্ডার স্কলারশিপ প্রোগ্রাম ২০২৬

নবম থেকে দ্বাদশ শ্রেণি, স্নাতক, স্নাতকোত্তর কোর্সে পাঠরত ট্রান্সজেন্ডার ছাত্রছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে উজ্জীবন স্মল ফিনান্স ব্যাঙ্ক লিমিটেড। বার্ষিক পারিবারিক আয় হতে হবে ১০ লাখ টাকার নীচে।

**আবেদনের যোগ্যতা:** দশম বা দ্বাদশ শ্রেণিতে মোট অন্তত ৩৫ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে।

**স্কলারশিপের পরিমাণ:** এককালীন সর্বাধিক ৪০,০০০ টাকা।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.b4s.in/ karma/USFB2 আবেদনের শেষ তারিখ ৩১ অগস্ট।

## রমন কান্ত মুঞ্জল স্কলারশিপ প্রোগ্রাম ২০২৬-২৭

বি বি এ, বি এফ আই এ, বি কম, বি এম এস, আই পি এম, বি এ (ইকনমিক্স), বি বি এস বা সমতুল বিষয়ের স্নাতক কোর্সের প্রথম বর্ষে পাঠরত মেধাবী ছাত্রছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে রমনকান্ত মুঞ্জল ফাউন্ডেশন। বার্ষিক পারিবারিক আয় হতে হবে ৬ লাখ টাকার নীচে।

**আবেদনের যোগ্যতা:** মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকে মোট অন্তত ৮০ শতাংশ (প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৭০ শতাংশ) নম্বর পেয়ে থাকতে হবে।

**স্কলারশিপের পরিমাণ:** বছর প্রতি ৪০,০০০-৫,৫০,০০০ টাকা। স্কলারশিপের মেয়াদ ৩ বছর।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.b4s.in/ karma/RKMSP6

আবেদন করা যাবে ৩১ অগস্ট পর্যন্ত।

## রিলায়েন্স ফাউন্ডেশন আন্ডার-গ্র্যাজুয়েট স্কলারশিপ ২০২৬-২৭

২০২৬-২৭ শিক্ষাবর্ষে যে-কোনও শাখার ডিগ্রি কোর্সের প্রথম বর্ষে পাঠরতদের স্কলারশিপ দিচ্ছে রিলায়েন্স ফাউন্ডেশন। বার্ষিক পারিবারিক আয় হতে হবে ১৫ লাখ টাকার নীচে।

**আবেদনের যোগ্যতা:** মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ উচ্চমাধ্যমিক পাশ।

**স্টাইপেন্ড:** সর্বাধিক ২ লাখ টাকা।

আবেদন করতে হবে অনলাইনে। আবেদনের শেষ তারিখ ৫ অক্টোবর। বিশদ তথ্যের জন্য দেখুন এই লিংকটি: www.b4s.in/karma/RFS14

(*তথ্য সহায়তা:* buddy4study)

# কোকা-কোলায় ইন্টার্নশিপ

ইন্টার্নশিপের জন্য আবেদন করা যাচ্ছে হিন্দুস্তান কোকা-কোলা বেভারেজেসে। এই সংস্থা ভারতে কোকা-কোলা-সহ বিভিন্ন নরম পানীয় উৎপাদন ও বিপণন করে থাকে। কারা আবেদন করতে পারবেন, তা নিয়ে সংস্থার তরফে বিশদে কিছু জানানো হয়নি। তবে একটি ডিসক্লোজার ফর্ম পূরণ করতে বলা হয়েছে। এই ফর্মে প্রার্থী দেশের কোন শহরে ইন্টার্নশিপ করতে ইচ্ছুক, প্রার্থীর অন্য কোথাও চাকরি করার অভিজ্ঞতা রয়েছে কিনা, প্রার্থীর হিন্দুস্তান কোকা-কোলা বেভারেজেসের প্রতিদ্বন্দ্বী কোনও সংস্থায় চাকরি করার অভিজ্ঞতা রয়েছে কিনা, এই সব প্রশ্নের উত্তর দিতে হবে। অনলাইন ফর্ম পূরণ করে সাবমিট করতে হবে।

আগ্রহীরা যত দ্রুত সম্ভব ফর্ম পূরণ করে সাবমিট করবেন। ডিসক্লোজার ফর্ম পাবেন এই ওয়েবসাইটে: https://www.hccb.in/disclosure-form

# ১৬২ অ্যাপ্রেন্টিস

*প্রথম পাতার পর*

চলাকালীন স্টাইপেন্ড পাওয়া যাবে।

**নন-আইটিআই: ফিটার:** ১৫টি। **টার্নার:** ২১টি। **মেশিনিস্ট:** ২৭টি। **মেকানিক মেশিন টুল মেইন্টেন্যান্স:** ২০টি।

**এক্স-আইটিআই: ফিটার:** ১৫টি। **টার্নার:** ২০টি। **মেশিনিস্ট:** ২৭টি। **ইলেক্ট্রিশিয়ান:** ৭টি। **ইলেক্ট্রনিক্স:** ৬টি। **ওয়েল্ডার (জি অ্যান্ড ই):** ৪টি।

**বয়স:** ১১-৯-২০২৬ তারিখে ১৫ থেকে ২৪ বছরের মধ্যে হতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**স্টাইপেন্ড:** নন-আইটিআই প্রার্থীদের ক্ষেত্রে প্রথম ও দ্বিতীয় বর্ষে নির্দিষ্ট মাসিক ১২,৬০০ টাকা ও ১৪,৪০০ টাকা। এক্স-আইটিআই প্রার্থীদের মধ্যে ২ বছরের আইটিআই কোর্স পাশ প্রার্থীরা পাবেন নির্দিষ্ট মাসিক ১৬,২০০ টাকা এবং ১ বছরের আইটিআই কোর্স পাশ প্রার্থীরা পাবেন নির্দিষ্ট মাসিক ১৪,৪০০ টাকা। দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: https://avnl.co.in

১১ সেপ্টেম্বরের মধ্যে দরখাস্ত পৌঁছতে হবে এই ঠিকানায়: The Chief General Manager, Machine Tool Prototype Factory, Ordnance Estate, Ambarnath, Dist.-Thane, Maharashtra, Pin Code - 421502.

বিশদ বিজ্ঞপ্তি এখনও প্রকাশিত হয়নি। আগ্রহীরা নজর রাখুন উপরোক্ত ওয়েবসাইটে।

# এমপ্লয়িজ প্রভিডেন্ট ফান্ড অর্গানাইজেশনে অ্যাসিস্ট্যান্ট প্রভিডেন্ট ফান্ড কমিশনার

*প্রথম পাতার পর*

**বেতনক্রম:** সপ্তম বেতন কমিশনের লেভেল-১০ অনুসারে।

প্রাথমিক ভাবে মেধার ভিত্তিতে বাছাই করা প্রার্থীদের নির্বাচিত করা হবে ইন্টারভিউয়ের মাধ্যমে।

অনলাইন দরখাস্ত করা যাবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https:// upsconline.nic.in/ora/ দরখাস্তের শেষ তারিখ ১১ সেপ্টেম্বর। প্রার্থীর চালু ই-মেল আইডি ও মোবাইল নম্বর থাকতে হবে। দরখাস্তের সময় প্রার্থীর তাৎক্ষণিক ছবি (লাইভ ফটো), স্ক্যান করা ফটো, সই-সহ প্রয়োজনীয় যাবতীয় নথিপত্র আপলোড করতে হবে।

দরখাস্তের ফি বাবদ অনলাইন দিতে হবে ২৫ টাকা। ফি দেওয়া যাবে ডেবিট বা ক্রেডিট কার্ড বা ইউপিআই বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। ফি জমা দিয়ে পাওয়া ই-রিসিটের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। মহিলা, তফসিলি ও প্রতিবন্ধী প্রার্থীদের ফি লাগবে না।

দরখাস্ত যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করবেন। সাবমিট করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.upsc.gov.in

# ব্যাঙ্ক অব বরোদায় ২৪৮২

*প্রথম পাতার পর*

বলতে, পড়তে ও লিখতে জানতে হবে। কোনও ব্যাঙ্কে ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। **বয়স:** ১-৮-২০২৬ তারিখে ২১ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**বেতনক্রম:** ৪৮,৪৮০-৮৫,৯২০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে অনলাইন পরীক্ষা, সাইকোমেট্রিক টেস্ট, লোকাল ল্যাঙ্গুয়েজ টেস্ট ও ইন্টারভিউয়ের মাধ্যমে। এ রাজ্যের পরীক্ষাকেন্দ্র— হুগলি, কল্যাণী, কলকাতা, শিলিগুড়ি, দুর্গাপুর, আসানসোল ও বর্ধমান। অনলাইন পরীক্ষায় ১২০ নম্বরের প্রশ্ন হবে এই সব বিষয়ে: ইংলিশ, ব্যাঙ্কিং নলেজ, জেনারেল/ইকনমিক অ্যাওয়্যারনেস, রিজনিং এবিলিটি অ্যান্ড কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড। সময় ২ ঘণ্টা। নেগেটিভ মার্কিং আছে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.bankofbaroda.bank.in আবেদনের শেষ তারিখ ৭ সেপ্টেম্বর। দরখাস্তের সময় প্রার্থীর স্ক্যান করা ফটো, সই, বাঁ-হাতের বুড়ো আঙুলের ছাপ ও নিজের হাতে নির্দিষ্ট বয়ানে লেখা ডিক্লারেশন আপলোড করতে হবে।

দরখাস্তের ফি বাবদ অনলাইন দিতে হবে ৮৫০ টাকা (মহিলা, তফসিলি, প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের ক্ষেত্রে ১৭৫ টাকা)। ফি জমা দেওয়া যাবে ডেবিট বা ক্রেডিট কার্ড, ইন্টারনেট ব্যাঙ্কিং বা ইউপিআইয়ের মাধ্যমে। ফি দিয়ে পাওয়া ই-রিসিটের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন।

অনলাইন দরখাস্ত যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করবেন। সাবমিট করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। প্রিন্ট আউট কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

এখনও আবেদন করতে পারেন

# দেশ জুড়ে রেলে ৩৯৯৩

## জুনিয়র ইঞ্জিনিয়ার ও ডিপো মেটেরিয়াল সুপারিন্টেন্ডেন্ট

জুনিয়র ইঞ্জিনিয়ার এবং ডিপো মেটেরিয়াল সুপারিন্টেন্ডেন্ট পদে দেশ জুড়ে ৩,৯৯৩ জন কর্মী নিয়োগ করবে ভারতীয় রেল। নিয়োগ করা হবে কলকাতা, মালদা, শিলিগুড়ি-সহ মোট ২১টি রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের (আরআরবি) মাধ্যমে। এই নিয়োগের সেন্ট্রালাইজড এমপ্লয়মেন্ট নোটিস নম্বর: ০৪/২০২৬।

**আরআরবি অনুসারে শূন্যপদের বিন্যাস: কলকাতা:** জুনিয়র ইঞ্জিনিয়ার: ৩৮৬টি, ডিপো মেটেরিয়াল সুপারিন্টেন্ডেন্ট: ৭১টি। **মালদা:** জুনিয়র ইঞ্জিনিয়ার: ৩০টি। **শিলিগুড়ি:** জুনিয়র ইঞ্জিনিয়ার: ৯২টি। **আহমেদাবাদ:** জুনিয়র ইঞ্জিনিয়ার: ১২৫টি, ডিপো মেটেরিয়াল সুপারিন্টেন্ডেন্ট: ১৮টি। **আজমের:** জুনিয়র ইঞ্জিনিয়ার: ২৪২টি, ডিপো মেটেরিয়াল সুপারিন্টেন্ডেন্ট: ১০টি। **ব্যাঙ্গালোর:** জুনিয়র ইঞ্জিনিয়ার: ২৭৭টি, ডিপো মেটেরিয়াল সুপারিন্টেন্ডেন্ট: ২১টি। **ভোপাল:** জুনিয়র ইঞ্জিনিয়ার: ১০৭টি, ডিপো মেটেরিয়াল সুপারিন্টেন্ডেন্ট: ৬টি। **ভুবনেশ্বর:** জুনিয়র ইঞ্জিনিয়ার: ৭৯টি, ডিপো মেটেরিয়াল সুপারিন্টেন্ডেন্ট: ৭টি। **বিলাসপুর:** জুনিয়র ইঞ্জিনিয়ার: ১১৬টি, ডিপো মেটেরিয়াল সুপারিন্টেন্ডেন্ট: ৮টি। **চণ্ডীগড়:** জুনিয়র ইঞ্জিনিয়ার: ১৬৮টি, ডিপো মেটেরিয়াল সুপারিন্টেন্ডেন্ট: ১৫টি। **চেন্নাই:** জুনিয়র ইঞ্জিনিয়ার: ৩২৬টি, ডিপো মেটেরিয়াল সুপারিন্টেন্ডেন্ট: ৩৬টি। **গোরখপুর:** জুনিয়র ইঞ্জিনিয়ার: ১৮৮টি, ডিপো মেটেরিয়াল সুপারিন্টেন্ডেন্ট: ১০টি। **গুয়াহাটি:** জুনিয়র ইঞ্জিনিয়ার: ৩০৪টি, ডিপো মেটেরিয়াল সুপারিন্টেন্ডেন্ট: ২৫টি। **জম্মু-শ্রীনগর:** জুনিয়র ইঞ্জিনিয়ার: ১৩২টি, ডিপো মেটেরিয়াল সুপারিন্টেন্ডেন্ট: ২০টি। **মুম্বই:** জুনিয়র ইঞ্জিনিয়ার: ৩৮৯টি, ডিপো মেটেরিয়াল সুপারিন্টেন্ডেন্ট: ২২টি। **মুজফ্ফরপুর:** জুনিয়র ইঞ্জিনিয়ার: ১৭টি। **পটনা:** জুনিয়র ইঞ্জিনিয়ার: ৩৮টি, ডিপো মেটেরিয়াল সুপারিন্টেন্ডেন্ট: ৩৫টি। **প্রয়াগরাজ:** জুনিয়র ইঞ্জিনিয়ার: ৩৩১টি, ডিপো মেটেরিয়াল সুপারিন্টেন্ডেন্ট: ৯টি। **রাঁচি:** জুনিয়র ইঞ্জিনিয়ার: ১২২টি। **সেকেন্দ্রাবাদ:** জুনিয়র ইঞ্জিনিয়ার: ৯৯টি, ডিপো মেটেরিয়াল সুপারিন্টেন্ডেন্ট: ১১টি। **তিরুবনন্তপুরম:** জুনিয়র ইঞ্জিনিয়ার: ১০১টি।

**শিক্ষাগত যোগ্যতা:** জুনিয়র ইঞ্জিনিয়ার মেকানিক্যাল শাখার ক্ষেত্রে মেকানিক্যাল বা ইলেক্ট্রিক্যাল বা ইলেক্ট্রনিক্স বা প্রোডাকশন বা অটোমোবাইল বা ম্যানুফ্যাকচারিং বা মেকাট্রনিক্স বা ইন্ডাস্ট্রিয়াল বা মেশিনিং বা টুলস অ্যান্ড মেশিনিং বা টুলস অ্যান্ড ডাই মেকিং ইঞ্জিনিয়ারিংয়ে ৩ বছরের ডিপ্লোমা। অথবা কম্বিনেশনে পড়ে থাকলেও আবেদন করা যাবে। ইলেক্ট্রিক্যাল শাখার ক্ষেত্রে ইলেক্ট্রিক্যাল বা মেকানিক্যাল বা ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ে ৩ বছরের ডিপ্লোমা। অথবা কম্বিনেশনে পড়ে থাকলেও আবেদন করা যাবে। সিভিল শাখার ক্ষেত্রে সিভিল ইঞ্জিনিয়ারিংয়ে ৩ বছরের ডিপ্লোমা বা বি এসসি ডিগ্রি। অথবা কম্বিনেশনে পড়ে থাকলেও আবেদন করা যাবে। ট্র্যাক মেশিন শাখার ক্ষেত্রে মেকানিক্যাল বা প্রোডাকশন বা অটোমোবাইল বা ইলেক্ট্রিক্যাল বা ইলেক্ট্রনিক্স বা ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল ইঞ্জিনিয়ারিংয়ে ৩ বছরের ডিপ্লোমা। অথবা কম্বিনেশনে পড়ে থাকলেও আবেদন করা যাবে। ডিজেল মেকানিক্যাল শাখার ক্ষেত্রে মেকানিক্যাল বা ইলেক্ট্রিক্যাল বা ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ে ৩ বছরের ডিপ্লোমা। অথবা কম্বিনেশনে পড়ে থাকলেও আবেদন করা যাবে। সিগন্যাল অ্যান্ড টেলিকমিউনিকেশন শাখার ক্ষেত্রে ইলেক্ট্রিক্যাল বা ইলেক্ট্রনিক্স বা ইনফর্মেশন টেকনোলজি বা কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বা কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বা কম্পিউটার সায়েন্স বা কম্পিউটার ইঞ্জিনিয়ারিংয়ে ৩ বছরের ডিপ্লোমা। অথবা কম্বিনেশনে পড়ে থাকলেও আবেদন করা যাবে।

ডিপো মেটেরিয়াল সুপারিন্টেন্ডেন্ট পদের ক্ষেত্রে যে-কোনও ইঞ্জিনিয়ারিং শাখায় ৩ বছরের ডিপ্লোমা।

**মেডিক্যাল স্ট্যান্ডার্ড:** জুনিয়র ইঞ্জিনিয়ার পদের ক্ষেত্রে বিভিন্ন শাখা অনুযায়ী সি-ওয়ান, এ-থ্রি, বি-ওয়ান, বি-টু। ডিপো মেটেরিয়াল সুপারিন্টেন্ডেন্ট পদের ক্ষেত্রে সি-ওয়ান।

**বয়স:** ১-১-২০২৭ তারিখে ১৮ থেকে ৩৩ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ওবিসি-রা ৩ ও দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন। বিধবা, ডিভোর্সি, আইনত স্বামীবিচ্ছিন্নারা পুনরায় বিবাহ করে না থাকলে ৩৫ বছর পর্যন্ত বয়স গ্রাহ্য হবে।

**শুরুতে বেতন:** ৩৫,৪০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে দু'পর্যায়ের কম্পিউটার-ভিত্তিক পরীক্ষা, নথিপত্র যাচাই ও ডাক্তারি পরীক্ষার মাধ্যমে। প্রথম পর্যায়ের কম্পিউটার-ভিত্তিক পরীক্ষায় থাকবে জেনারেল অ্যাওয়ারনেস (১৫ নম্বর), ম্যাথমেটিক্স (৩০ নম্বর), জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং (২৫ নম্বর) ও জেনারেল সায়েন্স (৩০ নম্বর) বিষয়ে প্রশ্ন। সময় দেড় ঘণ্টা। দ্বিতীয় পর্যায়ের কম্পিউটার-ভিত্তিক পরীক্ষায় থাকবে জেনারেল অ্যাওয়ারনেস (১৫ নম্বর), ফিজিক্স অ্যান্ড কেমিস্ট্রি (১৫ নম্বর), কম্পিউটারস অ্যান্ড অ্যাপ্লিকেশনস (১০ নম্বর), এনভায়রনমেন্ট অ্যান্ড পলিউশন কন্ট্রোল (১০ নম্বর) এবং টেকনিক্যাল এবিলিটিজ (১০০ নম্বর) বিষয়ে প্রশ্ন। সময় ২ ঘণ্টা। উভয় ক্ষেত্রেই নেগেটিভ মার্কিং আছে।

অনলাইন দরখাস্ত করতে হবে প্রার্থী যে-আরআরবি-র শূন্যপদে আবেদন করবেন, তার নির্দিষ্ট ওয়েবসাইটের মাধ্যমে। যে-কোনও একটি আরআরবি-র শূন্যপদে আবেদন করবেন। পশ্চিমবঙ্গের আরআরবি-র ওয়েবসাইটগুলি হল: www.rrbkolkata.gov.in (কলকাতা), www.rrbmalda.gov.in (মালদা), www.rrbsiliguri.gov.in (শিলিগুড়ি)।

**অনলাইন দরখাস্ত করা যাবে ১৩ সেপ্টেম্বর পর্যন্ত।** অনলাইন দরখাস্তের সময় সরাসরি ফটো তুলতে হবে। এ ছাড়া কালো কালিতে করা সই (৩০-৪৯ কেবি সাইজের মধ্যে) ও প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট সার্টিফিকেট স্ক্যান করে আপলোড করতে হবে।

দরখাস্তের ফি বাবদ অনলাইন দিতে হবে ৫০০ টাকা। মহিলা, তফসিলি, সংখ্যালঘু, ট্রান্সজেন্ডার, আর্থিক ভাবে অনগ্রসর, দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের ক্ষেত্রে ফি ২৫০ টাকা। প্রথম পর্যায়ের কম্পিউটার-ভিত্তিক পরীক্ষায় অংশ নিলে ব্যাঙ্ক চার্জ বাদ দিয়ে যথাক্রমে ৪০০ টাকা এবং ২৫০ টাকা ফেরত পাওয়া যাবে। ডেবিট কার্ড বা ক্রেডিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিং বা ইউপিআইয়ের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে।

**ফি জমা দেওয়ার শেষ তারিখ ১৫ সেপ্টেম্বর।**

দরখাস্ত সংশোধন করা যাবে ১৬ থেকে ২৫ সেপ্টেম্বর পর্যন্ত।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: https://rrb.indianrailways.gov.in/

# স্টেট ব্যাঙ্কে ৭৬৮০

## জুনিয়র অ্যাসোসিয়েট

জুনিয়র অ্যাসোসিয়েট (কাস্টমার সাপোর্ট অ্যান্ড সেলস) পদে ৭,৬৮০ জনকে নেবে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়া। ক্লারিক্যাল ক্যাডারে নিয়োগ করা হবে দেশ জুড়ে বিভিন্ন সার্কলে। ৬ মাসের প্রবেশন। পশ্চিমবঙ্গে একাধিক পরীক্ষাকেন্দ্র আছে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: CRPD/CR/2026-27/17

যে-রাজ্যের শূন্যপদে আবেদন করবেন, প্রার্থীকে সে-রাজ্যের স্থানীয় ভাষা জানতে হবে। তাই এখানে পশ্চিমবঙ্গের জন্য নির্দিষ্ট ৫৫৫টি শূন্যপদের বিষয়ে জানানো হল।

**শূন্যপদের বিন্যাস:** সাধারণ ২২৪, তফসিলি জাতি ১২৭, তফসিলি উপজাতি ২৭, ওবিসি ১২২, আর্থিক ভাবে অনগ্রসর ৫৫। এর মধ্যে দৈহিক প্রতিবন্ধীদের জন্য ২৩টি, প্রাক্তন সমরকর্মীদের জন্য ৫৫টি এবং দৈহিক প্রতিবন্ধী-প্রাক্তন সমরকর্মীদের জন্য ২৪টি শূন্যপদ সংরক্ষিত হবে।

**শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও শাখায় স্নাতক। ফাইনাল ইয়ারের প্রার্থীরাও আবেদন করতে পারেন, তবে সে ক্ষেত্রে ৩১-১২-২০২৬ তারিখের মধ্যে পাশ করে ও সার্টিফিকেট পেয়ে থাকতে হবে। ইন্টিগ্রেটেড ডুয়াল ডিগ্রিধারী প্রার্থীরাও শর্তসাপেক্ষে আবেদনের যোগ্য।

**বয়স:** ১-৪-২০২৬ তারিখে ২০ থেকে ২৮ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ওবিসিরা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের, বিধবা, বিবাহবিচ্ছিন্না ও আইনত স্বামীবিচ্ছিন্নারা পুনরায় বিবাহ না করে থাকলে ৭ বছরের এবং প্রাক্তন সমরকর্মীরা সরকারি নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**বেতনক্রম:** ২৪,০৫০-৬৪,৪৮০ টাকা। সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা।

প্রার্থী বাছাই করা হবে দু' পর্যায়ের (প্রিলিমিনারি ও মেন) অনলাইন পরীক্ষা ও ভাষাগত দক্ষতা যাচাইয়ের মাধ্যমে। পশ্চিমবঙ্গের (স্টেট কোড ৪৫) পরীক্ষাকেন্দ্রগুলি হল: কলকাতা, আসানসোল, দুর্গাপুর, হুগলি, কল্যাণী, বর্ধমান ও শিলিগুড়ি। প্রিলিমিনারি পরীক্ষা সেপ্টেম্বরে। মেন পরীক্ষা নভেম্বরে।

প্রিলিমিনারি পরীক্ষায় অবজেক্টিভ ধরনের প্রশ্ন থাকবে ইংলিশ ল্যাঙ্গুয়েজ (৩০ নম্বর), নিউমেরিক্যাল এবিলিটি (৩৫ নম্বর), রিজনিং এবিলিটি (৩৫ নম্বর) বিষয়ে। বিষয় প্রতি সময়সীমা ২০ মিনিট। মেন পরীক্ষায় অবজেক্টিভ ধরনের প্রশ্ন হবে জেনারেল/ফিনান্সিয়াল অ্যাওয়ারনেস (৫০ নম্বর), জেনারেল ইংলিশ (৪০ নম্বর), কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড (৫০ নম্বর), রিজনিং এবিলিটি অ্যান্ড কম্পিউটার অ্যাপ্টিটিউড (৬০ নম্বর) বিষয়ে। মোট সময়সীমা ২ ঘণ্টা ৪০ মিনিট। উভয় ক্ষেত্রেই নেগেটিভ মার্কিং আছে। এরপর থাকবে ৫০ নম্বরের লোকাল ল্যাঙ্গুয়েজ প্রফিশিয়েন্সি টেস্ট।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://sbi.bank.in/web/careers/current-openings প্রার্থীর চালু ই-মেল আইডি ও মোবাইল নম্বর থাকতে হবে। অনলাইন দরখাস্তের শেষ তারিখ ৩১ অগস্ট। দরখাস্ত যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করবেন। সাবমিটের পর রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড পাওয়া যাবে। এগুলি যত্ন করে লিখে রাখবেন। অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রার্থীর জেপিজি বা জেপেগ ফর্ম্যাটে স্ক্যান করা পাসপোর্ট মাপের রঙিন ফটো (২০০×২৩০ পিক্সেলে ২০-৫০ কেবি সাইজের মধ্যে), সই (১৪০×৬০ পিক্সেলে ১০-২০ কেবি সাইজের মধ্যে), বাঁ-হাতের বুড়ো আঙুলের ছাপ (২৪০×২৪০ পিক্সেলে ২০-৫০ কেবি সাইজের মধ্যে) এবং হাতে লেখা ডিক্লারেশন (৮০০×৪০০ পিক্সেলে ৫০-১০০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে। ফি বাবদ দিতে হবে ৭৫০ টাকা। তফসিলি, দৈহিক প্রতিবন্ধী, প্রাক্তন সমরকর্মী এবং দৈহিক প্রতিবন্ধী-প্রাক্তন সমরকর্মীদের কোনও ফি লাগবে না। অনলাইনে ক্রেডিট কার্ড বা ডেবিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে ফি জমা দিতে হবে। ফি জমা দেওয়ার পর ই-রিসিট-সহ পূরণ করা দরখাস্তের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এগুলি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন, পরে প্রয়োজন হবে।

কী শিখবেন, কোথায় শিখবেন

## দাবা প্রশিক্ষকের অনলাইন ট্রেনিং

**নিজস্ব প্রতিনিধি:** মানসিক দক্ষতার বিকাশে দাবা খেলা বড় ভূমিকা নেয় বলে বহু অভিভাবক তাঁদের সন্তানদের ছোট বয়স থেকেই দাবা খেলার প্রশিক্ষণ দিতে চান। সাম্প্রতিক সময়ে দাবা খেলা শেখানোর স্কুলের সংখ্যা বেড়েছে এবং দক্ষ দাবা-শিক্ষক বা চেস কোচের চাহিদাও তৈরি হয়েছে। সাধারণত স্কুলে, অনলাইন ক্লাসে এবং ব্যক্তিগত কোচিংয়ে বেসিক থেকে অ্যাডভান্সড লেভেলের দাবা খেলা শেখানো হয়।

দাবার প্রশিক্ষক হতে চাইলে প্রয়োজন শিক্ষক-শিক্ষণের। প্রশিক্ষণ দিচ্ছে বিরাটি চেস অ্যাকাডেমি। এই প্রতিষ্ঠানটি ভারত সরকারের এমএসএমই দপ্তর কর্তৃক স্বীকৃত। বিরাটি চেস অ্যাকাডেমিতে দাবা শিক্ষকের প্রশিক্ষণ শুরু হবে ৬ সেপ্টেম্বর। অনলাইন প্রশিক্ষণ। ফলে চাকুরিরত এবং দূরের জেলা ও রাজ্যের আগ্রহী প্রার্থীরাও এই কোর্সটি করতে পারবেন। প্রশিক্ষণ শেষে দেওয়া হবে সার্টিফিকেট। আগ্রহীরা আবেদন করতে পারেন এখনই।

**শিক্ষাগত যোগ্যতা:** অন্তত মাধ্যমিক পাশ।

**বয়স:** কোনও বিধিনিষেধ নেই।

**কোর্সের মেয়াদ:** চার মাস।

**ক্লাসের সময়:** প্রতি রবিবার, রাত ৮টা।

**কোর্স ফি:** ৪,৫০০ টাকা।

**আবেদনের শেষ তারিখ:** ৫ সেপ্টেম্বর।

**আবেদন করার পদ্ধতি:** ফোন বা হোয়াটসঅ্যাপ করবেন এই নম্বরে: ৯৮৩৬৬-১৪৬০৮। আবেদনের জন্য গুগল ফর্মের লিঙ্ক পাঠানো হবে প্রার্থীর হোয়াটসঅ্যাপ নম্বরে। বিস্তারিত জানতে দেখুন বিরাটি চেস অ্যাকাডেমির এই ব্লগ: https://biratichessacademy.blogspot.com

## সাংবাদিকতার সার্টিফিকেট কোর্স

**নিজস্ব প্রতিনিধি:** সাংবাদিকতার স্বল্প সময়ের কোর্স পড়াবে কল্যাণী বিশ্ববিদ্যালয়। অনলাইন কোর্স। তবে প্র্যাক্টিক্যাল ও কোর্স শেষে পরীক্ষা হবে অফলাইন। আগ্রহীরা আবেদন করতে পারেন এখনই।

**কোর্সের নাম:** সার্টিফিকেট কোর্স অব জার্নালিজম।

**শিক্ষাগত যোগ্যতা:** অন্তত উচ্চ মাধ্যমিক বা সমতুল পাশ। **কোর্সের মেয়াদ:** ৬ মাস। **আসনসংখ্যা:** ৯৫। **রেজিস্ট্রেশন ফি:** ২,৫০০ টাকা।

আবেদন করার পদ্ধতি ও অন্যান্য খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন বিশ্ববিদ্যালয়ের এই ওয়েবসাইট: https://klyuniv.ac.in/

## ইনকাম ট্যাক্সে খেলোয়াড়

বিভিন্ন বিভাগে ৮৫ জন খেলোয়াড় নেবে ইনকাম ট্যাক্স। স্টেনোগ্রাফার গ্রেড টু, ট্যাক্স অ্যাসিস্ট্যান্ট ও মাল্টি-টাস্কিং স্টাফ পদে নিয়োগ করা হবে পুনের আয়কর ভবনে। প্রথমে ২ বছরের প্রবেশন। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: Pr.CCIT/Pune/SRC/Notification.2026-27.

**শূন্যপদের বিন্যাস:** স্টেনোগ্রাফার গ্রেড-টু ৬টি। ট্যাক্স অ্যাসিস্ট্যান্ট ৪০টি। মাল্টি-টাস্কিং স্টাফ ৩৯টি।

**ক্রীড়াক্ষেত্র অনুসারে শূন্যপদের বিন্যাস: অ্যাথলেটিক্স:** পুরুষ ১০টি, মহিলা ১০টি। **ব্যাডমিন্টন:** পুরুষ ১টি, মহিলা ১টি। **বাস্কেটবল:** মহিলা ৫টি। **বক্সিং:** পুরুষ ১টি, মহিলা ১টি। **ব্রিজ:** পুরুষ ২টি, মহিলা ২টি। **ক্যারম:** পুরুষ ১টি, মহিলা ১টি। **চেস:** পুরুষ ১টি, মহিলা ১টি। **ক্রিকেট:** পুরুষ ৬টি। **হকি:** পুরুষ ৫টি। **কবাডি:** পুরুষ ৬টি। **প্যারাস্পোর্টস:** পুরুষ ৩টি, মহিলা ২টি। **সুইমিং:** পুরুষ ১টি, মহিলা ১টি। **টেবল টেনিস:** পুরুষ ২টি, মহিলা ২টি। **টেনিস:** পুরুষ ১টি, মহিলা ১টি। **ভলিবল:** পুরুষ ৬টি, মহিলা ৬টি। **রেসলিং:** পুরুষ ২টি, মহিলা ২টি। **যোগাসন:** পুরুষ ১টি, মহিলা ১টি।

**শিক্ষাগত যোগ্যতা:** স্টেনোগ্রাফার পদের ক্ষেত্রে উচ্চ মাধ্যমিক। সেই সঙ্গে মিনিটে ৮০টি শব্দের গতিতে ১০ মিনিট ধরে নেওয়া ডিক্টেশন হিন্দিতে মিনিটে ৬৫টি শব্দ এবং ইংরেজিতে মিনিটে ৫০টি শব্দের গতিতে কম্পিউটারে টাইপ করতে হবে।

ট্যাক্স অ্যাসিস্ট্যান্টের ক্ষেত্রে স্নাতক। সেই সঙ্গে ডেটা এন্ট্রি স্কিল হিসেবে ঘণ্টায় ৮,০০০ কি ডিপ্রেশনের দক্ষতা থাকতে হবে।

মাল্টি-টাস্কিং স্টাফের ক্ষেত্রে মাধ্যমিক।

**খেলাধুলার যোগ্যতা:** আন্তর্জাতিক ক্রীড়া প্রতিযোগিতায় দেশের প্রতিনিধিত্ব করে থাকতে হবে। অথবা কেন্দ্রীয় সরকার বা ইন্ডিয়ান অলিম্পিক্স অ্যাসোসিয়েশন আয়োজিত জুনিয়র বা সিনিয়র স্তরের জাতীয় ক্রীড়া প্রতিযোগিতায় রাজ্যের প্রতিনিধিত্ব করে অন্তত তৃতীয় স্থান অর্জন করে থাকতে হবে। সিনিয়র স্তরে পদক পেয়ে থাকলে অগ্রাধিকার। অথবা আন্তঃবিশ্ববিদ্যালয় ক্রীড়া প্রতিযোগিতা বা খেলো ইন্ডিয়া ইউনিভার্সিটি গেমসে অন্তত তৃতীয় স্থান অর্জন করে থাকতে হবে। অথবা খেলো ইন্ডিয়া ইয়ুথ গেমস বা খেলো ইন্ডিয়া উইন্টার গেমস বা খেলো ইন্ডিয়া প্যারা গেমসে রাজ্যের প্রতিনিধিত্ব করে অন্তত তৃতীয় স্থান অর্জন করে থাকতে হবে। অথবা স্কুল ক্রীড়া প্রতিযোগিতায় অন্তত তৃতীয় স্থান অর্জন করতে হবে।

**বয়স:** ১-১-২০২৬ তারিখে স্টেনোগ্রাফার ও ট্যাক্স অ্যাসিস্ট্যান্টের ক্ষেত্রে ১৮ থেকে ২৭ বছর এবং মাল্টি-টাস্কিং স্টাফ পদের ক্ষেত্রে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে। নিয়মানুসারে বয়সের ছাড় পাওয়া যাবে।

**বেতনক্রম:** স্টেনোগ্রাফার ও ট্যাক্স অ্যাসিস্ট্যান্ট পদের ক্ষেত্রে ২৫,৫০০-৮১,১০০ টাকা। মাল্টি-টাস্কিং স্টাফ পদের ক্ষেত্রে ১৮,০০০-৫৬,৯০০ টাকা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://www.itsportsrecruitmentpune.com/ প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ১৫ সেপ্টেম্বর পর্যন্ত। অনলাইন দরখাস্তের সময় প্রার্থীর প্রয়োজনীয় যাবতীয় নথিপত্র স্ক্যান করে আপলোড করতে হবে।

অনলাইনে দরখাস্তের ফি বাবদ দিতে হবে ২০০ টাকা।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: https://www.incometaxindia.gov.in

কর্মক্ষেত্র তথ্যভাণ্ডার

যে-কোনও চাকরির পরীক্ষার প্রস্তুতিতে অপরিহার্য বিবিধ তথ্য।

আগের পর্বের পর

# গ্রামীণ স্বায়ত্তশাসন ব্যবস্থা (Rural Self Government)

## গ্রাম পঞ্চায়েত (Gram Panchayat)

### বিশেষ ক্ষমতা

গ্রাম পঞ্চায়েত কয়েকটি বিশেষ ক্ষমতা ভোগ করে, যথা—

✓কোনও জনস্বার্থ-বিষয়ক উদ্দেশ্য সিদ্ধির জন্য একাধিক গ্রাম পঞ্চায়েত যুক্ত কমিটি গঠন করতে এবং প্রয়োজনীয় নিয়মাবলি প্রণয়ন করতে পারে।

✓গ্রাম পঞ্চায়েতের সম্মতিক্রমে জেলা পরিষদ যে কোনও কাজের দায়িত্ব গ্রাম পঞ্চায়েতের হাতে অর্পণ করতে পারে। এরূপ ক্ষেত্রে সংশ্লিষ্ট গ্রাম পঞ্চায়েত ও জেলা পরিষদ যৌথভাবে প্রয়োজনীয় নিয়মাবলি তৈরি করে।

✓রাজ্য-সরকার যে-কোনও সরকারি ভূ-সম্পত্তির আংশিক বা সম্পূর্ণ পরিচালনার দায়িত্ব গ্রাম পঞ্চায়েতের হাতে অর্পণ করতে পারে।

✓গ্রাম পঞ্চায়েত প্রস্তাব গ্রহণের মাধ্যমে যে-কোনও সদস্য বা সব সদস্যের হাতে যে-কোনও দায়িত্ব ও ক্ষমতা অর্পণ করতে পারে।

### আয়ের উৎস

গ্রাম পঞ্চায়েতের আয়ের প্রধান প্রধান উৎস হল—

✓কেন্দ্রীয় বা রাজ্য-সরকার কর্তৃক প্রদত্ত আর্থিক সাহায্য বা অনুদান।

✓জেলা পরিষদ, পঞ্চায়েত সমিতি বা অন্য কোনও স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনুদান ও সাহায্য।

✓কেন্দ্রীয় বা রাজ্য-সরকার কর্তৃক প্রদত্ত ঋণ।

✓পঞ্চায়েত কর্তৃক আরোপিত কর, শুল্ক, মাশুল, যানবাহন থেকে আয়।

✓গ্রাম পঞ্চায়েত এলাকায় অবস্থিত এবং ওই পঞ্চায়েত কর্তৃক নিয়ন্ত্রিত কোনও বিদ্যালয়, হাসপাতাল, ঘরবাড়ি, প্রতিষ্ঠান অথবা কলকারখানা থেকে প্রাপ্ত সর্বপ্রকার আয়।

✓কোনও দান থেকে সংগৃহীত অর্থ

✓গ্রাম পঞ্চায়েতের আইন অনুযায়ী আদায়ীকৃত জরিমানা, অর্থদণ্ড ইত্যাদি।

### ন্যায় পঞ্চায়েতের গঠন ও কার্যাবলি

ভারতের অখণ্ড বিচারব্যবস্থার সর্বনিম্ন স্তরে ন্যায় পঞ্চায়েতের অবস্থান। ১৯৭৩ সালের পঞ্চায়েত আইনে বলা হয়েছে যে, পশ্চিমবঙ্গ সরকার ঘোষণার মাধ্যমে কোনো গ্রাম পঞ্চায়েতকে ন্যায় পঞ্চায়েত স্থাপন করার অনুমতি দিলেই সংশ্লিষ্ট গ্রাম পঞ্চায়েত নিজ এলাকায় ন্যায় পঞ্চায়েত স্থাপন করতে পারবে। সাধারণত ৫ জন সদস্য নিয়ে ন্যায় পঞ্চায়েত গঠিত হয়। ন্যায় পঞ্চায়েতের সদস্যরা 'বিচারক' হিসাবে বিবেচিত হন। তাঁরা গ্রাম পঞ্চায়েত দ্বারা নির্বাচিত হন। গ্রাম পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি, জেলা পরিষদ বা পৌরসভার নির্বাচিত কোনো সদস্য ন্যায় পঞ্চায়েতের সদস্য হতে পারেন না। বিচারকগণ নিজেদের মধ্য থেকে একজনকে প্রধান বিচারক হিসেবে নির্বাচন করেন। ন্যায় পঞ্চায়েতের সভায় সভাপতি হিসেবে তিনি কাজ করেন। বিচারকদের কার্যকালের মেয়াদ সাধারণত পাঁচ বছর। কোনও বিচারসভায় অন্তত তিন জন বিচারপতি উপস্থিত না থাকলে বিচারকার্য চলতে পারে না। ন্যায় পঞ্চায়েত দেওয়ানি ও ফৌজদারি মামলার বিচার করতে পারে। ২৫০ টাকা কিংবা তার কম পরিমাণ অর্থ জড়িত আছে এমন সব মামলা ন্যায় পঞ্চায়েতের দেওয়ানি মামলার অন্তর্ভুক্ত। (i) চুক্তি বাবদ প্রাপ্য অর্থ আদায়ের জন্য মামলা; (ii) অস্থাবর সম্পত্তি বা অনুরূপ সম্পত্তির মূল্য ফেরত পাওয়ার জন্য মামলা; (iii) অস্থাবর সম্পত্তি অবৈধভাবে গ্রহণ কিংবা তার ক্ষতিপূরণের জন্য মামলা এবং (iv) গবাদিপশুর অবৈধ প্রবেশের দরুণ ক্ষতিপূরণের জন্য মামলা ন্যায় পঞ্চায়েতের দেওয়ানি এলাকার মধ্যে পড়ে। দেওয়ানি মামলার ক্ষেত্রে ন্যায় পঞ্চায়েতের রায়ই চূড়ান্ত বলে বিবেচিত হয়।

আবার, ভারতীয় দণ্ডবিধি সহ অন্যান্য আইন বা সেগুলির অধীন নিয়মাবলি বা উপবিধি অনুসারে যে সব অপরাধের জন্য সর্বাধিক ৫০ টাকা পর্যন্ত জরিমানা হতে পারে, সেইসব মামলা; খেয়াঘাট আইনের (১৮৮৫) ২৮ ও ৩০ নং ধারা ছাড়া অন্যান্য ধারায় নির্দিষ্ট অপরাধ সংক্রান্ত মামলা ন্যায় পঞ্চায়েতের ফৌজদারি এলাকার মধ্যে পড়ে। তবে ন্যায় পঞ্চায়েত কোনো অপরাধের জন্য কোনো ব্যক্তিকে সশ্রম কিংবা বিনাশ্রম কারাদণ্ডে দণ্ডিত করতে পারে না। প্রসঙ্গত, অদ্যবধি পশ্চিমবঙ্গ সরকার ন্যায় পঞ্চায়েত প্রতিষ্ঠার জন্য কোনো গ্রাম পঞ্চায়েতকে অনুমতি দেয়নি।

## পঞ্চায়েত সমিতি (Panchayat Samiti)

### গঠন

পঞ্চায়েত ব্যবস্থার দ্বিতীয় স্তরে পঞ্চায়েত সমিতির অবস্থান। প্রতিটি ব্লকে একটি করে পঞ্চায়েত সমিতি থাকে। কয়েকটি গ্রাম পঞ্চায়েত নিয়ে একটি ব্লক গঠিত হয়। রাজ্য সরকার ব্লকের নাম অনুসারে পঞ্চায়েত সমিতির নামকরণ করে। যাঁদের নিয়ে পঞ্চায়েত সমিতি গঠিত হয়, তাঁরা হলেন—

❐ ব্লকের অন্তর্গত গ্রাম পঞ্চায়েতের প্রধানগণ (পদাধিকারবলে)।

❐ ব্লকের অন্তর্গত প্রতিটি গ্রাম থেকে নির্বাচকমণ্ডলী কর্তৃক নির্বাচিত অনধিক ৩ জন সদস্য।

❐ ব্লক বা তার যে কোনও অংশ থেকে লোকসভা ও বিধানসভার নির্বাচিত সদস্যগণ (মন্ত্রী বাদে)।

❐ ব্লকের অন্তর্গত যে কোনও অংশে বসবাসকারী রাজ্যসভার সদস্যবৃন্দ (মন্ত্রী বাদে) এবং প্রতিটি ব্লক থেকে নির্বাচিত জেলা পরিষদের সদস্যগণ (সভাপতি ও সহকারী সভাপতি বাদে)।

৭৩তম সংবিধান সংশোধনী আইনের সঙ্গে সাযুজ্য রেখে ১৯৯২ সালে পশ্চিমবঙ্গ পঞ্চায়েত আইন সংশোধন করে বলা হয়েছে যে, প্রতিটি পঞ্চায়েত সমিতিতে নির্বাচকমণ্ডলী কর্তৃক নির্বাচিত মোট সদস্য সংখ্যার একটি অংশ তফসিলি জাতি ও উপজাতি এবং মহিলাদের (১/৩ অংশ) জন্য সংরক্ষিত থাকে। গ্রাম পঞ্চায়েতে যে পদ্ধতিতে আসন সংরক্ষণের ব্যবস্থা রয়েছে, পঞ্চায়েত সমিতির ক্ষেত্রেও অনুরূপ পদ্ধতি মানা হয়। তা ছাড়া, বর্তমানে সভাপতি ও সহকারী সভাপতির পদও তফসিলি জাতি, উপজাতি ও মহিলাদের জন্য সংরক্ষণের ব্যবস্থা করা হয়েছে। পঞ্চায়েত সমিতির প্রথম সভায় সদস্যগণ নিজেদের মধ্য থেকে একজনকে সভাপতি এবং অন্য একজনকে সহকারী সভাপতি নির্বাচিত করেন। সভাপতি ও সহকারী সভাপতিকে পূর্ণ সময়ের জন্য কাজ করতে হয় বলে তাঁদের নিজ নিজ কর্মস্থল থেকে ছুটি নিতে হয়। বর্তমানে পদাধিকারবলে যাঁরা সদস্য হন, তাঁরা ছাড়া পঞ্চায়েত সমিতির অন্যান্য সদস্যদের কার্যকালের সাধারণ মেয়াদ হল ৫ বছর।

### স্থায়ী সমিতিসমূহ

১৯৯২ সালের পঞ্চায়েত সংশোধনী আইন অনুযায়ী পঞ্চায়েত সমিতির কার্যাবলি সুষ্ঠুভাবে ও দ্রুততার সঙ্গে সম্পাদন করার জন্য প্রতিটি পঞ্চায়েত সমিতির কয়েকটি স্থায়ী সমিতি থাকে। এগুলি হল;

❐ অর্থ, সংস্থা, উন্নয়ন ও পরিকল্পনা বিষয়ক স্থায়ী সমিতি।

❐ জনস্বাস্থ্য ও পরিবেশ বিষয়ক স্থায়ী সমিতি।

❐ পূর্ত কার্য ও পরিবহন বিষয়ক স্থায়ী সমিতি।

❐ কৃষি, সেচ ও সমবায় বিষয়ক স্থায়ী সমিতি;

❐ শিক্ষা, সংস্কৃতি, তথ্য ও ক্রীড়া বিষয়ক স্থায়ী সমিতি;

❐ শিশু ও নারী উন্নয়ন, জনকল্যাণ ও ত্রাণ বিষয়ক স্থায়ী সমিতি;

❐ বন ও ভূমিসংস্কার বিষয়ক স্থায়ী সমিতি;

❐ মৎস্য ও প্রাণী-সম্পদ বিকাশ বিষয়ক স্থায়ী সমিতি;

❐ খাদ্য ও সরবরাহ বিষয়ক স্থায়ী সমিতি;

❐ ক্ষুদ্র শিল্প, বিদ্যুৎ ও অচিরাচরিত শক্তি বিষয়ক স্থায়ী সমিতি এবং রাজ্য-সরকার-এর অনুমোদন-সাপেক্ষে পঞ্চায়েত সমিতি কর্তৃক গঠিত অন্য যে-কোনও স্থায়ী সমিতি।

### সমিতির সদস্য সংখ্যা

প্রতিটি স্থায়ী সমিতি যেসব সদস্যকে নিয়ে গঠিত হয়, তাঁরা হলেন—

(i) পঞ্চায়েত সমিতির সভাপতি ও সহকারী সভাপতি (পদাধিকারবলে), (ii) পঞ্চায়েত সমিতির সদস্যদের মধ্য থেকে কমপক্ষে ৩ জন এবং অনধিক ৫ জন নির্বাচিত সদস্য এবং (iii) রাজ্য সরকার বা কোনো বিধিবদ্ধ সংস্থা অথবা নিগমের আধিকারিকগণ কিংবা বিশেষজ্ঞ ব্যক্তিদের মধ্য থেকে যতজনকে নিয়োগ করা প্রয়োজন বলে রাজ্য সরকার মনে করবে, ততজন সদস্য নিযুক্ত হতে পারবেন। শেষোক্ত সদস্যরা স্থায়ী সমিতির কর্মাধ্যক্ষ পদে নির্বাচিত হতে কিংবা ভোটদান করতে পারেন না। স্থায়ী সমিতির নির্বাচিত সদস্যদের কার্যকালের মেয়াদ হল ৫ বছর। স্থায়ী সমিতির সদস্যরা নিজেদের মধ্য থেকে একজনকে সভাপতি হিসেবে নির্বাচন করেন। তাঁকে কর্মাধ্যক্ষ বলে। পঞ্চায়েত সমিতির সভাপতি পদাধিকারবলে অর্থ, সংস্থা, উন্নয়ন ও পরিকল্পনা স্থায়ী সমিতির কর্মাধ্যক্ষপদে অধিষ্ঠিত হন। পঞ্চায়েত সম্প্রসারণ আধিকারিক এই স্থায়ী সমিতির সচিব হিসেবে কাজ করেন। প্রসঙ্গত উল্লেখ করা যেতে পারে যে, গ্রামীণ স্বায়ত্তশাসনব্যবস্থাকে অনিয়ম ও দুর্নীতির হাত থেকে মুক্ত করার উদ্দেশ্যে-২০০৩ সালের জুলাই মাসে পশ্চিমবঙ্গের তৎকালীন বামফ্রন্ট সরকার পঞ্চায়েত আইন সংশোধন করে প্রতিটি স্থায়ী সমিতিতে বিরোধী দলের সদস্যদের আবশ্যিকভাবে অন্তর্ভুক্ত করার ব্যবস্থা করেছে। পঞ্চায়েত সমিতিতে নির্বাচিত সংখ্যাগরিষ্ঠ রাজনৈতিক দলের নেতা বা নেত্রীকে আবশ্যিকভাবে পঞ্চায়েত সমিতির অর্থ, সংস্থা, উন্নয়ন ও পরিকল্পনা বিষয়ক স্থায়ী সমিতিতে অন্তর্ভুক্ত করতে হবে।

### সমন্বয় সমিতি

প্রতিটি পঞ্চায়েত সমিতির একটি করে সমন্বয় সমিতি থাকে। সভাপতি, সহকারী সভাপতি, প্রতিটি স্থায়ী সমিতির কর্মাধ্যক্ষ এবং পঞ্চায়েত সমিতির নির্বাহী আধিকারিককে নিয়ে সমন্বয় সমিতি গঠিত হয়। পঞ্চায়েতের সমিতির সচিব সমন্বয় সমিতিরও সচিব হিসেবে কাজ করেন। পঞ্চায়েত সমিতির কার্যাবলির সঙ্গে বিভিন্ন স্থায়ী সমিতির কার্যাবলির সমন্বয়সাধনের দায়িত্ব সমন্বয় সমিতির হাতে প্রদান করা হয়েছে। তা ছাড়া, পঞ্চায়েত সমিতি কর্তৃক গৃহীত কোনো কর্মসূচি বাস্তবায়নের দায়িত্ব গ্রাম পঞ্চায়েতগুলির উপর অর্পণ করা হলেও সমন্বয় সমিতি সে সম্পর্কে তাদের প্রয়োজনীয় পরামর্শ দিতে পারে।

### ব্লক সংসদ

পঞ্চায়েত ব্যবস্থার গণতান্ত্রিক ভিত্তিকে অধিকতর দৃঢ় করে তোলার উদ্দেশ্যে ২০০৩ সালে প্রণীত পূর্বোক্ত সংশোধনী আইনে প্রতিটি পঞ্চায়েত সমিতি স্তরে একটি করে ব্লক সংসদের গঠন আবশ্যিক করা হয়েছে। এই সংসদ যাঁদের নিয়ে গঠিত হবে, তাঁরা হলেন— (i) পঞ্চায়েত সমিতির সব সদস্য এবং (ii) সংশ্লিষ্ট ব্লকের সব গ্রাম পঞ্চায়েতের সদস্যবৃন্দ। পঞ্চায়েত সমিতিকে তাদের নিম্নবর্তী স্তরের প্রতিনিধিদের নিয়ে গঠিত ব্লক সংসদের কাছে যাবতীয় হিসাব, বাজেট ও অডিট রিপোর্ট পেশ করতে হয়।

### ক্ষমতা ও কার্যাবলি

পঞ্চায়েত সমিতির হাতে যেসব কাজের দায়িত্ব অর্পণ করা হয়েছে, সেগুলির মধ্যে বিশেষ গুরুত্বপূর্ণ হল—

✓কৃষি, পশুপালন, কুটিরশিল্প, সমবায় আন্দোলন, গ্রামীণ ঋণ, জল সরবরাহ, সেচ, ওষুধের দোকান ও হাসপাতাল-সহ জনস্বাস্থ্য, যোগাযোগ, ছাত্রকল্যাণ-সহ প্রাথমিক ও বয়স্কদের শিক্ষা, সামাজিক উন্নয়ন ও অন্যান্য জনহিতকর উদ্দেশ্যে প্রকল্প গ্রহণ করা।

✓রাজ্য-সরকার কর্তৃক আরোপিত যে কোনও প্রকল্প বা সংগঠন পরিচালনা করা।

✓যে কোনও জনহিতকর কার্য পরিচালনা ও নিয়ন্ত্রণ করা অথবা পঞ্চায়েত সমিতির অধীনস্থ যে কোনও প্রতিষ্ঠান বা সংগঠন পরিচালনা করা।

✓ব্লকের অন্তর্গত যে কোনও বিদ্যালয়, জনপ্রতিষ্ঠান বা জনকল্যাণকর সংগঠনকে অনুদান দেওয়া।

✓জেলা পরিষদ বা গ্রাম পঞ্চায়েতকে অর্থ সাহায্য করা।

✓রাজ্য-সরকারের অনুমোদনক্রমে ব্লকের অন্তর্গত যে কোনও পৌরসভা কর্তৃক জল সরবরাহ কিংবা মহামারি, প্রাকৃতিক দুর্যোগ প্রতিরোধে গৃহীত ব্যবস্থাদির ব্যয় নির্বাহের জন্য অর্থ সাহায্য করা।

✓অসহায় বা আর্তদের ত্রাণের ব্যবস্থা করা।

✓ব্লকের অন্তর্গত বিভিন্ন গ্রাম পঞ্চায়েতের উন্নয়নমূলক পরিকল্পনা ও প্রকল্প বাস্তবায়িত করা।

✓ব্লকের অন্তর্গত গ্রাম পঞ্চায়েতের বাজেট পরীক্ষা ও অনুমোদন করা।

### অন্যান্য গুরুত্বপূর্ণ দায়িত্ব

এইসব কাজ ছাড়াও পঞ্চায়েত সমিতিকে অন্যান্য কয়েকটি গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করতে হয়। এগুলি হল—

✓রাজ্য সরকার ব্লকের মধ্যে অবস্থিত যে কোনও রাস্তা, সেতু, খেয়াঘাট, খাল, ঘরবাড়ি কিংবা অন্যান্য সম্পত্তির নিয়ন্ত্রণ ও পরিচালনার দায়িত্ব পঞ্চায়েত সমিতির হাতে অর্পণ করতে পারে।

✓পঞ্চায়েত সমিতির নিয়ন্ত্রণ ও পরিচালনধীনে যে কোনও রাস্তা বা রাস্তার অংশবিশেষ কিংবা অন্য যে কোনও সম্পত্তি জেলা পরিষদ বা গ্রাম পঞ্চায়েতের হাতে শর্তসাপেক্ষে রাজ্য সরকার হস্তান্তর করতে পারে।

✓ব্যক্তিগত মালিকানাধীন কিংবা অন্য যে কোনও কর্তৃপক্ষের অধীন যে কোনও রাস্তা, সেতু, পুকুর খনন নিয়ন্ত্রণ ও পরিচালনা করতে পারে।

✓পঞ্চায়েত সমিতির নিয়ন্ত্রণ ও পরিচালনধীনে যে কোনও রাস্তা সাময়িকভাবে বন্ধ রাখতে এবং রাজ্যসরকারের অনুমোদন সাপেক্ষে এরূপ যে কোনও রাস্তা স্থায়ীভাবে বন্ধ করে দিতে পারে।

✓ব্লকের অধীনস্থ গ্রাম পঞ্চায়েতগুলির সাধারণ তত্ত্বাবধান সংক্রান্ত ক্ষমতা প্রয়োগ করার ক্ষমতা পঞ্চায়েত সমিতির রয়েছে।

✓গ্রাম পঞ্চায়েতের স্থাবর সম্পত্তি পরিদর্শন করা অথবা গ্রাম পঞ্চায়েতের নির্দেশে পরিচালিত কার্যাদির তত্ত্বাবধান করার ক্ষমতা পঞ্চায়েত সমিতির রয়েছে।

✓রাজ্য সরকার কর্তৃক ঘোষিত যে কোনও ক্ষতিকর বা বিপজ্জনক ব্যবসা চালাবার জন্য বিশেষ শর্তে লাইসেন্স মঞ্জুর এবং তা নবীকরণ করার ক্ষমতা পঞ্চায়েত সমিতির রয়েছে।

✓পঞ্চায়েত সমিতি হাট, বাজার প্রভৃতি স্থাপনের জন্য লাইসেন্স প্রদান করতে এবং লাইসেন্সের জন্য আবেদনকারীর কাছ থেকে ফি আদায় করতে পারে।

### আয়ের উৎস

পঞ্চায়েত সমিতির আয়ের প্রধান উৎসগুলি হল—

✓রাজ্য সরকারের দেওয়া ভূমিরাজস্বের অংশ।

✓জেলা পরিষদ বা অন্য কোনো স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সাহায্য ও অনুদান।

✓কেন্দ্রীয় বা রাজ্য-সরকার কর্তৃক মঞ্জুরীকৃত ঋণ অথবা পঞ্চায়েত সমিতির নিজস্ব সম্পত্তি জামিন রেখে সংগৃহীত ঋণ।

✓পথকর, অভিকর (Assessment Tax) ও ফি বাবদ সংগৃহীত অর্থ।

✓পঞ্চায়েত সমিতি কর্তৃক পরিচালিত ও নিয়ন্ত্রিত বিদ্যালয়, হাসপাতাল, ওষুধের দোকান, ঘরবাড়ি, প্রতিষ্ঠান বা কলকারখানা থেকে লব্ধ আয়।

✓দান বা সাহায্য হিসেবে সংগৃহীত অর্থ এবং কোনো অছি-র কাছ থেকে প্রাপ্ত অর্থ।

✓জরিমানা, অর্থদণ্ড প্রভৃতি থেকে লব্ধ আয় ইত্যাদি।

আরও আগামী পর্বে

Skill Bangla

# কারেন্ট অ্যাফেয়ার্স

৪ অগস্ট-৯ অগস্ট

**৪ অগস্ট** ইয়েমেনের পশ্চিম উপকূলের কাছে লোহিত সাগরে হামলা হল ভারতের পতাকাবাহী একটি জাহাজে। 'এমএসভি ফৈজ নুরি ওলিয়া' নামে আক্রান্ত জাহাজটি ডুবে গিয়েছে। তবে ১৩ জন ভারতীয় ও একজন ইয়েমেনের নাগরিক-সহ জাহাজটির ১৪ জন নাবিককেই উদ্ধার করেছে ইয়েমেনের নৌবাহিনী ও উপকূল-রক্ষী বাহিনী। সশস্ত্র গোষ্ঠী হুথি অধ্যুষিত বন্দর-শহর হোদেইদার ১৩ নটিক্যাল মাইল দক্ষিণে ভারতীয় জাহাজটিতে 'কোনও নিক্ষিপ্ত বস্তু' আঘাত করে বলে জানায় সংবাদ সংস্থা।

## দ্রুত হরমুজ খোলার ব্যাপারে উদ্যোগী ট্রাম্প



**৫ অগস্ট:** দ্রুত হরমুজ খোলার ব্যাপারে ইতিবাচক মন্তব্য শোনা গেল মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প এবং মার্কিন রাজস্ব সচিব স্কট বেসেন্টের মুখে। ট্রাম্পের দাবি, এ ব্যাপারে ইরানের সঙ্গে কথা ইতিবাচক পথে এগোচ্ছে। ইরান সহযোগিতা না করলে পরিনাম খারাপ হবে। তবে মার্কিন প্রতিরক্ষা বিভাগের অবশ্য দাবি, ওমান উপকূলবর্তী হরমুজের দক্ষিণ দিক দিয়ে মসৃণভাবেই জাহাজ চলাচল করছে। তারা অন্তত এক হাজার জাহাজ পারাপার করিয়েছে বলে দাবি করেছে। এরই মধ্যে আমেরিকার এক সংবাদ মাধ্যমে দাবি করা হয়েছে ইরানের সঙ্গে গত কয়েক মাসের যুদ্ধে আমেরিকা নিজেদের ক্ষেপণাস্ত্র প্রতিরোধ ব্যবস্থা অনেকটা নিঃশেষ করে ফেলেছে। সে কারণেই হামলা কমানো হয়েছে। যদিও পেন্টাগন এই দাবি অস্বীকার করেছে।

**৫ অগস্ট** আপাতত কোনও রাজনৈতিক দল গড়ার সম্ভাবনা উড়িয়ে দিলেন ককরোচ জনতা পার্টি (সিজেপি)-র প্রতিষ্ঠাতা অভিজিৎ দীপকে। তাঁর বক্তব্য, এদেশের এখন রাজনৈতিক দল নয়, সরকারকে চাপে রাখতে সক্ষম গোষ্ঠী বা 'প্রেসার গ্রুপ' প্রয়োজন। সিজেপি সেই কাজ করবে। নিট কেলেঙ্কারিতে কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধানের ইস্তফার দাবিতে আন্দোলনে নেমে সাফল্য পায় সিজেপি। পরবর্তী কী বিষয় নিয়ে সংগঠন আগামী দিনে আন্দোলনে নামবে তা এখনও স্পষ্ট না করলেও দীপকে রাজনৈতিক দল তৈরির সম্ভাবনা সরাসরি খারিজ করে দিয়েছেন। তাঁর মতে, 'ভারতে সাতশো-আটশো রাজনৈতিক দল রয়েছে। কিন্তু সমস্যা সমাধান হচ্ছে কোথায়! দেশের প্রয়োজন প্রেশার গ্রুপ।'

**টানা চারবার দেশে সুদের হার** অপরিবর্তিত রাখল রিজার্ভ ব্যাঙ্ক। ফলে এদিন ঋণনীতি ঘোষণার পরে রেপো রেট (যে সুদে ব্যাঙ্কগুলিকে ধার দেয় আরবিআই) ৫.২৫ শতাংশেই রইল। সংশ্লিষ্ট মহলের দাবি, এর ফলে কিছুটা স্বস্তি পেলেন ঋণগ্রহীতারা। তবে আগামী দিনে, সুদ বৃদ্ধির আশঙ্কা উড়িয়ে দেয়নি আরবিআই। আরবিআই গভর্নর সঞ্জয় মলহোত্র জানিয়েছেন, অর্থনীতির উপর পশ্চিম এশিয়ার যুদ্ধ পরিস্থিতি, দক্ষিণ-পশ্চিমের বর্ষা এবং এল নিনিয়োর প্রভাব খতিয়ে দেখে সুদের হার বদলের ব্যাপারে পরবর্তী পদক্ষেপ করা হবে।

**৬ অগস্ট** 'তহলকা'র সহ-প্রতিষ্ঠাতা তরুণ তেজপালকে ২০১৩ সালের ধর্ষণ মামলায় দোষী সাব্যস্ত করল বম্বে হাইকোর্ট। তেজপালের ১০ বছরের সশ্রম কারাদণ্ড এবং ১০ লক্ষ ২১ হাজার টাকা জরিমানা হয়েছে। চার সপ্তাহের মধ্যে তাকে গোয়া পুলিশের কাছে আত্মসমর্পণ করতে হবে। রায়ের বিরুদ্ধে সুপ্রিম কোর্টে যাবেন জানিয়ে তেজপাল দাবি করেছেন, তিনি 'রাজনীতির শিকার'।

## আইএসআইয়ে নিখরচায় শিক্ষা ও বৃত্তি আদর্শ নয়, দাবি কেন্দ্রের





**৫ অগস্ট:** কলকাতার আই এস আই-এ পরিসংখ্যান বিজ্ঞানের স্নাতক, স্নাতকোত্তর স্তরে ছাত্র ছাত্রীদের কোনও পড়াশোনার খরচ দিতে না হওয়া, উপরন্তু পড়াশোনার খরচের জন্য আর্থিক বৃত্তি পাওয়াকে 'আদর্শ মডেল' বলে মানতে অস্বীকার করলেন কেন্দ্রীয় সরকারের শীর্ষকর্তারা। কেন্দ্রীয় পরিসংখ্যান মন্ত্রক লোকসভায় আই এস আই পরিচালন ব্যবস্থার খোলনলচে পাল্টাতে নতুন বিল পেশ করেছে। মন্ত্রকসূত্রে খবর, নতুন আইন তৈরি হলে স্নাতক, স্নাতকোত্তর স্তরে পড়াশোনার ফি কত হবে তা, সংস্থার পরিচালন পর্ষদ ঠিক করবে।



"একমাস আগে সাহিলের শরীরে ছররা বিঁধলেও তার এফআইআর দায়ের হয়নি। যদি দিল্লির প্রাণকেন্দ্রে এফআইআর দায়েরে সাত ঘণ্টা বসতে হয়, তাহলে গ্রামের থানায় কী হয় ভাবুন! ... শাহের ভয় দেখে বোঝা যাচ্ছে, তিনি অপরাধ স্বীকার করে নিচ্ছেন। উপর থেকে নীচ পর্যন্ত ছাত্রদের উপরে বর্বরোচিত হামলায় দোষীদের বিরুদ্ধে ব্যবস্থা হবে।"

**রাহুল গান্ধী**, *লোকসভার বিরোধী দলনেতা*

সিজেপি-র 'সংসদ চলো' অভিযানে ছররা বন্দুক বা পেলেট গানে আহত হরিয়ানার ১৯ বছর বয়সি সাহিল লোচাব ও তাঁর মাকে নিয়ে সাত ঘণ্টা ধর্নার পর এফআইআর দায়ের করে

**শুভেন্দু অধিকারীর ব্যক্তিগত-**সহায়ক চন্দ্রনাথ রথ খুনের ঘটনায় বারাসাত আদালতে ১১ জনের বিরুদ্ধে চার্জশিট পেশ করল সিবিআই। সেখানে সাগর সোনকর ও তার ভাই সাহেবকে মূল চক্রান্তকারী হিসেবে উল্লেখ করা হয়েছে। সিবিআইয়ের দাবি এই দুই ব্যক্তি চন্দ্রনাথের অন্যতম দুই সহযোগী হিসেবে পরিচিত ছিল। গত ৬ মে মধ্যমগ্রামে নিজের বাসস্থানে ফেরার সময় গাড়ির মধ্যেই গুলিতে খুন হন চন্দ্রনাথ। ওই ঘটনায় ৬ জন বন্দুকবাজকে গ্রেফতার করা হয়েছে। তদন্তকারীদের দাবি খুনের ঘটনায় আরও তিনজন 'মিডলম্যান' হিসেবে কাজ করেছিল।

**৭ অগস্ট** বাংলাদেশের ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে সাংবাদিক সম্মেলনের অনুমতি দেওয়ার জন্য ভারতের ভূমিকা নিয়ে প্রশ্ন তুললেন বিএনপি শীর্ষনেতৃত্বের একাংশ। সেদেশের স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমেদের বক্তব্য, বিষয়টি দ্বিপাক্ষিক সম্পর্কের সামনে চ্যালেঞ্জ ছুড়ে দিল বলে মনে করছে ঢাকা। অন্যদিকে, গোটা বিষয়টি থেকে নিজেদের সরিয়ে রাখতে চেয়ে বিদেশমন্ত্রকের মুখপাত্র রণধীর জয়সওয়াল তাঁর পুরনো মন্তব্যের পুনরুক্তি করে বলেন, 'আমি ইতিমধ্যেই এ ব্যাপারে সরকারের অবস্থান স্পষ্ট করেছি। যে অনুষ্ঠান হয়েছে, তাতে ভারতের কোনও ভূমিকা নেই।'

**সেন্ট লুইস দাবা প্রতিযোগিতায়** প্রথমবার জয়লাভ করলেন আর প্রজ্ঞানন্দ। এক রাউন্ড বাকি থাকতেই সেরার খেতাব নিশ্চিত করে ফেলেন ২০ বছর বয়সি দাবাড়ু। এদিন উজবেকিস্তানের জাভোগির সিন্দারভের সঙ্গে ড্র করার পরেই তাঁর ট্রফি জয় নিশ্চিত হয়ে যায়। গ্র্যান্ড চেস টুরের (জিসিটি) পয়েন্ট টেবলে দু-নম্বরে উঠে এলেন প্রজ্ঞা। যা তাঁর জিসিটি ফাইনালে যোগ্যতা অর্জন প্রায় নিশ্চিত করে ফেলল।

**৮ অগস্ট** ভারত-সহ-যেসব দেশ রাশিয়া থেকে জ্বালানি কিনছে, তারা পরোক্ষে ইউক্রেনের বিরুদ্ধে রুশ আগ্রাসনকেই সমর্থন করছে বলে অভিযোগ তুলে দেশগুলির উপরে ১০০% পর্যন্ত শুল্ক বসাতে বিল পাশ করল আমেরিকা। সেদেশের সেনেটে পাশ হওয়ার পরে এবার বিল যাবে হাউস অব রিপ্রেজেন্টেটিভসে। সেখানে তা পাশের পরে প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প সই করলেই সেটি আইনে পরিণত হবে। সেক্ষেত্রে ভারত কিছুটা চাপে পড়তে পারে। কারণ, রুশ তেলের দ্বিতীয় বৃহত্তম ক্রেতা তারাই। এই মুহূর্তে রাশিয়া থেকে সবচেয়ে বেশি তেল কেনে চিন। এছাড়া আমদানিকারীদের তালিকায় উপরের সারিতে রয়েছে স্লোভাকিয়া, হাঙ্গেরি, আজার বাইজান, জাপানের মতো দেশ।

## উরুগুয়ের জাতীয় দলের দায়িত্বে ফোরল্যান



**৬ অগস্ট:** ২০১০ সালের বিশ্বকাপে সোনার বল জয়ী দিয়েগো ফোরল্যানকে জাতীয় দলের প্রধান কোচ হিসেবে নিয়োগ করল উরুগুয়ে ফুটবল সংস্থা। সিনিয়র দলের পাশাপাশি অনূর্ধ্ব-২০ জাতীয় দলের কোচের দায়িত্বও পালন করবেন ৪৭ বছরের ফোরল্যান। ফিফা বিশ্বকাপে এবার গ্রুপ পর্ব থেকেই উরুগুয়ে বিদায় নেওয়ার পরেই প্রাক্তন আর্জেন্টিনীয় মার্সেলো বিয়েলসার বিদায় পাকা হয়ে যায়। তাঁর জায়গায় এলেন ফোরল্যান।

**দেশের বিভিন্ন মহল থেকে** সমালোচনার মুখে পড়ে ইউপিআই লেনদেনে মাসুল বসানো নিয়ে বিবৃতি দিল মোদী সরকার। অর্থ মন্ত্রকের পক্ষ থেকে জানানো হয়েছে, সাধারণ মানুষের জন্য এই লেনদেনে কোনও বাড়তি খরচ লাগবে না। তবে কিছু ক্ষেত্রে ব্যতিক্রম থাকবে সেটাও স্পষ্ট করেছে সরকার। মন্ত্রক জানিয়েছে, দীর্ঘমেয়াদে পরিকাঠামো উন্নয়ন এবং সাইবার সুরক্ষার স্বার্থে কিছু লেনদেনে মাসুল বসতে পারে। তবে সেটা খুব সামান্য এবং নির্দিষ্ট অঙ্কের বেশি টাকা হাতবদলের ক্ষেত্রে।

**৯ অগস্ট** গাজা ভূখণ্ডে পাকাপাকি-ভাবে শান্তি ফেরাতে ডোনাল্ড ট্রাম্প প্রশাসনের ১৫ দফার শান্তি পরিকল্পনা খারিজ করলেন বেঞ্জামিন নেতানিয়াহু। তিনি এও জানিয়েছেন, তিনি যতদিন ইজরায়েলের প্রধানমন্ত্রী আছেন, ততদিন গাজা বা পশ্চিম ভূখণ্ডে স্বাধীন প্যালেস্টাইন রাষ্ট্রকে মেনে নেবেন না। নেতানিয়াহুর এই মন্তব্যের পরেই গাজা ভূখণ্ডে স্থায়ী শান্তি ফেরানো নিয়ে সপ্তাহখানেক আগে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প যে আশ্বাস দিয়েছিলেন তা নিয়ে প্রশ্ন উঠতে শুরু করেছে।

**আর জি করের ডাক্তার-ছাত্রীর** শেষকৃত্য নিয়ে অভিযোগের তদন্ত শুরুর নির্দেশ দিলেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। আর জি কর কাণ্ডের দু-বছর বাদে পানিহাটির স্মরণ অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী জানান, বাড়ির লোককে সই না করিয়ে তড়িঘড়ি দাহ করানো হয় চিকিৎসক-পড়ুয়ার দেহ। শুভেন্দু বলেন, 'হাইকোর্ট, সুপ্রিম কোর্টের নির্দেশে আদালতের পর্যবেক্ষণে সিবিআই তদন্ত চলছে বলে আমি মুখ্য সচিব-সহ বিশেষজ্ঞদের সঙ্গে আলোচনা করে ১৯৫২-র স্পেশাল কমিশন আইনের আওতায় ওঁর (নির্যাতিতার মা) চিঠির পরিপ্রেক্ষিতে পুনঃতদন্তের নির্দেশ দিলাম।'

**গত আট মাসে প্রধানমন্ত্রী নরেন্দ্র** মোদীর ছ'টি বিদেশ সফরের খরচ ৭৪ কোটি ৫৮ লক্ষ টাকার কিছু বেশি। রাজ্যসভার এক লিখিত জবাবে এই খরচের হিসাব উঠে এসেছে। তার আগের বছর অর্থাৎ ২০২৫ সালে প্রধানমন্ত্রীর সফরে খরচের হিসাব দেওয়া হয়েছে ১৮৭ কোটি ৮৩ লক্ষ ৪২ হাজার ৩৩৮ টাকা। আম আদমি পার্টি এবং সিপিএমের রাজ্যসভার সাংসদ যথাক্রমে সঞ্জয় সিংহ এবং ভি শিবাদাসনের প্রশ্নের উত্তরে বিদেশ প্রতিমন্ত্রী পবিত্র মার্গারিটা এই লিখিত তথ্য দিয়েছেন। সেইসঙ্গে বিদেশ প্রতিমন্ত্রী বলেছেন, 'দ্বিপাক্ষিক, আঞ্চলিক এবং আন্তর্জাতিক স্তরে সম্পর্কের ঘনিষ্ঠতা বাড়াতে প্রধানমন্ত্রীর সফর প্রতিষ্ঠিত একটি প্রক্রিয়া।'

## দিল্লিতে ভিডিয়ো মাধ্যমে বক্তৃতা হাসিনার, ক্ষুব্ধ ঢাকা



**৫ অগস্ট:** দিল্লির 'ফরেন করেসপন্ডেন্স ক্লাব অব সাউথ এশিয়া আয়োজিত অনুষ্ঠানে ভিডিয়ো মাধ্যমে বক্তৃতা দিলেন শেখ হাসিনা। দেশত্যাগের দু-বছর পূর্তির দিনে বাংলাদেশের প্রাক্তনপ্রধানমন্ত্রী বলেন, 'ওরা আমাকে জেলে ভরতে পারে, মিথ্যে মামলায় ফাঁসাতে পারে। কিন্তু আমি বাংলাদেশে ফিরবই, দেশের মানুষের জন্য ফিরব।' হাসিনার বক্তৃতার পরেই বাংলাদেশের বিদেশমন্ত্রক বিবৃতি দিয়ে বলেছে, 'পলাতক, সাজাপ্রাপ্ত, গণহত্যাকারী শেখ হাসিনাকে নয়াদিল্লিতে সংবাদমাধ্যমের সঙ্গে সরাসরি আলাপচারিতার সুযোগ দেওয়া হয়েছে। যেখানে তিনি ও তাঁর অনুচরেরা বাংলাদেশ রাষ্ট্র ও তার জনতার উদ্দেশে বিষোদ্গার করছেন।'

## ডিজিটাল লেনদেনে মাসুল বসাতে আইন পাশ



**৬ অগস্ট:** কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারামন লোকসভায় কর সংক্রান্ত আইনে সংশোধনী বিল পাশ করালেন। এই বিলের মাধ্যমেই ২০০৭-এর লেনদেন সংক্রান্ত আইনে সংশোধন হয়েছে। ফলে সরকার ইউপিআই, রুপে কার্ডের মতো ডিজিটাল লেনদেনে 'মার্চেন্ট ডিসকাউন্ট রেট' বা 'এমডিআর' বসাতে ব্যাঙ্ক, আর্থিক প্রতিষ্ঠানগুলিকে সায় দিতে পারবে। বিরোধীদের অভিযোগ, সেক্ষেত্রে ডিজিটাল লেনদেন করতে গেলে সাধারণ মানুষের উপর বাড়তি বোঝা চাপবে। নির্মলা অবশ্য বলেছেন, মাসুল কত বসবে, সেটা সিদ্ধান্তই হয়নি। এই মাসুল ব্যবসায়িক সংস্থাগুলিকে দিতে হয়, যে টাকা পেলে ব্যাঙ্কগুলি ডিজিটাল লেনদেনে আরও খরচ করতে পারবে। এই মাসুল জনতার উপর চাপে না। বিরোধীদের অবশ্য পাল্টা যুক্তি, ব্যবসায়িক সংস্থাগুলি ওই বোঝা আমজনতার উপরেই চাপাবে।

জলে-জমিতে কর্মক্ষেত্র

# কৃষিতে জীবাণু সার ব্যবহারের গুরুত্ব



**মাটির পুষ্টি এবং গাছের সার্বিক বাড়বৃদ্ধির জন্য জীবাণু সার খুবই উপকারী। এই সার সম্পূর্ণ পরিবেশবান্ধব। বাতাসের নাইট্রোজেনকে আবদ্ধ করে, ফসফরাস ও ক্যালসিয়ামযুক্ত খাদ্য-উপাদান জুগিয়ে মাটিকে উর্বর করে। এই সার প্রয়োগ করে সফল ভাবে রাসায়নিক সারের চাহিদা কমিয়ে ফেলা যায়। জানাচ্ছেন পশ্চিমবঙ্গ সরকারের অবসরপ্রাপ্ত যুগ্ম কৃষিঅধিকর্তা সৌমেন্দ্রনাথ দাস।**

গাছের জন্য উপকারী এক ধরনের অণুজীব বা মাইক্রোব দিয়ে তৈরি জৈব খাবারকে বলা হয় জীবাণু সার বা বায়ো-ফার্টিলাইজার। এটি বীজশোধন বা শিকড় ভেজানোর সময় অথবা সরাসরি মাটিতে প্রয়োগ করলে মাটির মধ্যে বসবাসকারী জীবিত অণুজীবদের কার্যকারিতা বৃদ্ধি পায় এবং মাটির মধ্যে খাদ্য-উপাদানগুলির গ্রহণযোগ্যতা বৃদ্ধির মাধ্যমে মাটির স্বাস্থ্য বজায় থাকে। এর ফলে ফসলের উৎপাদন বৃদ্ধি পায়।

## নানা ধরনের জীবাণু সার

### রাইজোবিয়াম

রাইজোবিয়াম প্রজাতির পরিবেশবান্ধব জীবাণুরা শিম্বগোত্রীয় ফসলের (ডাল ও বিনস) শিকড়ের সঙ্গে মিথোজীবী সম্পর্ক গড়ে তোলে। শিম্বগোত্রীয় ফসলের শিকড়ের উপরিভাগে ক্ষুদ্রাকার গুটি উৎপন্ন হয় এবং এই গুটির মধ্যে বসবাসকারী জীবাণুরা বাতাসে থাকা নাইট্রোজেনকে আবদ্ধ করতে সক্ষম হয়। গুটিগুলি মাটির সঙ্গে মিশিয়ে দিলেই নাইট্রোজেন জমির মাটির সঙ্গে মিশে যাবে। এর ফলে মাটির উর্বরতা ও স্বাস্থ্য বৃদ্ধি পাবে। এই জীবাণুসার বীজ শোধন কালে বা জৈব সারের সঙ্গে মিশিয়ে অথবা এর জলীয় দ্রবণে শিকড় ডুবিয়েও প্রয়োগ করা যেতে পারে। ডালশস্য চাষে বিঘা প্রতি ২০০ গ্রাম জীবাণু সার লাগবে বীজ শোধনের জন্য। আবার ১ বিঘা জমির ক্ষেত্রে ২ কেজি জীবাণু সার, ৩৫-৫০ কেজি পচানো জৈবসারের সঙ্গে মিশিয়ে মাটিতে প্রয়োগ করতে হবে।

### অ্যাজোটোব্যাকটার

এই প্রজাতির জীবাণুরা মাটিতে বসবাস করে সরাসরি বাতাসের নাইট্রোজেন মৌলকে জমির মাটির মধ্যে আবদ্ধ করতে পারে। এরা উদ্ভিদের সঙ্গে কোনও রকম মিথোজীবী সম্পর্ক গড়ে তোলে না। মূলত অ-শিম্বগোত্রীয় ফসল চাষে এমন জীবাণু সার ব্যবহার করা হয়। এই জীবাণু সার ২.৫ কেজি, প্রতি ৫০ কেজি পচানো জৈবসারের সঙ্গে মিশিয়ে নেওয়ার পর মাটিতে প্রয়োগ করতে হবে। এ ছাড়াও প্রতি ১ কেজি বীজের সঙ্গে তরল জীবাণু সার ১৫-২০ মিলিলিটার মাখিয়ে নেওয়ার পর শুকিয়ে জমিতে বপন করতে হবে।



### মাইকোরাইজা ছত্রাক

এটি ছত্রাকঘটিত জীবাণু সার, যেখানে ছত্রাকটি মাটির মধ্যে থাকা শিকড়ের সঙ্গে মিথোজীবী সম্পর্ক গড়ে তোলে। মাটির মধ্যে মাইক্রোরাইজা ছত্রাকঘটিত জীবাণু সার প্রয়োগ করার ফলে ছত্রাকটি শিকড়ের উপরিভাগে ফসফরাস ও ক্যালসিয়ামযুক্ত খাদ্য-উপাদান সমূহের গ্রহণযোগ্যতা বৃদ্ধি করে এবং উদ্ভিদের পুষ্টি ঘটাতে সাহায্য করে। ভিএএম দানাদার জীবাণু সার বিঘা প্রতি ১.৫ কেজি হিসেবে মাটিতে প্রয়োগ করা যাতে পারে।

### ব্যাসিলাস জীবাণু

উপকারী ব্যাকটেরিয়া ব্যাসিলাস সাবটিলিস ও ব্যাসিলাস মেগাটেরিয়াম প্রজাতিগুলি জীবাণু সার হিসেবে ব্যবহার করা হয়। মাটিতে প্রয়োগের পর এই ধরনের জীবাণু সার মাটির মধ্যে আটকে থাকা ফসফরাস ও পটাশিয়াম জাতীয় খাদ্য-উপাদানগুলিকে মুক্ত করার মাধ্যমে উদ্ভিদের পক্ষে গ্রহণযোগ্য করে তোলে। এমন জীবাণু সারের গুঁড়ো বিঘা প্রতি ১ কেজি হিসেবে মাটিতে অথবা প্রতি কেজি বীজের সঙ্গে ১৫ গ্রাম পরিমাণ মাখিয়ে প্রয়োগ করা যেতে পারে।

### অ্যাজোলা

অ্যাজোলা হল জলে ভাসমান ফার্ন জাতীয় উদ্ভিদ। এই উদ্ভিদের দেহে উপস্থিত থাকে সায়ানোব্যাকটেরিয়া নামে জীবাণু, যা সরাসরি বাতাসে থাকা নাইট্রোজেনকে আবদ্ধ করে ফসলের (মূলত ধান) ব্যবহার-উপযোগী অ্যামোনিয়া মাটিতে জোগান দেয়। এ ছাড়াও মাটির গঠন উন্নত করে। এই জীবাণু সার প্রতি বিঘা জমিতে ৪-৫ কেজি পরিমাণ নাইট্রোজেন আবদ্ধ করতে পারে। মূলত কাদামাটিতে ধান চাষ করার সময় অ্যাজোলা ব্যবহার করা হয়।



## পরিচর্যা

মাটির মধ্যে থাকা উপকারী জীবাণুদের বেঁচে থাকা এবং তাদের কার্যকারিতা বৃদ্ধির জন্য বেশ কিছু ব্যবস্থা গ্রহণ করা দরকার। এগুলি হল–

➤ মাটিতে যথেষ্ট পরিমাণে কম্পোস্ট, গোবর অথবা আবর্জনা সার প্রয়োগ করতে হবে। এর ফলে মাটিতে বসবাসকারী জীবাণুরা খাবার খেয়ে বেঁচে থাকতে পারবে।

➤ উপকারী জীবাণুদের মাটির মধ্যস্থ পরিবেশে বেঁচে থাকার জন্য কম চাষ অথবা চাষ না করলে খুব ভালো। অর্থাৎ মাটির মধ্যে বেঁচে থাকার উপযোগী পরিবেশে বিঘ্ন ঘটানো চলবে না।

➤ মাটির মধ্যে যথেষ্ট পরিমাণে তাপ ও জল ধরে রাখার জন্য মাটির উপরিভাগ ঢেকে রাখতে হবে।

➤ চাষের কাজে প্রয়োজনের অতিরিক্ত রাসায়নিক সার এবং কীটনাশকের প্রয়োগ কমাতে হবে যাতে জীবাণু বেঁচে থাকতে পারে।

## জীবাণু সারের উপকারিতা

- মাটির উর্বরাশক্তি বৃদ্ধি ও স্বাস্থ্য রক্ষায় সাহায্য করে।
- বাতাসের নাইট্রোজেন আবদ্ধ করতে পারে।
- মাটির জলধারণ ক্ষমতা বৃদ্ধি করে।
- পরিবেশবান্ধব।
- গাছের খাদ্য-উপাদানের দ্রবণীয়তা ও গ্রহণযোগ্যতা বৃদ্ধি করে।
- দাম কম হওয়ার জন্য চাষের খরচ কমে।
- মাটির ভৌত ও রাসায়নিক গুণাবলি উন্নত করে।

TRIVENI
INSTITUTE OF DENTAL SCIENCES, HOSPITAL & RESEARCH CENTRE, BILASPUR (C.G.)
invites applications for
READER
CONSERVATIVE DENTISTRY & ENDODONTICS (01)
SENIOR LECTURERS
CONSERVATIVE DENTISTRY & ENDODONTICS AND PROSTHODONTICS.
Qualification:
MDS in the respective specialty as per NDC norms.
Salary negotiable.
Interested candidates may email their CV to
trivenidental@gmail.com
Contact No.: 78696 34030, 93297 29790
VIDYA STHALI, RAIPUR ROAD, NEAR HIGH COURT, BODRI, BILASPUR (C.G.) 495 220

# কী পড়বেন, কোথায় পড়বেন

## পুরুলিয়ার বিশ্ববিদ্যালয়ে স্নাতকোত্তরে ভর্তি

**নিজস্ব প্রতিনিধি:** পুরুলিয়ার সিধো-কানহো-বিরসা বিশ্ববিদ্যালয়ে ২০২৬-২৮ শিক্ষাবর্ষে স্নাতকোত্তর স্তরে ভর্তির প্রক্রিয়া চলছে। জাতীয় শিক্ষানীতি (২০২০) মেনে বিজ্ঞান, কলা এবং বাণিজ্য বিভাগের একাধিক বিষয়ে ভর্তি নেওয়া হবে। ৮০ শতাংশ আসনে বিশ্ববিদ্যালয়ের নিজস্ব পড়ুয়ারা এবং বাকি ২০ শতাংশ আসনে অন্য কলেজ ও বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা ভর্তির সুযোগ পাবেন। সব ক'টি কোর্সই দু' বছরের, চারটি সেমেস্টারে বিভক্ত। আগ্রহীরা আবেদন করতে পারেন এখনই।

**কী-কী বিষয় পড়া যাবে:** বাণিজ্য, অর্থনীতি, পরিবেশ বিজ্ঞান, জৈবপ্রযুক্তি, বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন, কম্পিউটার সায়েন্স, লাইব্রেরি সায়েন্স (ইন্টিগ্রেটেড ব্যাচেলর্স ও মাস্টার্স কোর্স), জার্নালিজম অ্যান্ড মাস কমিউনিকেশন, আইন (এলএলএম কোর্স), গণিত, পারফর্মিং আর্টস (হিন্দুস্থানি সংগীত এবং রবীন্দ্রসংগীত), পদার্থবিদ্যা, মনোবিদ্যা, স্পোর্টস সায়েন্স (মাস্টার্স কোর্স), ইংরেজি, ইতিহাস।

**শিক্ষাগত যোগ্যতা:** ২০২৪ থেকে ২০২৬ সালের মধ্যে ৬০ শতাংশ নম্বর-সহ স্নাতক কোর্স পাশ করে থাকতে হবে।

**আবেদনের শেষ তারিখ:** ৩০ অগস্ট।

অনলাইন আবেদন করা যাবে বিশ্ববিদ্যালয়ের এই ওয়েবসাইটের মাধ্যমে: https://skbu.ac.in বিশদ তথ্যও পাবেন এই ওয়েবসাইটে।

## রসায়নের শিক্ষকদের জন্য কেমিস্ট্রি অলিম্পিয়াড

**নিজস্ব প্রতিনিধি:** কেমিস্ট্রি অলিম্পিয়াড প্রশিক্ষণ কর্মশালা শুরু হবে ১৬ নভেম্বর। আয়োজক হোমি ভাবা সেন্টার ফর সায়েন্স এডুকেশন (এইচবিসিএসই)। এই কর্মশালায় যোগ দিতে পারবেন শুধু রসায়নের শিক্ষকেরা। কর্মশালার উদ্দেশ্য অলিম্পিয়াড কর্মসূচির অভিজ্ঞতা ও শিক্ষাদান পদ্ধতি শিক্ষকদের সঙ্গে ভাগ করে নেওয়া। মুম্বইয়ের এইচবিসিএসই-তে এই কর্মশালা চলবে ১৯ নভেম্বর পর্যন্ত। নির্বাচিত শিক্ষকদের যাতায়াত এবং এইচবিসিএসই-র অতিথিনিবাসে থাকা ও খাওয়া বাবদ খরচ বহন করবে আয়োজক সংস্থাই।

**যোগ্যতা:** রাজ্য বা কেন্দ্রীয় বোর্ডের অধীন স্কুলগুলির দশম থেকে দ্বাদশ শ্রেণিতে রসায়ন পড়ান এমন শিক্ষকরা আবেদনের যোগ্য। যাঁরা আগে কখনও এরকম কর্মশালায় যোগ দেননি তাঁরা অগ্রাধিকার পাবেন।

**কী শেখানো হবে:** রসায়নের তাত্ত্বিক ও পরীক্ষামূলক বিষয়ের পাশাপাশি শিক্ষণ-পদ্ধতি নিয়েও আলোচনা হবে।

**রেজিস্ট্রেশনের শেষ দিন:** ১১ সেপ্টেম্বর।

অনলাইন রেজিস্ট্রেশন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://olympiads.hbcse.tifr.res.in/

নির্বাচিত শিক্ষকদের তালিকা ১৮ সেপ্টেম্বর ওয়েবসাইটে প্রকাশিত হবে। বিস্তারিত তথ্য পাবেন উপরোক্ত ওয়েবসাইটে।

Samata Co-operative Development Bank Ltd.
Advertisement for Recruitment
Invite applications from suitable candidates for the post of IT Assistant & Deputy Manager of Samata Cooperative Development Bank Ltd. Kolkata.
*Details of the Recruitment* - 1) Post –IT Assistant: Age: 21yrs – 35yrs, Qualification –B.Tech / BCA / MCA, Certification in Computer, Experience – 2Years in a Bank/NBFC/IT Company. Salary – 25,000/- (Negotiable)
2) Post–Deputy Manager: Age: 25yrs – 45yrs, Qualification–B.Com / M.com / MBA, Certification in Computer, Experience – 5 Years in a Bank / NBFC. Salary – 40,000/- (Negotiable) The above mentioned posts will be on contractual basis. All application to reach us within 30th August 2026 at e-mail id given below-
career@samata.bank.in

MBBS ADMISSION
GUIDANCE 2026
Donor / Trust Quota Seats
• Kolkata
Central Pool Seats
• Burdwan • Bankura
• North Bengal
Drop-out Seats
• Midnapore • Murshidabad
• Kalyani
and others....
Admission Wallah
9830009011
A Jadavpur University Alumnus Academic Venture

## চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

# পি এস সি মিসলেনিয়াস

### প্রিলিমিনারি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

1. হাইড্রোজেন বেলুন বায়ুতে ভেসে ওপরে উঠতে থাকে কারণ:
(a) উচ্চতা হ্রাসের সঙ্গে সঙ্গে বায়ুর চাপও হ্রাস পায় (b) ভার হ্রাসের সঙ্গে সঙ্গে বায়ুর চাপও হ্রাস পায় (c) হাইড্রোজেন গ্যাস ভর্তি বেলুনের ওজন, এটি দ্বারা অপসারিত বায়ুর ওজনের কম (d) বেলুনের মধ্যে গ্যাসের চাপ, বাইরের বায়ুচাপের তুলনায় বেশি

2. নীচের বিকল্পগুলির মধ্যে কোনটির তাপ ধারকত্ব সর্বাধিক?
(a) লৌহখণ্ড (b) জল (c) সোনার টুকরো (d) বেঞ্জিন

3. যদি কোনও স্থানের উষ্ণতা হঠাৎ বৃদ্ধি পায়, তবে এই স্থানের আপেক্ষিক আর্দ্রতা কী হবে?
(a) বাড়বে (b) অপরিবর্তিত থাকবে (c) কমবে (d) ক্রম পরিবর্তিত হতে হবে

4. ঘড়ির স্প্রিং-এ সঞ্চিত কী শক্তি?
(a) গতিশক্তি (b) স্থিতিশক্তি (c) তাপশক্তি (d) রাসায়নিক শক্তি

5. কয়লা থেকে বাণিজ্যিকভাবে কোন শক্তি উৎপাদন করা হয়?
(a) আলোকশক্তি (b) গতিশক্তি (c) তাপশক্তি (d) স্থিতিশক্তি

6. পার্বত্য অঞ্চলে প্রবল শীতের রাতে জলের পাইপ ফেটে যায়, কারণ:
(a) পাইপ যে উপাদানে তৈরি, সেটিং সংকুচিত হয় ঠান্ডার জন্য (b) পাইপের জল জমে গিয়ে আয়তনে প্রসারিত হওয়ার জন্য (c) তুষারের ফলে পাইপে মরিচা পড়ার জন্য (d) কোনওটিই নয়

7. একটি মোটা জামার তুলনায় শীতকালে দু'টি পাতলা জামা পরলে বেশি গরম থাকা যায় কেন?
(a) দু'টি পাতলা জামা একসঙ্গে বেশি পুরু হয় ফলে তাপের সঞ্চালন রোধ করে (b) দু'টি পাতলা জামার মধ্যবর্তী বায়ুস্তর সুপরিবাহী হিসেবে কাজ করে (c) দু'টি পাতলা জামার মধ্যবর্তী বায়ুস্তর অন্তরকের কাজ করে (d) তাপের বিকিরণ সম্পূর্ণ রোধ করে

8. শব্দ কার মধ্য দিয়ে প্রবাহিত হতে পারে না?
(a) জল (b) স্টিল (c) বায়ু (d) শূন্যস্থান

9. কার্বনের সবচেয়ে কঠিন রূপভেদ কী?
(a) কয়লা (b) হীরা (c) গ্রাফাইট (d) ফুলারিন

10. কোন গ্যাসকে মার্স গ্যাস বলে?
(a) বিউটেন (b) প্রোপেন (c) ইথেন (d) মিথেন

11. লোহার মরিচা পড়া কী ধরনের পরিবর্তন?
(a) ভৌত (b) রাসায়নিক (c) কোনওটিই নয় (d) a এবং b উভয়ই

12. সবচেয়ে হালকা গ্যাস কোনটি?
(a) হিলিয়াম (b) $N_2$ (c) $O_2$ (d) $H_2$

13. নীচের কোন জোড়ায় মানুষের ক্ষুদ্রতম এবং বৃহত্তম অন্তঃস্রাবী গ্রন্থি রয়েছে?
(a) পিটুইটারি-থাইরয়েড (b) থাইরয়েড-পিটুইটারি (c) পিনিয়াল বডি-ওভারি (d) পিনিয়াল বডি-থাইরয়েড

14. ভারতের প্রথম সংবাদপত্রের নাম কী?
(a) পার্থেনন (b) দিগদর্শন (c) বেঙ্গল গেজেট/হিকিস গেজেট/হিকি'স বেঙ্গল গেজেট (d) সমাচার দর্পণ

15. জন-ভূমি অনুপাতের অর্থ হল:
(a) একটি দেশের মোট জনসংখ্যা এবং জমির প্রকৃত ব্যবহারের অনুপাত (b) একটি দেশের মোট জমি এবং মোট জনসংখ্যার অনুপাত (c) একটি দেশের মোট সমতল ভূমি এবং পরিণত জনসংখ্যার অনুপাত (d) মোট কৃষি জমি এবং মোট পুরুষ জনসংখ্যার অনুপাত

16. বাংলায় ফরাজি আন্দোলন কে শুরু করেন?
(a) তিতুমির (b) কুনওয়ার সিং (c) দিগম্বর বিশ্বাস (d) হাজি শরীয়তুল্লাহ

17. ভারতীয় জাতীয় কংগ্রেসের ব্রিটিশ কমিটি 1889 সালে নিম্নলিখিতদের সভাপতিত্বে শুরু হয়েছিল:
(a) দাদাভাই নওরোজি (b) এ ও হিউম (c) ডব্লিউ ডিগবি (d) ডব্লিউ ওয়েডারবার্ন

18. ভারতীয় সংবিধানের অধীনে নীচের কোনটি মৌলিক কর্তব্য নয়?
(a) জাতীয় গুরুত্বপূর্ণ স্মৃতিস্তম্ভ রক্ষা করা (b) বৈজ্ঞানিক মনোভাব বিকাশ করা (c) জাতির ঐক্য ও অখণ্ডতা বজায় রাখা (d) কোনওটিই নয়

19. ভারতে কফি গবেষণা কেন্দ্র কোনটি?
(a) মুন্নার (b) কুর্নুল (c) চিকমাগালোর (d) মাইসুরু

20. ভারতে প্রথম সুতি বস্ত্রকল স্থাপিত হয় কত সালে?
(a) 1820 (b) 1812 (c) 1840 (d) 1818

21. নীচের কে টানা ছয় বছর ধরে ভারতীয় জাতীয় কংগ্রেসের সভাপতি হিসেবে দায়িত্ব পালন করেছিলেন?
(a) জওহরলাল নেহরু (b) দাদাভাই নওরোজি (c) আবুল কালাম আজাদ (d) গোপালকৃষ্ণ গোখলে

22. 'ষোড়শ মহাজনপদ'-এর মধ্যে কোন রাজ্যটি শেষ পর্যন্ত সাম্রাজ্য প্রতিষ্ঠায় সফল হয়েছিল?
(a) কোশল (b) কাশী (c) মগধ (d) পাঞ্চাল

23. 1886 সালে কলকাতায় অনুষ্ঠিত কংগ্রেসের দ্বিতীয় অধিবেশনের ঐতিহাসিক গুরুত্ব কী ছিল?
(a) কংগ্রেস এবং জাতীয় সম্মেলনের মধ্যে একীভূতকরণ হয়েছিল (b) দাদাভাই নওরোজি এর সভাপতিত্ব করেছিলেন (c) মহান পণ্ডিত রাজেন্দ্রলাল মিত্র ছিলেন এর স্থানীয় অভ্যর্থনা কমিটির সভাপতি (d) উপরের সবক'টি

24. ভারতীয় সংবিধানের কোন সংশোধনী দলত্যাগ বিরোধী আইনের সঙ্গে সম্পর্কিত?
(a) 51তম সংশোধন (b) 52তম সংশোধনী (c) 53তম সংশোধনী (d) 54তম সংশোধনী

25. কোন মুঘল সম্রাট প্রথম আলমগীর নামে পরিচিত ছিলেন?
(a) আকবর (b) জাহাঙ্গির (c) ঔরঙ্গজেব (d) দ্বিতীয় বাহাদুর শাহ

26. বাংলা ও উড়িষ্যার গদর পার্টির নেতা ছিলেন কে?
(a) যতীন্দ্রনাথ মুখোপাধ্যায় (b) যতীন্দ্রনাথ দাস (c) বারীন্দ্র নাথ ঘোষ (d) এম এন রায়

27. 'BIMSTEC'-এর সদর দপ্তর কোন শহরে অবস্থিত?
(a) নয়া দিল্লি (b) কলম্ব (c) ঢাকা (d) জাকার্তা

28. ভারতীয় জাতীয় কংগ্রেস প্রতিষ্ঠার আগে ভারতে সবচেয়ে বড় বর্ণগত বিভেদের কারণ কোনটি ছিল?
(a) ইলবার্ট বিল বিতর্ক (b) সিভিল সার্ভিসে প্রবেশের বয়স হ্রাস (c) 1878 সালের অস্ত্র আইন (d) ভার্নাকুলার প্রেস আইন

29. নীচের কোন এনজাইম রক্ত জমাট বাঁধতে সাহায্য করে?
(a) ট্রিপটেজ (b) পেপসিন (c) রেনিন (d) অ্যামিলেজ

30. ভারতীয় সংবিধানে 'রাজনৈতিক ন্যায়বিচার' শব্দটি কোন ধারায় উল্লেখ করা হয়েছে?
(a) শুধুমাত্র ভারতীয় সংবিধানের প্রস্তাবনার অধীনে (b) প্রস্তাবনা এবং নির্দেশমূলক নীতি উভয়ের অধীনে (c) মৌলিক অধিকার এবং নির্দেশমূলক নীতির অধীনে (d) সংবিধানের প্রস্তাবনা এবং মৌলিক অধিকারের অধীনে

31. কোন হরমোন বীজের সুপ্তাবস্থা ভাঙার জন্য দায়ী?
(a) অক্সিন (b) ডরমিন (c) সাইটোকাইনিন (d) জিব্বেরেলিন

32. কোন সম্রাটের শাসনকালে নালন্দা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হয়?
(a) সমুদ্রগুপ্ত (b) দ্বিতীয় চন্দ্রগুপ্ত (c) স্কন্দগুপ্ত (d) কুমারগুপ্ত প্রথম

33. ভারতের কোন প্রতিবেশী দেশ প্রথম নাগরিকত্ব সংশোধনী বিল পাস করেছে?
(a) বাংলাদেশ (b) মায়ানমার (c) নেপাল (d) শ্রীলঙ্কা

34. হলদিয়া শিল্প অঞ্চলের দু'টি প্রধান শিল্প কী কী?
(a) ব্যাটারি উৎপাদন এবং জাহাজ মেরামত (b) পেট্রোলিয়াম শোধনাগার এবং ব্যাটারি উৎপাদন (c) পেট্রোলিয়াম শোধনাগার এবং জাহাজ মেরামত (d) পেট্রোলিয়াম শোধনাগার এবং রাসায়নিক সার উৎপাদন

35. বিশ্বে ডাক পরিষেবায় ভারতের স্থান কত?
(a) তৃতীয় (b) দ্বিতীয় (c) প্রথম (d) চতুর্থ

36. সিন্ধু সভ্যতার শহরের রাস্তাগুলো কেমন ছিল?
(a) চওড়া ও সোজা (b) সরু ও অস্বাস্থ্যকর (c) পিচ্ছিল (d) সরু ও বাঁকা

37. কে প্রথম ইউরোপীয় যিনি বলেছিলেন যে 'আর্যরা এক'?
(a) স্যার উইলিয়াম জনস (b) এইচ এইচ উইলসন (c) ম্যাক্স মুলার (d) জেনারেল ক্যানিংহাম

38. বৌদ্ধধর্মে 'বুল' বুদ্ধের জীবনের কোন ঘটনার সঙ্গে সম্পর্কিত?
(a) জন্ম (b) মহাবিনিষ্ক্রমণ (c) জ্ঞানার্জন (d) মহাপরিনির্বাণ

39. দক্ষিণ ভারতের বিখ্যাত জৈন কেন্দ্রটি অবস্থিত:
(a) রামেশ্বরম (b) কাঞ্চি (c) মাদুরাই (d) শ্রাবণবেলগোলা

40. ভারতের জিওলজিক্যাল সার্ভে কবে প্রতিষ্ঠিত হয়?
(a) 1841 সালে (b) 1851 সালে (c) 1941 সালে (d) 1951 সালে

41. আইসোটোপের রাসায়নিক বৈশিষ্ট্য কী?
(a) একই হতে হবে (b) ভিন্ন হতে হবে (c) একই হতে হবে না (d) ভিন্ন হতে হবে না

42. রেডিও ক্রিয়াকলাপ পরিমাপ করা হয় কার মাধ্যমে?
(a) ক্যালোরিমিটার (b) পোলারিমিটার (c) ব্যারোমিটার (d) গিগার-মুলার কাউন্টার

43. অ্যান্টাসিড হিসেবে ব্যবহৃত বেস হল:
(a) ক্যালসিয়াম হাইড্রক্সাইড (b) বেরিয়াম হাইড্রক্সাইড (c) ম্যাগনেসিয়াম হাইড্রক্সাইড (d) সিলভার হাইড্রক্সাইড

44. নাইট্রিক অ্যাসিড বিক্রিয়া করে না কার সঙ্গে?
(a) সোনা (b) তামা (c) দস্তা (d) লোহা

45. ক্যালসিয়াম হাইপোক্লোরাইটের সাধারণ নাম কী?
(a) জল (b) ব্লিচিং পাউডার (c) বেকিং সোডা (d) বেকিং পাউডার

46. দ্য নেমসেক লিখেছেন কে?
(a) অরুন্ধতী রায় (b) ঝুম্পা লাহিড়ী (c) অমিতাভ ঘোষ (d) সুধা মূর্তি

47. নীচের কোন সংস্থা গ্লোবাল ইনোভেশন ইনডেক্স প্রকাশ করে?
(a) WEF (b) INSEAD, WIPO (c) UNDP (d) WTO

48. অ্যামনেস্টি ইন্টারন্যাশনাল যার সঙ্গে যুক্ত সেটা হল:
(a) মানবাধিকার (b) সাংস্কৃতিক ঐতিহ্য সুরক্ষা (c) বন সংরক্ষণ (d) প্রাণী অধিকার

49. কুম্ভ মেলা অনুষ্ঠিত হয় না কোথায়?
(a) এলাহাবাদ (b) উজ্জয়িনী (c) পুরী (d) হরিদ্বারে

50. একটি স্ট্যান্ডার্ড পিসি কী-বোর্ডে ক'টি ফাংশন কী থাকে?
(a) 10 (b) 9 (c) 12 (d) 15

51. ব্যাঙ্কিং সেক্টরের প্রেক্ষাপটে, IFSC-তে F মানে কী? এরপর নয়ের পাতায়

# পশ্চিমবঙ্গ পুলিশে সাব-ইন্সপেক্টর

### নিয়োগের প্রিলিমিনারি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

পশ্চিমবঙ্গ পুলিশ সাব-ইন্সপেক্টর প্রিলিমিনারি পরীক্ষায় তিনটি বিভাগে প্রশ্ন করা হয়। প্রথম বিভাগে সাধারণ জ্ঞান বিষয়ে ৫০টি প্রশ্ন থাকে, দ্বিতীয় বিভাগে থাকে রিজনিংয়ের ২৫টি প্রশ্ন এবং তৃতীয় বিভাগে পাটিগণিত বিষয়ে ২৫টি প্রশ্ন-সহ মোট ১০০টি প্রশ্ন থাকে। প্রতিটি প্রশ্নের মান ২ নম্বর।

1. নিম্নলিখিতদের মধ্যে কে শিক্ষা মিনিট (Education Minute) তৈরির জন্য বিখ্যাত ছিলেন?
(a) লর্ড এলগিন (b) লর্ড ক্লাইভ (c) লর্ড মেকলে (d) লর্ড হেস্টিংস

2. সম্প্রতি প্রকাশিত '1857–The Sword of Mastaan' গ্রন্থটির রচয়িতা কে?
(a) ঝুম্পা লাহিড়ি (b) কিরণ দেশাই (c) বিনীত বাজপেয়ি (d) অমিতাভ ঘোষ

3. সম্প্রতি কে, ভারতের কন্ট্রোলার জেনারেল অব ডিফেন্স অ্যাকাউন্টস হিসাবে নিযুক্ত হলেন?
(a) অনুরাধা প্রসাদ (b) অসীমা গুপ্তা (c) মীনাক্ষি শর্মা (d) অলকা নানজিয়া অরোরা

4. কবে সারা বিশ্বজুড়ে 'ওয়ার্ল্ড ক্যানসার ডে' পালিত হয়?
(a) 4 ফেব্রুয়ারি (b) 28 জানুয়ারি (c) 13 মার্চ (d) 1 ফেব্রুয়ারি

5. ব্লটিং পেপার কেন কালি শোষণ করে?
(a) সান্দ্রতার জন্য (b) কালিতে দ্রাবক থাকার জন্য (c) কালিতে দ্রাব থাকার জন্য (d) কৈশিক ক্রিয়ার ফলে

6. ধর্মনিরপেক্ষ শব্দটি ভারতীয় সংবিধানের প্রস্তাবনার অন্তর্ভুক্ত করা হয়েছে কোন বছরে?
(a) 1950 (b) 1952 (c) 1976 (d) 1978

7. উকাই প্রকল্প কোন নদীর সঙ্গে যুক্ত?
(a) কাবেরী (b) তাপ্তি (c) দামোদর (d) তিস্তা

8. রক্ত-বিষয়ক পড়াশোনাকে বলে:
(a) নিউরোলজি (b) ইউরোলজি (c) হেমাটোলজি (d) সাইটোলজি

9. সতীদাহ প্রথা নিবারণ আইন কবে পাশ হয়েছিল?
(a) 1819 (b) 1832 (c) 1830 (d) 1825

10. দশম পঞ্চবার্ষিকী পরিকল্পনার সময়কাল ছিল?
(a) 2000-05 (b) 2002-07 (c) 2001-06 (d) 2003-08

11. কীসের অভাবে গাছের ক্লোরোসিস রোগ হয়?
(a) অক্সিজেন (b) জল (c) নাইট্রোজেন (d) কার্বন-ডাই-অক্সাইড

12. বৈশাখী উৎসব কোন রাজ্যে পালিত হয়?
(a) আসাম (b) পাঞ্জাব (c) মধ্যপ্রদেশ (d) গুজরাট

13. সংসদ কর্তৃক কোন বিল অনুমোদিত হওয়ার পর রাষ্ট্রপতি:
(a) বিলটি সংশোধন করতে পারেন (b) পুনর্বিবেচনার জন্য বিলটি ফেরত পাঠাতে পারেন (c) লোকসভার অধ্যক্ষের সঙ্গে পরামর্শ করতে পারেন (d) স্বাক্ষরদানে অসম্মতি জানাতে পারেন

14. বিশ্ব পর্যটন দিবস কোন দিনটিতে পালন করা হয়?
(a) 27 অগস্ট (b) 27 সেপ্টেম্বর (c) 28 জুলাই (d) 28 অক্টোবর

15. নাইট্রোজেন ডাই-অক্সাইড জলে দ্রবীভূত হয়ে উৎপন্ন হয়:
(a) $HNO_2$ (b) $NHO_3$ (c) $HNO_2 + HNO_3$ (d) কোনওটিই নয়

16. দিল্লির বিখ্যাত আলাই দরওয়াজা নির্মাণ করেছিলেন:
(a) কুতুবউদ্দিন (b) ইলতুৎমিস (c) আলাউদ্দিন খিলজি (d) বলবন

17. ভারতের রাষ্ট্রপতি হতে হলে তার সর্বনিম্ন বয়স কত হওয়া প্রয়োজন?
(a) 25 বছর (b) 55 বছর (c) 35 বছর (d) 30 বছর

18. নীচের কোনটি রূপান্তরিত শিলা?
(a) ব্যাসল্ট (b) স্যান্ডস্টোন (c) গ্রানাইট (d) মার্বেল

19. কপি উৎপাদনে ভারতের কোন রাজ্য প্রথম স্থানে রয়েছে?
(a) কেরল (b) পাঞ্জাব (c) ত্রিপুরা (d) কর্নাটক

20. ইন্দো-টিবেটান বর্ডার পুলিশ বা ITBP কবে স্থাপিত হয়েছিল?
(a) 1962 (b) 1963 (c) 1964 (d) 1965

21. এ সিজন অফ ঘোস্টস কার লেখা?
(a) বিক্রম শেঠ (b) রাস্কিন বন্ড (c) ভি এস নইপাল (d) ঝুম্পা লাহিড়ি

22. 1920 সালে ভারতীয় ট্রেড ইউনিয়ন কংগ্রেসের প্রথম সভাপতি কে ছিলেন?
(a) বিপিন চন্দ্র পাল (b) চিত্তরঞ্জন দাস (c) লাল লাজপত রাই (d) ডঃ রাজেন্দ্র প্রসাদ

23. সংবিধানের কোন ধারা থেকে অর্থ কমিশনের গঠন ও ভূমিকা সম্পর্কে জানা যায়?
(a) 278 ধারা (b) 280 ধারা (c) 282 ধারা (d) 281 ধারা

24. বানিহাল গিরিখাতটি কোন পর্বতে অবস্থিত?
(a) কারাকোরাম (b) পিরপঞ্জাল (c) জাসকর (d) হিমাদ্রি

25. প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনা কোন বছর শুরু হয়?
(a) 2000 (b) 2002 (c) 2010 (d) 2005

26. সংবিধানের কেন্দ্রীয় তালিকায় ক'টি বিষয় আছে?
(a) 97 (b) 87 (c) 88 (d) 45

এরপর নয়ের পাতায়

# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

## পি এস সি মিসলেনিয়াস

### প্রিলিমিনারি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*আটের পাতার পর*

(a) কার্যকরী (b) ফোরাম (c) আর্থিক (d) কোনওটিই নয়

52. মধ্যযুগীয় ভারতে, মনসবদারি ব্যবস্থা চালু করা হয়েছিল কেন?

(a) সেনাবাহিনীতে নিয়োগ প্রদান (b) রাজস্ব আদায় সহজতর করা (c) ধর্মীয় সম্প্রীতি নিশ্চিত করা (d) পরিষ্কার প্রশাসন কার্যকর করা

53. মুঘল চিত্রকলা তার শীর্ষে পৌঁছেছিল কার সময়?

(a) হুমায়ুন (b) আকবর (c) জাহাঙ্গির (d) শাহজাহান

54. বাবর কী উপাধি গ্রহণ করেন?

(a) টুকু-হিন্দ (b) কাইজার-ই হিন্দ (c) জিল-ই-ইলাহি (d) দীন-ই-ইদাহি

55. নীচের কোন স্মৃতিস্তম্ভটিতে একটি গম্বুজ রয়েছে যা বিশ্বের বৃহত্তম গম্বুজগুলির মধ্যে একটি বলে জানা যায়?

(a) শেরশাহ, সাসারামের সমাধি (b) জামা মসজিদ (c) গিয়াস-উদ্দিন তুঘলকের সমাধি, দিল্লি (d) গোল গুম্বাজ, বিজাপুর

56. অষ্টপ্রধান ছিলেন কোন মন্ত্রী পরিষদে?

(a) গুপ্ত প্রশাসনে (b) চোল প্রশাসনে (c) বিজয়নগর প্রশাসনে (d) মারাঠা প্রশাসনে

57. ক্রোমোজোমে কী থাকে?

(a) mRNA (b) DNA (c) tRNA (d) T-DNA

58. ভারতের সুপ্রিম কোর্টে রয়েছেন কতজন বিচারক?

(a) 25 জন বিচারক (b) 34 জন বিচারক (c) 31 জন বিচারক (d) 9 জন বিচারক

59. ভারতের রাষ্ট্রপতি কর্তৃক জারি করা অধ্যাদেশটি পাস করার জন্য সংসদকে কত সময়সীমা দেওয়া হয়েছে?

(a) 6 দিন (b) 6 সপ্তাহ (c) 6 মাস (d) 6 মাস 6 সপ্তাহ

60. নীচের কোন সংসদীয় কমিটিতে রাজ্যসভার কোনও সদস্য নেই?

(a) পাবলিক অ্যাকাউন্টস কমিটি (b) Estimate কমিটি (c) পাবলিক এন্টারপ্রাইজ কমিটি (d) বিভাগীয় অর্থের অধীনস্থ স্থায়ী কমিটি

61. কোন অ-সদস্য সংসদের যে-কোনও কক্ষের কার্যে অংশগ্রহণ করতে পারেন?

(a) উপরাষ্ট্রপতি (b) সলিসিটর জেনারেল (c) অ্যাটর্নি জেনারেল (d) প্রধান বিচারপতি

62. সংবিধানের কোন ধারা ভারতীয় 'অস্পৃশ্যতা' বিলুপ্ত করে?

(a) ধারা 12 (b) ধার 15 (c) ধারা 16 (d) ধারা 17

63. ভারতীয় সংবিধানের কোন অনুচ্ছেদে কেন্দ্র-রাজ্য আর্থিক সম্পর্কের বিভিন্ন দিক মোকাবিলা করার জন্য একটি অর্থ কমিশন গঠনের বিধান রাখা হয়েছে?

(a) ধারা 245 (b) ধারা 280 (c) ধারা 356 (d) ধারা 370

64. দামোদর নদীর উৎস হল কী?

(a) পাঞ্চেত পাহাড় (b) জোরান্ডা জলপ্রপাত (c) রাজমহল পাহাড় (d) রারাপ্পা জলপ্রপাত

65. পশ্চিমবঙ্গ-এর অবস্থান কোথায়?

(a) 84-50′ পূর্ব — 89-50′ পূর্ব (b) 85-30′ পূর্ব — 90 পূর্ব (c) 85 পূর্ব — 89-30′ পূর্ব (d) 85 পূর্ব — 90 পূর্ব

66. পশ্চিমবঙ্গের আয়তন কত?

(a) 88752 বর্গকিলোমিটার (b) 88257 বর্গকিলোমিটার (c) 88527 বর্গকিলোমিটার (d) 87752 বর্গকিলোমিটার

67. ভারতীয় রাজ্যগুলির মধ্যে পশ্চিমবঙ্গের সঙ্গে সবচেয়ে দীর্ঘ সীমানা রয়েছে কোন রাজ্যে?

(a) ঝাড়খণ্ড (b) বিহার (c) ওড়িশা (d) আসাম

68. পশ্চিমবঙ্গের 22তম জেলা কোনটি?

(a) আলিপুরদুয়ার (b) পূর্ব বর্ধমান (c) ঝাড়গ্রাম (d) কোনওটিই নয়

69. কোন পর্যায়ে ক্রোমোজোমের রূপবিদ্যা সবচেয়ে ভালোভাবে অধ্যয়ন করা যেতে পারে?

(a) অ্যানাফেজ (b) প্রোফেজ (c) মেটাফেজ (d) টেলোফেজ

70. উদ্ভিদ কোষের মাইটোসিস প্রাণী কোষের থেকে আলাদা, এর মধ্যে কোনটি?

(a) কোষ প্লেট (b) ক্রোমোজোম (c) কেন্দ্রীভূত (d) অ্যাস্টার

71. ক্রোমোজোম কী নিয়ে গঠিত?

(a) RNA এবং ফ্যাট (b) RNA এবং DNA (c) DNA এবং প্রোটিন (d) RNA এবং প্রোটিন দিয়ে গঠিত

72. কে বলেছিলেন, 'কংগ্রেস পতনের দিকে ধাবিত হচ্ছে এবং ভারতে থাকাকালীন আমার সবচেয়ে বড় আকাঙ্ক্ষা হল এর শান্তিপূর্ণ সহায়তা করা'?

(a) জর্জ হ্যামিল্টন (b) লর্ড কার্জন (c) লর্ড ডাফরিন (d) লর্ড মিন্টো

73. ইস্ট ইন্ডিয়া অ্যাসোসিয়েশন কে প্রতিষ্ঠা করেছিলেন?

(a) সি আর দাস (b) দাদাভাই নওরোজি (c) দেবেন্দ্রনাথ ঠাকুর (d) ভিডি সাভারকর

74. বঙ্গভঙ্গ কার্যকর হয়েছিল কত সালে?

(a) 15 অগস্ট, 1905 (b) 15 সেপ্টেম্বর, 1905 (c) 15 অক্টোবর, 1905 (d) 15 নভেম্বর, 1905

75. ইন্ডিয়ান লিগ কে প্রতিষ্ঠা করেন?

(a) শিশির কুমার ঘোষ (b) আনন্দ মোহন বসু (c) এম জি রানাডে (d) দেবেন্দ্রনাথ ঠাকুর

76. একটি ভাগ অঙ্কে ভাগফল এবং ভাগশেষ যথাক্রমে x ও y। যদি ভাজক x + y -এর থেকে 7 বেশি হয়, ভাজ্যটি হবে:

(a) $x^2 + 7xy + y$ (b) $x^2 + 7x + xy + y$ (c) $x^2 + xy + 7x + x$ (d) $x^2 + 7xy + x + y$

77. কোনও পরীক্ষায় 58% ইংরেজিতে এবং 68% অঙ্কে পাশ করে। যদি উভয় বিষয়ে 17% ফেল করে এবং উভয় বিষয়ে 215 জন পাশ করে, তবে মোট পরীক্ষার্থীর সংখ্যা:

(a) 450 (b) 475 (c) 480 (d) 500

78. তিনটি ঘণ্টা একসঙ্গে বাজল এবং তারপর তারা যথাক্রমে $3\frac{1}{3}$ সেকেন্ড, $2\frac{2}{5}$ সেকেন্ড এবং $2\frac{2}{7}$ সেকেন্ড অন্তর বাজতে লাগল। তারা আবার একসঙ্গে কতক্ষণ পর বাজবে?

(a) 48 সেকেন্ড (b) 1 মিনিট 12 সেকেন্ডে (c) 3 মিনিট (d) 4 মিনিট

79. একটি গাড়ি প্রতি t -এর সেকেন্ডে 5 মিটার যায়। কিলোমিটার/ঘণ্টা এককে গাড়িটির বেগ:

(a) $\frac{18}{t}$ (b) $\frac{3}{10t}$ (c) $\frac{36}{t}$ (d) $\frac{3t}{10}$

80. দু'টি নল A ও B একটি ট্যাঙ্ক 24 ঘণ্টায় ও 30 ঘণ্টায় ভর্তি করতে পারে। দু'টি নলই যদি খালি চৌবাচ্চায় খুলে দেওয়া হয় তবে চৌবাচ্চাটি ভর্তি হতে কত সময় লাগবে?

(a) 13 ঘণ্টা (b) 10 ঘণ্টা (c) 13 ঘণ্টা 20 মিনিট (d) 15 ঘণ্টা

81. A ও B নল দু'টি যথাক্রমে একটি খালি চৌবাচ্চাকে 3 ঘণ্টা ও 4 ঘণ্টায় পূর্ণ করতে পারে। কিন্তু C নলটি পূর্ণ চৌবাচ্চাটিকে 2 ঘণ্টায় খালি করে। সকাল 6টায় খালি চৌবাচ্চাটির তিনটি নল একসঙ্গে খুলে দেওয়া হলে চৌবাচ্চাটি পূর্ণ হবে ঠিক:

(a) দুপুর 12টা (b) সন্ধ্যে 6টা (c) দুপুর 2টো (d) সকাল 11টা

82. $104^2 + 105^2 + 106^2$ যোগফলটির একক স্থানের অঙ্কটি হল:

(a) 5 (b) 7 (c) 3 (d) 2

83. জল জমে বরফ হওয়ার ফলে আয়তন বাড়ে 10%। সেক্ষেত্রে বরফ জলে পরিণত হলে আয়তন কমবে:

(a) 10% (b) 9% (c) $9\frac{9}{11}$ % (d) $9\frac{1}{11}$ %

84. একটি কোণ 90°-এর পরিবর্তে 89°33′ আঁকা হলে ত্রুটির পরিমাণ:

(a) 2% (b) 1% (c) $\frac{2}{3}$ % (d) $\frac{1}{2}$ %

85. অর্ধেক জলপূর্ণ একটি বালতির ওজন 8 কিলোগ্রাম। যখন $\frac{1}{5}$ অংশ জলপূর্ণ থাক তখন বালতির ওজন হয় 5 কিলোগ্রাম। জলভর্তি বালতির ওজন হবে:

(a) 13 কিলোগ্রাম (b) 15 কিলোগ্রাম (c) 12.5 কিলোগ্রাম (d) 12 কিলোগ্রাম

86. দু'টি সংখ্যার অনুপাত 2 : 3 এবং তাদের ল.সা.গু 54 হলে, সংখ্যাদু'টির যোগফল হবে:

(a) 45 (b) 48 (c) 63 (d) 36

87. বার্ষিক বেতনের 8000 টাকা কর ছাড় দেওয়া হয় এবং তারপর 1% হারে কর ধার্য করা হয়। একজন চাকুরিজীবী বছরে 160 টাকা কর দিলে তার মাসিক বেতন হবে:

(a) 1500 টাকা (b) 2500 টাকা (c) 3500 টাক (d) 2000 টাকা

88. A এবং B একটি কাজ যথাক্রমে 9 এবং 18 দিনে শেষ করতে পারে। দু'জনে একসঙ্গে কাজটি শুরু করল কিন্তু কাজ শেষ হওয়ার 3 দিন আগে A কাজ ছেড়ে চলে গেলে কাজটি শেষ হতে মোট সময় লাগবে:

(a) 7 দিন (b) 8 দিন (c) 9 দিন (d) 10 দিন

89. একটি ট্রেন একটি ইলেক্ট্রিক পোস্ট এবং 264 মিটার দীর্ঘ একটি সেতুকে যথাক্রমে 8 সেকেন্ডে ও 20 সেকেন্ডে অতিক্রম করে। ট্রেনটির দৈর্ঘ্য:

(a) 176 মিটার (b) 172 মিটার (c) 264 মিটার (d) 180 মিটার

90. একটি ভগ্নাংশকে সেই সংখ্যা দিয়ে গুণ করার পর সংখ্যাটি অন্যোন্যক দিয়ে ভাগ করা হল। ভাগফল $\frac{512}{27}$ হলে আদি ভগ্নাংশটি হল:

(a) $\frac{7}{3}$ (b) $\frac{3}{7}$ (c) $\frac{8}{3}$ (d) $\frac{3}{4}$

91. 5টি কমলালেবুর ক্রয়মূল্যে 4টি লেবু বিক্রি করা হলে, শতকরা লাভের পরিমাণ:

(a) 20% (b) 25% (c) $22\frac{1}{2}$ (d) $17\frac{1}{2}$

92. তিনটি ধনাত্মক পূর্ণ সংখ্যার মধ্যে প্রথম দু'টির অনুপাত 8 : 9 এবং শেষ দু'টির অনুপাত 3 : 4 তৃতীয় সংখ্যাটি 36 হলে প্রথম দু'টির যোগফল হবে:

(a) 102 (b) 51 (c) 48 (d) 53

93. এক বালক প্রতি মাসে, তার আগের মাসের থেকে 50% বেশি টাকা জমায়। যদি পর পর দু'মাসে তার মোট জমার পরিমাণ 80 টাকা হয়, তবে প্রথম মাসে তার জমার পরিমাণ:

(a) 24 টাকা (b) 32 টাকা (c) 34 টাকা (d) 36 টাকা

94. দুধে জল 5 : 1 অনুপাতে মেশানো হল। যদি প্রতি লিটার দুধের দাম 12.00 টাকা হয়, তবে এই মিশ্রিত দুধের প্রতি লিটারের দাম হবে:

(a) 10.00 (b) 10.50 (c) 10.75 (d) 11.00

95. সমহারে 300 টাকার 4 বছরের সরল সুদ 600 টাকার 3 বছরের সরল সুদ একত্রে 150 টাকা হলে সুদের হার হবে:

(a) 4% (b) 5% (c) 0% (d) 8%

96. একটি অযুগ্ম পূর্ণসংখ্যার বর্গ থেকে 1 বিয়োগ করা হল। বিয়োগফলটি সর্বদা সর্বোচ্চ যে পূর্ণসংখ্যা দিয়ে ভাগ করা যাবে তা হল:

(a) 2 (b) 4 (c) 6 (d) 8

*এরপর দশের পাতায়*

## পশ্চিমবঙ্গ পুলিশে সাব-ইন্সপেক্টর

### নিয়োগের প্রিলিমিনারি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*আটের পাতার পর*

27. রোভারস কাপ কোন খেলার সঙ্গে যুক্ত?

(a) ক্রিকেট (b) হকি (c) ফুটবল (d) গল্ফ

28. কানহা জাতীয় উদ্যান কোন রাজ্যে অবস্থিত?

(a) রাজস্থান (b) অন্ধ্রপ্রদেশ (c) গুজরাট (d) মধ্যপ্রদেশ

29. অরুণ জেটলি স্টেডিয়াম অবস্থিত:

(a) দিল্লি (b) হায়দ্রাবাদ (c) চেন্নাই (d) মুম্বাই

30. নিউট্রন কে আবিষ্কার করেন?

(a) রবার্ট হুক (b) লুই পাস্তুর (c) জেমস চ্যাডউইক (d) ডোলুসাক

31. কুচিপুড়ি নৃত্য ভারতের কোন রাজ্যের প্রচলিত নৃত্য?

(a) অন্ধ্রপ্রদেশ (b) তামিলনাড়ু (c) কেরল (d) মেঘালয়

32. কোন সুলতান পুরীর জগন্নাথ মন্দির ও কাংরার জ্বালামুখী মন্দির অপবিত্র করেছিলেন?

(a) বলবন (b) আলাউদ্দিন খিলজি (c) সিকন্দর লোদি (d) ফিরোজ শাহ তুঘলক

33. সম্প্রতি প্রথম কোন ভারতীয় 2026 সালের কমনওয়েলথ গেমসে জুডোতে সোনার মেডেল পেয়েছেন?

(a) সুশীলা লিকমাবাম (b) হেইদি কোয়াচ (c) অস্মিতা দে (d) ইভা উইং

34. নীচের কোন নেতা দাদাভাই নওরোজির 'ড্রেন তত্ত্বে' বিশ্বাসী ছিলেন না?

(a) বি জি তিলক (b) আর সি দত্ত (c) এম জি রানাডে (d) স্যার সৈয়দ

35. 'নীল চাঁদ (Blue Moon) ঘটনাটি ঘটে:

(a) যখন একই মাসে দু'টি পূর্ণিমা হয় (b) বছরের পরপর দু'টি মাসে চারটি পূর্ণিমা হয় (c) একই বছরে যখন তিনটি পূর্ণিমা একই মাসে হয় (d) কোনটিই নয়

36. যখন আমরা ছাগলের মাংস খাই তখন আমরা:

(a) প্রাথমিক খাদক (b) দ্বিতীয় খাদক (c) তৃতীয় খাদক (d) কোনওটিই নয়

37. 'গোল্ডেন থ্রেশহোল্ড' ও 'ব্রোকেন উইঙ্গস'— লিখেছিলেন:

(a) সারোজিনী নাইডু (b) ইন্দিরা প্রিয়দর্শিনী (c) কল্পনা দত্ত (d) লক্ষ্মী সায়গল

38. জেলেপ লা পাস অবস্থিত:

(a) পাঞ্জাব হিমালয় (b) সিকিম হিমালয় (c) কুমায়ুন হিমালয় (d) কাশ্মীর হিমালয়

39. SONAR অধিকাংশ ক্ষেত্রে —— -এর দ্বারা ব্যবহৃত হয়।

(a) ডাক্তার (b) ইঞ্জিনিয়ার (c) মহাকাশচারী (d) নাবিক

40. বিহু উৎসব কোন রাজ্যে হয়?

(a) তামিলনাড়ু (b) আসাম (c) মহারাষ্ট্র (d) পশ্চিমবঙ্গ

41. 'Conquest of Happiness' বইটি কে লিখেছেন?

(a) টমাস হার্ডি (b) অ্যাল্ডস হাক্সলে (c) বারট্রান্ড রাসেল (d) জর্জ বার্নাড শ

42. সর্বভারতীয় ট্রেড ইউনিয়ন কংগ্রেস কোন বছর প্রতিষ্ঠিত হয়েছিল?

(a) 1925 (b) 1922 (c) 1920 (d) 1918

43. ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক কবে জাতীয়করণ হয়?

(a) 1947 (b) 1948 (c) 1949 (d) 1950

44. ভারতীয় সংবিধানের যুগ্ম তালিকার ধারণাটি কোন দেশের সংবিধান থেকে গৃহীত হয়েছে?

(a) মার্কিন যুক্তরাষ্ট্র (b) কানাডা (c) জার্মানি (d) অস্ট্রেলিয়া

45. সম্প্রতি কে, ইন্ডিগোর সিইও হিসাবে নিযুক্ত হলেন?

(a) রাহুল ভাটিয়া (b) পিটার এলবার্স (c) উইলি ওয়ালস (d) ক্যাম্পবেল উইলসন

46. ভার্মিক স্পোস্টিং কার দ্বারা সম্পন্ন হয়?

(a) ছত্রাক (b) জীবাণু (c) ক্রিমি/কেঁচো (d) প্রাণী

47. নীচের কোন উপাদানটি কেবলমাত্র RNA-তে থাকে?

(a) অ্যাডেনিন (b) গুয়ানিন (c) ইউরাসিল (d) সাইটোসিন

48. কেলকার কমিটির প্রতিবেদনের বিষয় হল:

(a) কৃষি ঋণ (b) শেয়ার বাজার (c) ভারতের কর ব্যবস্থা (d) বহির্বাণিজ্য

49. অনুশীলন সমিতির প্রতিষ্ঠাতা কে ছিলেন?

(a) পুলিন বিহারী দাস (b) সতীশচন্দ্র বসু (c) স্বামী সারদানন্দ (d) বারীন্দ্রকুমার ঘোষ

50. 'প্যারাডাইস লস্ট' কে লিখেছেন?

(a) শেক্সপিয়ার (b) মিলটন (c) শেলি (d) ওয়ার্ডসওয়ার্থ

51. নিম্নলিখিত প্রশ্নটিতে চারটি বিকল্পের মধ্যে তিনটি একই প্রকৃতির এবং একই দলের অন্তর্গত। কোনটি বিসদৃশ?

(a) বৃত্ত (b) ত্রিভুজ (c) আয়তক্ষেত্র (d) বর্গক্ষেত্র

52. যদি AMERICA-কে কোনও সাংকেতিক ভাষায় ANGUKDA লেখা হয়, তবে ENGLAND-কে ওই সাংকেতিক ভাষায় কী লেখা হবে?

(a) EIOOCOD (b) EOICOOD (c) EOOICOD (d) EOIOCOD

53. কোনও ঘড়িতে 1 : 30 বাজার সময় ঘড়ির মিনিটের কাঁটাটি উত্তর-পূর্ব দিকে থাকলে, ওই ঘড়িতে 3টে বাজার সময় ঘড়ির ঘণ্টার কাঁটাটি কোন অভিমুখে থাকবে?

(a) দক্ষিণ-পশ্চিম (b) উত্তর-পশ্চিম (c) দক্ষিণ-পূর্ব (d) উত্তর

54. সঠিক সম্পর্কযুক্ত অক্ষরসমষ্টিটি চিহ্নিত করুন:

CUZA : HYCC : : NNJO : ?

*এরপর দশের পাতায়*

# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

## পি এস সি মিসলেনিয়াস

### প্রিলিমিনারি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*নয়ের পাতার পর*

97. 36 কিলোমিটার/ঘণ্টা এবং 45 কিলোমিটার/ঘণ্টা বেগে বিপরীত দিক থেকে আসা দু'টি ট্রেন পরস্পরকে 20 সেকেন্ডে অতিক্রম করে, যদি একটি ট্রেন 200 মিটার লম্বা হয়, তবে অপর ট্রেনটির দৈর্ঘ্য কত?

(a) 240 মিটার (b) 144 মিটার (c) 200 মিটার (d) 250 মিটার

98. একটি গাড়ি 8 ঘণ্টায় যাত্রা সম্পূর্ণ করে। সমগ্র যাত্রাপথের অর্ধেক রাস্তা 40 কিলোমিটার গতিতে এবং বাকি অর্ধেক রাস্তা 60 কিলোমিটার গতিতে গেলে সমগ্র যাত্রাপথের দূরত্ব কত?

(a) 400 কিলোমিটার (b) 420 কিলোমিটার (c) 192 কিলোমিটার (d) 384 কিলোমিটার

99. একটি আয়তকার মাঠের দৈর্ঘ্য বাড়ানো হল এবং প্রস্থ 10% কমানো হল। এর ফলে পরিবর্তন হল:

(a) 1% হ্রাস (b) 21% বৃদ্ধি (c) 2% বৃদ্ধি (d) কোনও পরিবর্তন হয়নি

100. P -এর 30% = Q-এর 40% হলে, Q-এর মান হবে:

(a) P-এর 75% (b) P-এর 80% (c) P-এর 85% (d) P-এর 55%

**উত্তর**

1(c), 2(b), 3(c), 4(b), 5(c), 6(b), 7(c), 8(d), 9(b), 10(d), 11(d), 12(d), 13(d), 14(c), 15(b), 16(d), 17(d), 18(a), 19(c), 20(d), 21(c), 22(c), 23(d), 24(b), 25(c), 26(a), 27(c), 28(a), 29(c), 30(b), 31(d), 32(d), 33(c), 34(d), 35(c), 36(a), 37(c), 38(a), 39(d), 40(b), 41(a), 42(d), 43(c), 44(a), 45(b), 46(b), 47(b), 48(a), 49(c), 50(c), 51(c), 52(d), 53(c), 54(c), 55(d), 56(d), 57(b), 58(b), 59(b), 60(b), 61(c), 62(d), 63(b), 64(c), 65(a), 66(a), 67(a), 68(c), 69(c), 70(a), 71(c), 72(a), 73(b), 74(c), 75(a), 76(b), 77(d), 78(d), 79(a), 80(c), 81(b), 82(b), 83(d), 84(d), 85(a), 86(a), 87(d), 88(b), 89(a), 90(c), 91(b), 92(b), 93(b), 94(a), 95(b), 96(b), 97(d), 98(d), 99(d), 100(a).

**সমাধান**

76(b): ভাজ্য = ভাজক × ভাগফল + ভাগশেষ = $(x + y + 7)\,x + y$
$= x^2 + xy + 7x + y$.

77(d): ইংরেজিতে ফেল করে $(100 - 58) = 42\%$ এবং অঙ্কে ফেল করে $(100 - 68)\% = 32\%$

আবার শুধুমাত্র ইংরেজিতে ফেল করে $(42 - 17 = 25\%$ এবং অঙ্কে ফেল করে $(32 - 17) = 15\%$

উভয় বিষয়ে ফেল করে 17%

$\therefore$ ফেল করা পরীক্ষার্থীর সংখ্যা $(25 + 15 + 17) = 57\%$

$\therefore$ পাশ করেছে $(100 - 57) = 93\%$

অর্থাৎ 43% = 215

$\therefore 100\% = \frac{215}{43} \times 100 = 500$

সুতরাং, মোট পরীক্ষার্থীর সংখ্যা 500 জন।

78(d): $\frac{10}{3}, \frac{12}{5}, \frac{16}{7}$ – এখানে 10, 12, 16-এর ল.সা.গু হবে 240 এবং 3, 5, 7-এর ল.সা.গু হবে 1

সুতরাং, ঘণ্টা তিনটি এক সঙ্গে $\frac{240}{1} = 240$ সেকেন্ড বা $\frac{240}{60} = 4$ মিনিট করে বাজবে।

79(a): গাড়িটি t সেকেন্ডে যায় 5 মিটার

গাড়িটি 1 সেকেন্ডে যায় $\frac{5}{t}$ মিটার

$\therefore$ কিলোমিটার/ঘণ্টা এককে গাড়িটির গতিবেগ হবে $\left(\frac{5}{t} \times \frac{18}{5}\right)$

$= \frac{18}{t}$ কিলোমিটার/ঘণ্টা।

80(c): 1 ঘণ্টায় A পূর্ণ করে $\frac{1}{24}$ অংশ

1 ঘণ্টায় B পূর্ণ করে $\frac{1}{30}$ অংশ

(A + B) 1 ঘণ্টায় পূর্ণ করে $\left(\frac{1}{24} + \frac{1}{30}\right)$ অংশ $= \frac{9}{120} = \frac{3}{40}$ অংশ

$\therefore$ (AB) ট্যাঙ্কটি ভর্তি করতে সময় নেয় $= \frac{40}{3} = 13$ ঘণ্টা 20 মিনিট।

81(b): $\frac{1}{3} + \frac{1}{4} - \frac{1}{2} = \frac{4+3-6}{12} = \frac{1}{12}$

চৌবাচ্চাটি পূরণ করতে 12 ঘণ্টা সময় লাগে

তাই সকাল 6টায় খালি হলে তা পূর্ণ হবে সন্ধে 6টায়।

82(b); $4^2 + 5^2 + 6^2 = 16 + 25 + 36 \Rightarrow 6 + 5 + 6 = 17$

$\therefore$ একক স্থানীয় সংখ্যাটি 7.

83(d): জল জমে বরফ হলে আয়তন 10% বৃদ্ধি পেয়ে হবে 110%

$\therefore$ 10% হ্রাসে পুনরায় জলে পরিণত হলে আয়তন হবে $\left(\frac{10}{110} \times 100\right)$

$= 9\frac{1}{11}\%$.

84(d): একটি কোণ $90^\circ$-এর পরিবর্তে $89^\circ\ 33'$ আঁকা হল ত্রুটির পরিমাণ $\frac{1}{2}\%$.

85(a): $\frac{1}{2}$ অংশ জল + বালতির ওজন = 8 কিলোগ্রাম

$\frac{1}{5}$ অংশ জল + বালতির ওজন = 5 কিলোগ্রাম

$\left(\frac{1}{2} - \frac{1}{5}\right)$ অংশ বা $\frac{3}{10}$ অংশ জলের ওজন 3 কিলোগ্রাম

1 অংশ জলের ওজন $= 3 \times \frac{10}{3}$ কিলোগ্রাম = 10 কিলোগ্রাম

$\therefore \frac{1}{2}$ অংশ জলের ওজন 5 কিলোগ্রাম

সুতরাং, জলপূর্ণ বালতির ওজন = (10 + 3) = 13 কিলোগ্রাম।

86(a): ধরি, সংখ্যা দু'টি 2x ও 3x

$\therefore 2x \times 3x = 54$ বা, $6x^2 = 54$ বা, $x = 9$

$\therefore$ সংখ্যাদু'টির যোগফল $\{(2 \times 9) + (3 \times 9) = 45$.

87(d): ধরি, তার বার্ষিক বেতন x টাকা

$\therefore (x - 8000) \times 1\% = 160$

বা, $(x - 8000) = 16000$ বা, $x = 24000$

$\therefore$ তার মাসিক বেতন $\frac{24000}{12} = 2000$ টাকা।

88(b): A ও B 1 দিনে কাজ করে যথাক্রমে $\frac{1}{9}$ ও $\frac{1}{18}$ অংশ

শেষ 3 দিনে B কাজ করে $\frac{3}{18} = \frac{1}{6}$ অংশ

বাকি কাজ $\left(1 - \frac{1}{6}\right) = \frac{5}{6}$ অংশ যা A ও B একত্রে প্রথমে করেছিল

$\therefore$ A + B 1 দিনে করে $\left(\frac{1}{9} + \frac{1}{8}\right) = \frac{1}{6}$ অংশ

$\therefore$ (A + B) $\frac{5}{6}$ অংশ কাজ করে $\left(\frac{5}{6} \times 6\right) = 5$ দিনে

$\therefore$ কাজটি শেষ হতে মোট সময় লাগবে (5 + 3) = 8 দিন।

89(a): ট্রেনটির নিজের দৈর্ঘ্য + সেতুর দৈর্ঘ্য অতিক্রম করে = 20 সেকেন্ডে

ট্রেনটির নিজের দৈর্ঘ্য অতিক্রম করে = 8 সেকেন্ডে

$\therefore$ সেতুর দৈর্ঘ্য অর্থাৎ 264 মিটার অতিক্রম করে 12 সেকেন্ডে

$\therefore$ ট্রেনটি 8 সেকেন্ডে যায় $\left(\frac{264}{12} \times 8\right) = 176$ মিটার।

90(c): ধরি, ভগ্নাংশটি $\frac{1}{x}$

$\therefore \frac{\frac{1}{x} \times \frac{1}{x}}{x} = \frac{512}{27} \Rightarrow \frac{1}{x^3} = \left(\frac{8}{3}\right)^3 \Rightarrow \frac{1}{x} = \frac{8}{3}$.

91(b): ধরি, প্রতিটি লেবুর ক্রয়মূল্য 1 টাকা

4টি লেবুর ক্রয়মূল্য 4 টাকা

4টি লেবুর বিক্রয়মূল্য = 5টি লেবুর ক্রয়মূল্য অর্থাৎ 5 টাকা

লাভের হার $= \frac{(5-4)}{4} \times 100 = 25\%$.

92(b): প্রথম সংখ্যা দু'টির অনুপাত 8 : 9

শেষ সংখ্যা দু'টির অনুপাত 3 : 4 = 9 : 12

সংখ্যা তিনটির অনুপাত 8 : 9 : 12

ধরি, সংখ্যাগুলি হল যথাক্রমে 8x : 9x, 12x

প্রশ্নানুসারে, 12x = 36, x = 3.

93(b): ধরি, প্রথম মাসে জমায় x টাকা

$\therefore$ দ্বিতীয় মাসে জমাবে $\left(x + \frac{50x}{100}\right) = \frac{3x}{2}$ টাকা

প্রশ্নানুসারে, $x + \frac{3x}{2} = 80$ বা, $\frac{5x}{2} = 80$ বা, $x = 32$

$\therefore$ প্রথম মাসে জমিয়েছিল 32 টাকা।

94(a): (5 + 1) = 6 লিটার মিশ্রিত দুধের মধ্যে শুধু দুধের দাম হবে (5 × 12) = 60 টাকা

কারণ জলের কোনও দাম হয় না

$\therefore$ প্রতি লিটার মিশ্রিত দুধের দাম হবে $\frac{60}{6} = 10$ টাকা।

95(b): ধরি, সুদের হার = r%

$\therefore \frac{300 \times 4 \times r}{100} + \frac{300 \times 3 \times r}{100} = 150$

বা, 12r + 18r = 150 বা, 30r = 150 বা, r = 5%.

96(b): একটি অযুগ্ম পূর্ণ সংখ্যার বর্গ থেকে 1 বিয়োগ করা হলে বিয়োগফলটি সর্বদা সর্বোচ্চ যে পূর্ণ সংখ্যা দিয়ে ভাগ করা যাবে তা হল 4

অযুগ্ম সংখ্যা বলতে বোঝায়, যে সংখ্যা 2 দিয়ে ভাগ করা যায় না।

97(d): ধরি, অপর ট্রেনটির দৈর্ঘ্য = x মিটার

তাদের দৈর্ঘ্যের যোগফল (200 + x) মিটার

আপেক্ষিক গতিবেগ = (36 + 45) কিলোমিটার/ঘণ্টা = 81 কিলোমিটার/ঘণ্টা

$= \left(81 \times \frac{5}{18}\right)$ মিটার/সেকেন্ড $= \frac{45}{2}$ মিটার/সেকেন্ড

$\frac{200 + x}{\frac{45}{2}} = 20 \Rightarrow 400 + 2x = 900 \Rightarrow 2x = 500 \Rightarrow x = 250.$

98(d): সমগ্র যাত্রাপথের দূরত্ব $= \frac{2 \times 40 \times 60}{40 + 60} \times 8$ কিলোমিটার

$= \frac{2 \times 2400}{100} \times 8$ কিলোমিটার = 384 কিলোমিটার।

99(d): ক্ষেত্রফল হ্রাস পেয়েছে $\frac{x^2}{100} = \frac{(10)^2}{100} = 1\%$.

100(a): $P \times \frac{30}{100} = Q \times \frac{40}{100}$

বা, $Q = P \times \frac{30}{100} \times \frac{100}{40} = \frac{3}{4}p$, $\frac{3}{4} \times 100 = 75\%$.

প্রস্তুত করেছেন: সৌম্যদীপ মণ্ডল

## পশ্চিমবঙ্গ পুলিশে সাব-ইন্সপেক্টর

### নিয়োগের প্রিলিমিনারি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*নয়ের পাতার পর*

(a) TURS (b) TRMP (c) SRMQ (d) SSNR

55. প্রদত্ত চারটি বিকল্পের মধ্যে কোন বিকল্পের সংখ্যাসেটটি অন্য তিনটির থেকে আলাদা সেটি নির্ণয় করুন:

(a) 10, 12, 110 (b) 8, 15, 79 (c) 9, 20, 101 (d) 12, 50, 194

56. রমেশকে দেখিয়ে বুবুন বলল, 'ছেলেটি হল আমার কাকার বাবার স্ত্রীর একমাত্র মেয়ের ছেলে।' রমেশ, বুবুনের কে হয়?

(a) ভাই (b) পিসতুতো ভাই (c) বাবা (d) ছেলে

57. পরবর্তী সংখ্যাটি নির্ণয় করুন:

2, 4, 7, 14, 17, 34, ?

(a) 36 (b) 37 (c) 38 (d) 39

58. প্রদত্ত চারটি বিকল্পের মধ্যে কোন বিকল্পের অক্ষরসমষ্টিটি অন্য তিনটির থেকে আলাদা?

(a) BZVTP (b) YWSQM (c) XVRPL (d) ECZXT

59. একটি সারিতে 50 জন ছাত্র পাশাপাশি বসে আছে। রামের স্থান বাঁদিক থেকে 15তম এবং যতিনের স্থান ডানদিক থেকে 12তম। রমেশের স্থান যতিনের বাঁদিক থেকে পঞ্চম। রাম ও রমেশের মধ্যে কতজন আছে?

(a) 16 (b) 17 (c) 18 (d) 19

60. 1 3 4 3 5 2 3 3 4 1 6 5 7 4 6 2 3 2 6 7 2 5 6 7 9 ওপরের শ্রেণিটিতে কতগুলি সংখ্যা আছে, যারা তাদের ঠিক পূর্ববর্তী ও ঠিক পরবর্তী সংখ্যা দু'টির সমষ্টির সমান?

(a) 3 (b) 4 (c) 5 (d) 6

61. উপযুক্ত বর্ণ বসিয়ে শূন্যস্থান পূর্ণ করুন:

xy ___ yyz __ z ___ xy ___ xyz ___.

(a) zxzyx (b) xzzxy (c) zxxzy (d) zxzxy

62. কোনও সংকেত অনুযায়ী 'প্লেন' যদি 'সাইকেল' হয়, 'সাইকেল' যদি 'স্কুটার' হয়, 'স্কুটার যদি 'অটোরিকশা' হয়, 'অটোরিকশা' যদি 'ট্রাক্টর' হয়, 'ট্রাক্টর' যদি 'জাহাজ' হয় এবং 'জাহাজ' যদি 'রকেট' হয়, তবে যা দিয়ে জমি চাষ করা হয় তাকে কী বলে?

(a) জাহাজ (b) ট্রাক্টর (c) প্লেন (d) স্কুটার

63. অভিধান অনুযায়ী সাজালে প্রদত্ত শব্দগুলির সঠিক ক্রম কী হবে নির্ণয় করুন:

1. Preposition, 2. Preparatively 3. Preposterous 4. Preponderate 5. Prepossess

(a) 2, 4, 1, 5, 3 (b) 1, 5, 2, 4, 3 (c) 5, 4, 2, 3, 1 (d) 4, 2, 5, 1, 3

64. বিকল্প চিত্রগুলির মধ্যে কোনটি ছবি, টিভি এবং রেডিও-এর মধ্যে সঠিক সম্পর্ক নির্দেশ করেছে চিহ্নিত করুন।



(a) (b) (c) (d)

65. যদি '+' মানে '×', হয়, '÷' মানে '–' হয়. '×' মানে '+' হয় এবং '–' মানে '÷' হয়, তবে (2 + 27 – 3 + 2 × 3 ÷ 2) রাশিটির মান কত?

(a) 27 (b) 37 (c) 47 (d) 57

66. লুপ্ত সংখ্যাটি নির্ণয় করুন:

| | | |
|---|---|---|
| 9 | 105 | 7 |
| 200 | 25 | 124 |
| 12 | ? | 10 |

(a) 144 (b) 115 (c) 216 (d) 219

**নির্দেশ (67 and 68):** *প্রদত্ত তথ্য পড়ে প্রশ্নগুলির উত্তর দিন। কৈলাশ, গোবিন্দ এবং হরিন্দর হল বুদ্ধিমান। কৈলাশ, রাজেশ এবং জিতেন্দ্র হল কর্মঠ। রাজেশ, হরিন্দর এবং জিতেন্দ্র হল সৎ। কৈলাশ গোবিন্দ এবং জিতেন্দ্র হল উচ্চাকাঙ্ক্ষী।*

67. এদের মধ্যে কে কর্মঠ বা উচ্চাকাঙ্ক্ষী কোনওটিই নয়?

(a) কৈলাশ (b) গোবিন্দ (c) হরিন্দর (d) রাজেশ

68. এদের মধ্যে কে উচ্চাকাঙ্ক্ষী কিন্তু সৎ বা কর্মঠ কোনওটিই নয়?

(a) কৈলাশ (b) গোবিন্দ (c) রাজেশ (d) হরিন্দর

69. সঠিক সম্পর্কযুক্ত অক্ষরসমষ্টিটি চিহ্নিত করুন:

FIG : EGHJFH : : BIN : ?

(a) ACJHMO (b) CAHJMOC (c) CAJHOM (d) ACHJMO

70. প্রদত্ত সংখ্যার সেটটির সঙ্গে একই সম্পর্কযুক্ত সংখ্যার সেটটি বিকল্প থেকে চিহ্নিত করুন:

(25, 35, 50)

(a) (22, 32, 47) (b) (18, 20, 39) (c) (25, 28, 42) (d) (12, 20, 30)

71. কোনও সাংকেতিক ভাষায়, 'students are intelligent' -এর সংকেত 753, 'select intelligent boys'-এর সংকেত 187, 'encourage brilliant students'-এর সংকেত 432 এবং 'brilliant boys are sharp'-এর সংকেত 9521 হলে intelligent boys are brilliant'-এর সংকেত কোনটি হবে?

(a) 4872 (b) 4125 (c) 5719 (d) 2175

72. সঠিক সম্পর্কযুক্ত সংখ্যাটি নির্ণয় করুন:

*এরপর এগারোর পাতায়*

Skill Bangla

# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

## পি এস সি মিসলেনিয়াস

### প্রিলিমিনারি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*গত সংখ্যার পর*

96. যদি $x = 2y = 3z$ হয় তবে $x : y : z$ = কত?
(a) 2 : 3 : 6 (b) 3 : 6 : 2 (c) 6 : 3 : 2 (d) 6 : 2 : 3

97. এক ব্যক্তির মাসিক বেতন 1000 টাকা ও ছুতোর মিস্ত্রী দৈনিক উপার্জন করে 30 টাকা। কিন্তু সে বছরে 65 দিন কাজে বিরত থাকে। তাদের আয়ের অনুপাত কত?
(a) 3 : 4 (b) 4 : 3 (c) 5 : 3 (d) 3 : 5

98. একটি সংখ্যাকে 13 দ্বারা গুণ করলে 180 বৃদ্ধি পায়, সংখ্যাটি কত?
(a) 15 (b) 14 (c) 12 (d) 10

99. কোনও বালকের ওজন কলকাতায় 42 কিলোগ্রাম হলে চাঁদে তার আনুমানিক ওজন কত হবে?
(a) 7 কিলোগ্রাম (b) 9 কিলোগ্রাম (c) 10 কিলোগ্রাম (d) 12 কিলোগ্রাম

100. ডিজেলের মূল্য 40 টাকা বৃদ্ধি পেয়ে 43 টাকা হল। বৃদ্ধির শতকরা হার কত?
(a) 7% (b) 6% (c) 6.5% (d) 7.5%

**উত্তর**

96(c), 97(b), 98(a), 99(a), 100(d).

**সমাধান**

76(a): ধরা যাক, সংখ্যাটি = x, 3 দিয়ে গুণ করলে হয় 3x

2 দিয়ে ভাগ করলে $\frac{3x}{2}$

$\Rightarrow \frac{3x}{2} = 150$ বা, $x = \frac{150 \times 2}{3} = 100$

$\therefore$ সংখ্যাটি = 100.

77(b): $64 \times$ অপর সংখ্যা $= 4 \times 576$

$\Rightarrow$ অপর সংখ্যা $= \frac{4 \times 576}{64} = 36$

$\therefore$ অপর সংখ্যাটি হবে 36.

78(d): ভাজক $= 16 \times 25 = 400$

ভাগশেষ $= 400 \div 5 = 80$

ভাগফল = 16, ভাজ্য $= 400 \times 16 + 80 = 6480$.

79(d): $72 \times \frac{5}{18}$ মিটার/সেকেন্ড = 20 মিটার/সেকেন্ড

ট্রেন সেতুর মোট দৈর্ঘ্য $= 110 + 132 = 242$ মিটার

$\therefore$ সময় লাগবে $= \frac{242}{20} = 12.1$ সেকেন্ড।

80(c):
```
     |15150|123
     |1
  22 | 51
     | 44
 243 | 750
     | 729
       21
```

$\therefore 15150 - 21 = 15129$.

81(c): এক টাকায় বিক্রি লেবুর সংখ্যা $= \frac{100}{100+20} \times 30 = \frac{100}{120} \times 30$
= 25টি

82(b): 5 জন লোক 5 দিনে 5টি মাদুর তৈরি করে

20 জন লোক 20 দিনে $\frac{5 \times 20 \times 20}{5 \times 5} = 80$টি মাদুর তৈরি করবে।

83(b): লাভের হার $= \frac{6-5}{5} \times 100 = \frac{1}{5} \times 100\% = 20\%$.

84(c): তারা একত্রে কাজটি করবে $= \frac{10 \times 15}{10+15} = \frac{150}{25} = 6$ দিনে।

85(a): 5টি সংখ্যার গড় = 15

$\therefore$ 5টি সংখ্যার সমষ্টি $= 5 \times 15 = 75$

প্রথম চারটি সংখ্যার যোগপল $= 10 + 12 + 14 + 15 = 51$

$\therefore$ পঞ্চম সংখ্যাটি $= 75 - 51 = 24$.

86(d): $20 + 20 + \frac{20 \times 20}{100} = 40 + \frac{400}{100} = 44\%$.

87(b): $\frac{10}{110} \times 100 = \frac{100}{11} = 9\frac{1}{11}\%$ কম।

88(c): $\{100 - (40 + 30 - 20)\}\% = \{100 - 50\}\% = 50\%$.

89(b): $\frac{270 \times 105}{90} = 315$ টাকা

$\therefore$ বিক্রয়মূল্য 315 টাকা হবে।

90(a): 125 টাকা বিক্রয়মূল্য হলে ক্রয়মূল্য =100 টাকা

1 টাকা বিক্রয়মূল্য হলে ক্রয়মূল্য $= \frac{100}{125}$ টাকা

$\therefore$ 60 টাকা বিক্রয়মূল্য হলে ক্রয়মূল্য $= \frac{100}{125} \times 60 = 48$ টাকা।

91(b): এক কিলোগ্রাম গমের দাম $= \frac{600}{100} = 6$ টাকা

100 টাকায় লাভ হয় $= \frac{(6.75 - 6.00) \times 100}{6} = \frac{.75 \times 100}{6} = \frac{.75}{6} = 12.5\%$.

92(d): $I = \frac{700 \times 5 \times 5}{100} = 175$ টাকা

$\therefore$ নির্ণেয় সুদ = 175 টাকা।

## পশ্চিমবঙ্গ পুলিশে সাব-ইন্সপেক্টর

### নিয়োগের প্রিলিমিনারি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*দশের পাতার পর*

123 : 149 : : 201 : ?
(a) 401 (b) 228 (c) 405 (d) 203

73. একটি পাড়ায় সানি, রণি, ববি, শানু ও রামুর বাড়ি অবস্থিত। ববির বাড়ি রণির বাড়ির পূর্বদিকে এবং রামুর বাড়ি ববির বাড়ির দক্ষিণ দিকে অবস্থিত। সানির বাড়ি, রণির বাড়ির উত্তর দিকে এবং শানুর বাড়ি, রামুর বাড়ির পশ্চিম দিকে ও সানির বাড়ির দক্ষিণ দিকে অবস্থিত। শানুর বাড়ির সাপেক্ষে ববির বাড়ি কোন দিকে অবস্থিত?
(a) দক্ষিণ-পশ্চিম (b) উত্তর-পূর্ব (c) দক্ষিণ (d) পূর্ব

74. ভুল সংখ্যাটি নির্ণয় করুন:
3, 12, 27, 50, 75, 108
(a) 75 (b) 50 (c) 108 (d) 12

75. রঞ্জনা তার বিভাগে অষ্টম হয়েছে। সুমিত শেষ থেকে দ্বাদশ হয়েছে। রমেনের স্থান রঞ্জনা ও সুমিতের ঠিক মাঝে এবং রঞ্জনার পরে নবম স্থানে। ওই বিভাগে ছাত্রছাত্রীর সংখ্যা কত?
(a) 36 (b) 37 (c) 38 (d) 34

76. A ও B একত্রে একটি কাজ 30 দিনে এবং B ও C একত্রে ওই কাজ 40 দিনে করতে পারে। যদি A একা ওই কাজ 60 দিনে করে তবে C একা ওই কাজটি কত দিনে করবে?
(a) 180 দিনে (b) 150 দিনে (c) 120 দিনে (d) 160 দিনে

77. A, B-এর 2 গুণ কর্মক্ষম। A ও B একত্রে যে কাজ 8 দিনে করে সেই কাজ A একা কত দিনে করবে?
(a) 20 (b) 16 (c) 12 (d) 15

78. A নল, B নলের 4 গুণ ক্ষমতাসম্পন্ন। একটি চৌবাচ্চা A নল 10 মিনিটে জলপূর্ণ করতে পারে। একত্রে ওই দু'টি নল দ্বারা খালি চৌবাচ্চাটি জলপূর্ণ হতে কত সময় লাগবে? (মিনিটে)
(a) 8 (b) 10 (c) 12 (d) 15

79. A ও B নল দু'টি যথাক্রমে 12 ঘণ্টায় ও 10 ঘণ্টায় একটি জলের ট্যাঙ্ক ভর্তি করতে পারে। A নলটি সকাল 6টায় খুলে দেওয়া হল। যদি A ও B নল দু'টিকে 1 ঘণ্টা অন্তর অন্তর খোলা হয় তবে কখন ট্যাঙ্কটি সম্পূর্ণ ভর্তি হবে?
(a) বেলা 12টা (b) বিকেল 4টে (c) বিকেল 5টা (d) দুপুর 5টা

80. $0.0072 \times 0.3 - 0.002 + 5.8 \times 10 = ?$
(a) 58.00016 (b) 57.0018 (c) 58.16 (d) 58.016

**উত্তর**

1(c), 2(c), 3(d), 4(a), 5(d), 6(c), 7(b), 8(c), 9(a), 10(b), 11(c), 12(b), 13(b), 14(b), 15(b), 16(c), 17(c), 18(d), 19(d), 20(a), 21(b), 22(c), 23(b), 24(b), 25(a), 26(a), 27(c), 28(d), 29(a), 30(c), 31(a), 32(d), 33(c), 34(d), 35(a), 36(b), 37(a), 38(b), 39(d), 40(b), 41(c), 42(c), 43(c), 44(d), 45(d), 46(c), 47(c), 48(c), 49(b), 50(b), 51(a), 52(d), 53(b), 54(c), 55(a), 56(b), 57(b), 58(d), 59(c), 60(b), 61(d), 62(a), 63(a), 64(b), 65(b), 66(d), 67(c), 68(b), 69(d), 70(a), 71(d), 72(a), 73(b), 74(b), 75(b), 76(c), 77(c), 78(a), 79(c), 80(a).

এরপর আগামী সংখ্যায়

---

93(b): $I = \frac{prt}{100}$ বা, $r = \frac{I \times 100}{pt} = \frac{600 \times 100}{3000 \times 5} = 4$

$\therefore$ বার্ষিক সুদের হার 4%.

94(c): প্রশ্নানুযায়ী, $\frac{6000 \times 10 \times 5}{100} = \frac{5000 \times r \times 3}{100}$

বা, $6000 \times 10 \times 5 = 5000 \times r \times 3$

বা, $r = \frac{6000 \times 10 \times 5}{100} = 20\% \therefore r = 20\%$.

95(b): ক, খ ও গ-এর টাকার মূলধনের অনুপাত = 5000 : 4000 : 60000 = 5 : 4 : 6

মূলধনের অনুপাতের সমষ্টি $= 5 + 4 + 6 = 15$

$\therefore$ গ-এর লভ্যাংশ $= 3750 \times \frac{6}{15}$ টাকা = 1500 টাকা।

96(c): 1, 2, 3-এর ল.সা.গু = 6

$\therefore x = 2y = 3z$ বা, $\frac{x}{6} = \frac{2y}{6} = \frac{3z}{6}$ বা, $\frac{x}{6} = \frac{y}{3} = \frac{z}{2}$

$x : y : z = 6 : 3 : 2$.

97(b): ব্যক্তিটির বাৎসরিক বেতন $= 1000 \times 12 = 12000$ টাকা

ছুতোর মিস্ত্রী বছরে মোট কাজ করে $= (365 - 65) = 300$ দিন

ছুতোর মিস্ত্রী মোট আয় করে $= 300 \times 30 = 9000$ টাকা

তাদের আয়ের অনুপাত = 12000 : 9000 = 4 : 3.

98(a); $13x = x + 180$ বা, $13x - x = 180$

বা, $12x = 180$ বা, $x = 15$.

99(a): চাঁদে 6 গুণ ওজন কমে, তাই ওজন হবে $= \frac{42}{6} = 7$ কিলোগ্রাম

100(d): 'বৃদ্ধির শতকরা হার' $= \left(\frac{3}{40} \times 100\right)\% = \frac{30}{4}\% = \frac{15}{2}\%$
$= 7.5\%$.

প্রস্তুত করেছেন: সাগর রায়

## ভারতীয় রেলে অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট

### নিয়োগের সি বি টি-২ পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*৫ অগস্ট ২০২৬ সংখ্যার পর*

42. Static electricity is produced by:
(a) Chemical reaction (b) Friction (c) Induction (d) Both friction and induction

43. Find the potential difference (in V) across a resistance of 2.5 kΩ through which a 2 mA current flows.
(a) 0.8 V (b) 1.25 V (c) 0.2 V (d) 5 V

44. The resistance of a metal rod depends on all of the following, EXCEPT:
(a) Density (b) Resistivity (c) Temperature (d) Length

45. Two resistors of RΩ and 60Ω are connected in parallel to get an effective resistance of 24Ω. Find R:
(a) 48 Ω (b) 40 Ω (c) 56 Ω (d) 64 Ω

46. Which of the following is the correct relation between resistance R, conductivity σ, length L, and cross-sectional area A of a metal wire?
(a) $RL = A\sigma$ (b) $RA = L\sigma$ (c) $R\sigma A = L$ (d) $\sigma = RL/A$

47. If 36 J of work is done in moving a charge Q across 8 V, find Q (in coulombs):
(a) 16 C (b) 288 C (c) 9 C (d) 4.5 C

48. Moore's Law states that the number of transistors on a chip doubles every ______ months.
(a) 12 months (b) 24 months (c) 18 months (d) 30 months

49. The length and the cross-sectional area of a conductor in the shape of a cylinder are l and A respectively. The resistivity of the material of the conductor is P. Its resistance depends upon:
(p) l only
(q) l and A
(r) p, l and A
(s) p and l, but not A
Pick up the correct option from those given above.
(a) (p) (b) (r) (c) (s) (d) (q)

50. An electric bulb is connected to a 200 V generator. The current is 0.5 A. The power of the bulb is:
(a) 10 W (b) 1000 W (c) 1 W (d) 100 W

51. A current through a horizontal power line flows in the east to west direction. The direction of the magnetic field at a point directly below it is:
(a) South to North (b) North to South (c) West to East (d) East to West

52. Two resistors 1Ω and 2Ω are connected in series. The effective resistance is:
(a) $\frac{2}{3}\Omega$ (b) 3Ω (c) 1Ω (d) 2Ω

53. The resistance of a metallic wire of length 1m and cross-sectional area $1m^2$ having a resistivity of $2 \times 10^{-6}$ Ω·m is:
(a) $2 \times 10^{-6}$ Ω (b) $0.5 \times 10^{-6}$ Ω (c) $1 \times 10^{-6}$ Ω (d) $0.25 \times 10^{-6}$ Ω

54. An electric iron of resistance 20 Ω takes a current of 5 A. The heat produced in 30 s is:
(a) $1.5 \times 10^4$ J (b) $2.5 \times 10^2$ J (c) $1.5 \times 10^5$ J (d) $1.5 \times 10^2$ J

55. Consider a circular loop of wire lying on the plane of a table. Let an electric current passess through the loop clockwise. The direction of the magnetic field inside the loop is:
(a) Perpendicular to the plane of the table pointing into it (b) Along the tangent to the loop in the direction of current (c) Perpendicular to the plane of the table emerging out of it (d) Along the tangent to the loop opposite to the direction of current

**Computer science**

56. A/An ____ is a special high-speed storage mechanism.
(a) Board (b) Cache (c) Host (d) Interface

57. The physical place where a computer stores information is called:
(a) Modem (b) Wi-Fi (c) Hard Disk (d) POP

58. _______ is an improvement over Wired Equivalent Privacy (WEP) used in Wi-Fi networks.
(a) Sotware as a Service (SaaS) (b) Post Office Protocol (POP) (c) Secure Sockets Layer (SSL) (d) Wi-Fi Protected Access (WPA)

59. A piece of programming code inserted into another program to cause damage is called:
(a) Viral (b) Virus (c) Malware (d) Spam

60. system unit is:
(a) coordinates input and output devices (b) It is a container in which electronic components are kept (c) It is a combination of hardware and sotware (d) It performs arithmetic operation

**Answers**

42(d), 43(d), 44(a), 45(b), 46(c), 47(d), 48(b), 49(b), 50(d), 51(b), 52(b), 53(a), 54(a), 55(a), 56(b), 57(c), 58(d), 59(b), 60(b).

*প্রস্তুত করেছেন: গোবিন্দ সাহা*

### হিন্দুস্তান উর্বরক অ্যান্ড রসায়নে

# জুনিয়র ইঞ্জিনিয়ার

বিভিন্ন বিভাগে ৪০ জন জুনিয়র ইঞ্জিনিয়ার অ্যাসিস্ট্যান্ট-গ্রেড টু নেবে হিন্দুস্তান উর্বরক অ্যান্ড রসায়ন। এটি ইন্ডিয়ান অয়েল কর্পোরেশন (আইওসিএল), ন্যাশনাল থার্মাল পাওয়ার কর্পোরেশন (এনটিপিসি), কোল ইন্ডিয়া, ফার্টিলাইজার কর্পোরেশন অব ইন্ডিয়া এবং হিন্দুস্তান ফার্টিলাইজার কর্পোরেশনের যৌথ উদ্যোগে গঠিত একটি সংস্থা। প্রথমে ১ বছরের প্রবেশন। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: E/04/2026.

**শাখা অনুসারে শূন্যপদের বিবরণ: অফসাইট অ্যান্ড ইউটিলিটি প্ল্যান্ট:** ৬টি। **শিক্ষাগত যোগ্যতা:** কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং বা কেমিক্যাল টেকনোলজি বা মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ৩ বছরের ডিপ্লোমা। অথবা ফিজিক্স, কেমিস্ট্রি ও ম্যাথমেটিক্স-সহ ৩ বছরের বি এসসি। সব ক্ষেত্রেই মোট অন্তত ৫০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে।

**অ্যামোনিয়া:** ৭টি। **শিক্ষাগত যোগ্যতা:** কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং বা কেমিক্যাল টেকনোলজিতে ৩ বছরের ডিপ্লোমা। অথবা ফিজিক্স, কেমিস্ট্রি ও ম্যাথমেটিক্স-সহ ৩ বছরের বি এসসি। সব ক্ষেত্রেই মোট অন্তত ৫০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে।

**ইউরিয়া প্ল্যান্ট হ্যান্ডলিং অপারেশনস:** ৮টি। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ মেকানিক্যাল বা কেমিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ৩ বছরের ডিপ্লোমা।

**ইনস্ট্রুমেন্টেশন:** ১২টি। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ নিম্নলিখিত যে-কোনও ইঞ্জিনিয়ারিং শাখায় ৩ বছরের ডিপ্লোমা। শাখাগুলি হল— ইনস্ট্রুমেন্টেশন, ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন, ইলেক্ট্রনিক্স ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল, ইন্ডাস্ট্রিয়াল ইনস্ট্রুমেন্টেশন, প্রোসেস কন্ট্রোল ইনস্ট্রুমেন্টেশন, অ্যাপ্লায়েড ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কন্ট্রোল।

**কোয়ালিটি অ্যাশিওরেন্স অ্যান্ড ইনস্পেকশন (মেকানিক্যাল):** ৭টি। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ৩ বছরের ডিপ্লোমা।

সব ক্ষেত্রেই প্রার্থীর ৫ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। **বয়স:** ৩০-৬-২০২৬ তারিখে ৩০ বছরের মধ্যে হতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন। **বেতনক্রম:** ২৫,০০০-৮৬,৪০০ টাকা। অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.hurl.net.in প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ২৬ অগস্ট পর্যন্ত। অনলাইন দরখাস্তের সময় প্রার্থীর পাসপোর্ট মাপের রঙিন ফটো, সই-সহ যাবতীয় প্রয়োজনীয় নথিপত্র স্ক্যান করে আপলোড করতে হবে। খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# সঞ্জয় গান্ধী পোস্ট গ্র্যাজুয়েট ইনস্টিটিউটে অধ্যাপক

## ৩১ অগস্টের মধ্যে দরখাস্ত পৌঁছতে হবে

বিভিন্ন বিভাগে ৭০ জন অ্যাসিস্ট্যান্ট প্রফেসর, অ্যাসোসিয়েট প্রফেসর ও প্রফেসর নেবে সঞ্জয় গান্ধী পোস্ট গ্র্যাজুয়েট ইনস্টিটিউট অব মেডিক্যাল সায়েন্সেস। এটি উত্তরপ্রদেশ সরকারের অধীনস্থ একটি প্রতিষ্ঠান। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: I/34/ER/ACAD/ 2026-2027.

**বিভাগ অনুসারে শূন্যপদের বিন্যাস: অ্যাসিস্ট্যান্ট প্রফেসর:** ৪৪টি। **অ্যাসোসিয়েট প্রফেসর:** ১৬টি। **প্রফেসর:** ১০টি।

**নিয়োগ করা হবে এই সমস্ত বিভাগে (বন্ধনীতে শূন্যপদ):** জেনারেল পেডিয়াট্রিক্স: ১১টি। পেডিয়াট্রিক পালমোনোলজি: ৫টি। পেডিয়াট্রিক নিউরোলজি: ৫টি। পেডিয়াট্রিক অঙ্কোলজি: ৫টি। পেডিয়াট্রিক কার্ডিওলজি: ৫টি। পেডিয়াট্রিক গ্যাসট্রোয়েন্টেরোলজি: ২টি। পেডিয়াট্রিক সার্জিক্যাল সুপারস্পেশ্যালিটিজ: ২টি। পেডিয়াট্রিক অ্যান্ড নিওন্যাটোলজি অ্যানিস্থিশিয়া: ১০টি। পেডিয়াট্রিক ক্রিটিক্যাল কেয়ার: ৫টি। পেডিয়াট্রিক ইমার্জেন্সি: ৫টি। পেডিয়াট্রিক রেডিয়োডায়াগনসিস: ১৫টি।

**বয়স:** ৩১-৮-২০২৬ তারিখে ৫০ বছরের মধ্যে হতে হবে। পশ্চিমবঙ্গের প্রার্থীরা বয়সে কোনও ছাড় পাবেন না।

**বেতনক্রম:** অ্যাসিস্ট্যান্ট প্রফেসর পদের ক্ষেত্রে ১,০১,৫০০-১,৬৭,৪০০ টাকা, অ্যাসোসিয়েট প্রফেসর পদের ক্ষেত্রে ১,৩৮,৩০০-২,০৯,২০০ টাকা এবং প্রফেসর পদের ক্ষেত্রে ১,৬৮,৯০০-২,২০,৪০০ টাকা।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.sgpgims.org.in

ফি বাবদ দিতে হবে ২০০০ টাকার ডিমান্ড ড্রাফট। এটি 'Director, SGPGIMS, Lucknow Academic Account, payable at (SBI-Code No. 7789) SGPGIMS, Lucknow'-এর অনুকূলে প্রদেয় হতে হবে।

দরখাস্ত ভরা খামের উপর লিখবেন: 'Application for faculty position' এবং বিজ্ঞপ্তি নম্বর।

৩১ অগস্টের মধ্যে দরখাস্ত পৌঁছতে হবে এই ঠিকানায়: Executive Registrar, Sanjay Gandhi Postgraduate Institute of Medical Sciences, Raebareli Road, Lucknow 226014, India.

শিক্ষাগত যোগ্যতা-সহ অন্যান্য বিষয়ে জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।







স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর পক্ষে অমরেন্দ্র চক্রবর্তী কর্তৃক ২৯/১এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯ থেকে প্রকাশিত ও এবিপি প্রাঃ লিঃ, মৌজা: বড়বেড়িয়া, পোঃ জগন্নাথপুর, থানা: বারাসাত, জেলা: ২৪ পরগনা (উঃ) থেকে মুদ্রিত। প্রধান সম্পাদক: অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদক: মহাশ্বেতা সমাজদার ফোন: ২২৮৩-২৩২০, ২২৯০-০০০৮ ফ্যাক্স: ২২৮৭-৬৪৪৮
E-mail: swarnakshar.prakasani@gmail.com Website: www.swarnakshar.in